বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতায় ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	১২	১২	০	০	৭	১১	• -১৪০% • ২৮৩.৩৩%	৭	• -৭১.৬১% • ৯০.৪৮%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ১২ (বারো)

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

গ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

ঘ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

ঙ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ রক্ষণাবেক্ষণ	প্রকল্পের মাধ্যমে নির্মিত স্থাপনা, পাইপলাইন ও যন্ত্রপাতিসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
৩.২ Feasibility Study'র সুপারিশ অনুসরণ না করা	ভবিষ্যতে প্রকল্পের কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্নের জন্য যথাযথ সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) পরিচালনা করা এবং সুপারিশের আলোকে ব্যবস্থা করতে হবে;
৩.৩ কূপের ওয়ার্কওভার কাজে বিঘ্ন না ঘটা	ভবিষ্যতে Blowout preventer control systems (BOP) সরবরাহে দেরী হওয়ায় যাতে কোন কূপের ওয়ার্কওভার কাজে বিঘ্ন না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট থাকতে হবে এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩.৪ ডিপিপি/ টিপিপিতে স্টিয়ারিং কমিটির (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না রাখা	প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;
৩.৫ দেশীয় প্রতিষ্ঠানের সক্ষমতাকে ব্যবহার করা	বাংলাদেশের অভ্যন্তরে দেশীয় প্রতিষ্ঠানের সক্ষমতা উন্নীতকরণসহ সরকারী অর্থ সাশ্রয়করণের নিমিত্তে সকল গ্যাসক্ষেত্রের আওতায় ওয়ার্কওভার সংক্রান্ত কাজে যাতে বাপেক্স এর নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত রিগটি ব্যবহার করা হয় সে বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থা তার অধীনস্থ সকল প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
৩.৬ সমজাতীয় প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতাকে কাজে না লাগানো	ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে যাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করা যায় সেজন্য এ প্রকল্পের অভিজ্ঞতাসমূহ অনুসরণ করতে হবে
৩.৭ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.৮ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ	নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকল্পের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩.৯ প্রাপ্ত তথ্যাদির কারিগরী প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন আন্তর্জাতিক মানের Software ব্যবহারপূর্বক বিশ্লেষণ	যে কোন দেশের ভূগর্ভস্থ খনিজ সম্পদ বিশেষত তেল ও গ্যাস অনুসন্ধান একটি ধারাবাহিক প্রক্রিয়া। তেল ও গ্যাস অনুসন্ধান কার্যক্রম অধিকতর দক্ষতা, নিপুণতার এবং অর্থনৈতিকভাবে লাভজনকভাবে সম্পাদনের জন্যই বিভিন্ন প্রকার সার্ভে করা হয়ে থাকে। সার্ভের মাধ্যমে প্রাপ্ত ডাটা দক্ষতা ও বুদ্ধিমত্তার সাথে এনালাইসিস করাও খুব গুরূত্বপূর্ণ। সাইসমিক ডাটা সংগ্রহ প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদির কারিগরী প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন আন্তর্জাতিক মানের Software ব্যবহারপূর্বক বিশ্লেষণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে এ বিষয়ে অভিজ্ঞ পরামর্শক নিয়োগের মাধ্যমে তথ্য বিশ্লেষণ করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

Feasibility Study for extension of existing underground mining operation of Barapukuria Coal Mine towards the southern and the northern side of the basin without interruption of the present production (2nd Revised)" শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃসেপ্টেম্বর ২০১৮)

১. প্রকল্পের নাম : Feasibility Study for extension of existing underground mining operation of Barapukuria Coal Mine towards the southern and the northern side of the basin without interruption of the present production (2nd Revised)"

২. পরিদর্শনকারী র্কমর্কতার নাম : সালেহীন তানভীর গাজী, পদবী: পরিচালক (উপ-সচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ (শিল্প ও শক্তি)

৩. প্রকল্প পরিদর্শনের তারিখ : ৩ সেপ্টেম্বর ২০২০

৪। প্রকল্পের অবস্থান:

বিভাগ	জেলা	উপজেলা
০১	০১	০১
রংপুর	দিনাজপুর	পার্বতীপুর

৫. বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) / বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

৬. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল :

বিষয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৫৩০.৫২ (২২৯৭.৮০)	৭২৩৯.৩৮ (৭৯১.০০)	৬৭২৫.০৮ (৭৭৬.৬৩)	০১-০৪-২০১৫ থেকে ৩১-০৩-২০১৭	০১-০৪-২০১৫ থেকে ৩০-০৯-২০১৮	৩বছর ৫মাস	৯০.৪৮%	৭৫%

৮. অঙ্গভিত্তিক অগ্রগতিঃ

অর্থনৈতিক কোড	অঙ্গের নাম	একক	আরপিএফ এস অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩০-০৯-২০১৮ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
(ক) রাজস্ব ব্যয়ঃ						
৪৭৩৩	আপ্যায়ন	থোক		৪.০০		৩.৯৯
৪৮১৩	ভ্যাট (বিশেষজ্ঞ, স্থানীয় পরামর্শক, বোরহোল ড্রিলিং, সার্ভে ইত্যাদি)	থোক		৪৪১.২৮		৩৭৫.৮৩
৪৮১৪	এআইটি (বিশেষজ্ঞ, স্থানীয় পরামর্শক, বোরহোল ড্রিলিং, সার্ভে ইত্যাদি)	থোক		৫৫৬.৮৫		৩১৩.৯৮
৪৮১৬	টেলিফোন	থোক		২.০		১.৭৪
৪৮১৭	ফ্যাক্স	থোক		১.০		০.৯০
৪৮২৭	মুদ্রণ ও প্রকাশনা	থোক		৭.০		৬.১৭
৪৮২৮	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক		৬.০		৪.১৪
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক		৫.০		২.৭১
৪৮৪২	সেমিনার ও সিম্পুজিয়াম	থোক		২.০		০.০০
৪৮৪৯	শস্য ও অন্যান্য ক্ষতিপূরণ	থোক		৬৮১.৯৪		৬০০.৭৮
৪৮৭৪	ক) বৈদেশিক (১০/৬৫)	জন-মাস	৬৫ জন-মাস	৯১৩.০০ (৭৯১.০০)	৬৫ জন-মাস	৮৪৪.৫৫ (৭৭৬.৬৩)
	খ) স্থানীয় (১৫/৭৯)	জন-মাস	৭৯ জন-মাস	১৭৫.০০	৭৯ জন-মাস	১৪৮.২৯
৪৮৮৩	সম্মানী/ফিস/পারিতোষিক	থোক		৭.০০		৩.৫৮
৪৮৮৬	বোরহোল ড্রিলিং	সংখ্যা	১৫টি	২৮৫০.০০	১৫টি	২৮৪৫.০০
	৩-ডি সাইসমিক সার্ভে	বর্গ কি.মি.	৪.৫ বর্গকি.মি.	১৪১৭.৯১	৪.৫ বর্গকি.মি.	১৪১৫.০০
	টপোগ্রাফিক সার্ভে	বর্গ কি.মি.	৬.২৫ বর্গকি.মি.	৬.২৫	৬.২৫ বর্গকি.মি.	৬.২২
	প্রোডাকশন ওয়েল	সংখ্যা	০২ টি	১০০.০০	০২ টি	৯৯.২৫
৪৮৯৩	ভাড়াভিত্তিক মাইক্রোবাস	সংখ্যা	০২ টি	৩৭.৪০	০২ টি	৩৫.১৫
মোট রাজস্ব		**-**	**-**	**৭২১৩.৬৩ (৭৯১.০০)**	**-**	**৬৭০৭.২৮ (৭৭৬.৬৩)**
(খ) মূলধন ব্যয়ঃ						
৬৮১২	ডিজিটাল ক্যামেরা	সংখ্যা	০১	০.৩০	০১	০.২৩

অর্থনৈতিক কোড	অঙ্গের নাম	একক	আরপিএফ এস অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩০-০৯-২০১৮ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৬৮১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ (৫টি ডেস্কটপ, ২টি ল্যাপটপ, ৩টি প্রিন্টার, ৩টি স্ক্যানার, ১টি প্লটার প্রিন্টার ও ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর)	সংখ্যা	১৫	১৬.১৫	১৫	১১.২১
৬৮১৯	ফটোকপিয়ার	সংখ্যা	০১	১.৩০	০১	১.৩০
৬৮২১	অফিস ফার্নিচার, ফিক্সার ইত্যাদি	থোক	-	৮.০০	-	৫.০৮
মোট মূলধন ব্যয়ঃ		-	-	২৫.৭৫	-	১৭.৮০
সর্বমোট ব্যয় (ক+খ)		**-**	**-**	**৭২৩৯.৩৮ (৭৯১.০০)**	**-**	**৬৭২৫.০৮ (৭৭৬.৬৩)**

৯. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই।

১০. পটভূমি:

বাংলাদেশ সরকার প্রাকৃতিক গ্যাস ও আমদানীকৃত জ্বালানির উপর নির্ভরশীলতা কমানোর জন্য জ্বালানির বিকল্প উৎস উন্নয়ন করার চেষ্টা করছে। বাংলাদেশ সরকারের ভিশন-২০২১ অনুযায়ী ২০২১ সাল নাগাদ দেশে ২০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। যার ৫৩% এর অধিক বিদ্যুৎ দেশীয় ও বৈদেশিক উৎস হতে সংগৃহীত কয়লা ব্যবহার করে কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রের মাধ্যমে উৎপাদিত হবে। এ পরিমাণ বিদ্যুৎ উৎপাদন করতে প্রতিবছর আনুমানিক ২৫ মিলিয়ন মেট্রিক টন কয়লার প্রয়োজন হবে। সরকারের ভিশন পূরণের লক্ষ্যে টেকসই পন্থায় দেশীয় কয়লাক্ষেত্রসমূহ হতে কয়লা উৎপাদন ত্বরান্বিত করা প্রয়োজন।

বর্তমানে বাংলাদেশে ৫টি কয়লাক্ষেত্র আবিস্কৃত হয়েছে। এসব কয়লাক্ষেত্রে মোট ভূতাত্ত্বিক মজুদের পরিমাণ ৩,৫৬৫ মিলিয়ন মেট্রিক টন, যা ১৮৪.২৭ টিসিএফ গ্যাসের সমতুল্য। আবিস্কৃত ৫টি কয়লাক্ষেত্রের মধ্যে শুধুমাত্র বড়পুকুরিয়া কয়লাক্ষেত্র হতে ভূগর্ভস্থ পদ্ধতিতে বাণিজ্যিকভাবে কয়লা উৎপাদন অব্যাহত আছে। উৎপাদনরত সেন্ট্রাল পার্ট-এর কার্যক্রম উত্তর ও দক্ষিণ দিকে বর্ধিত করার জন্য বিস্তারিত সমীক্ষা সম্পন্ন করা প্রয়োজন দেখা দেয়।

বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ভূতাত্ত্বিক গঠন কম-বেশি একই রকমের হওয়ায়, ভবিষ্যতে নিরাপদ খনি উন্নয়নের মাধ্যমে কয়লা উত্তোলণের জন্য এ অঞ্চলের ভূগর্ভের সঠিক তথ্য সংগ্রহের লক্ষ্যে এ ফিজিবিলিটি স্টাডি প্রকল্প গ্রহণ করা হয়।

বিসিএমসিএল-এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত ৩৫৩০.৫২ (২২৯৭.৮০) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে স্টাডি প্রকল্পটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গত ০৮-৪-২০১৫ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ৩১-০১-২০১৭ তারিখে ৭৭৫৯.৯৩ (৪৭৬৬.১২) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের ১ম সংশোধিত পিএফএস এবং সর্বশেষ ১৬-০৮-২০১৮ তারিখে ৭২৩৯.৩৮ (৭৯১.০০) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের ২য় সংশোধিত পিএফএস অনুমোদিত হয়।

১১. উদ্দেশ্য:

১) বড়পুকুরিয়া কোল বেসিনের দক্ষিণাংশে কয়লা রিজার্ভের পরিমাণ, বাৎসরিক উৎপাদনযোগ্য পরিমাণ এবং উপযুক্ত মাইনিং পদ্ধতির ধারণা লাভ।

২) প্রস্তাবিত সম্প্রসারিত খনি কার্যক্রমের অর্থনৈতিক মূল্য যাচাই।

৩) খনির স্টাডিকৃত অংশের উৎপাদনকালের অনুমিত সীমা, উত্তোলনযোগ্য পরিমাণ নিরুপণ, খনির Hydrological Condition জানা প্রভৃতি।

১২. প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

মূল এসএসপি অনুমোদন : ৮ এপ্রিল ২০১৫ (প্রশাসনিক অনুমোদন)

ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি: পরিকল্পনা কমিশনের পত্র নং-২৮.০০.০০০০.০৩৮.১৪.০৩৪.১৬/২২৬; তারিখ: ১৬.০৮.২০১৮

সর্বশেষ ২য় সংশোধিত পিএফএস অনুমোদন : ১৬-০৮-২০১৮ (প্রশাসনিক অনুমোদন মন্ত্রণালয় কর্তৃক)

১৩. (ক) ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: আরপিএফএস অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যা ৬ (ছয়) টি।

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	পণ্য:					
GD 1	লট-১: আসবাবপত্র	২৮-০৩-২০১৭ ও ৭.৪০	২৫-০৪-২০১৭ ও ৫.০৬	২১-০৫-২০১৭	২৮-০৪-২০১৭	-
GD 2	লট-২: ফটোকপিয়ার, কম্পিউটার ও অন্যান্য	২৮-০৩-২০১৭ ও ৯.৯৬	০৭-০৫-২০১৭ ও ৯.১৪	২১-০৫-২০১৭	২১-০৫-২০১৭	-
GD 3	স্টেশনারি মালামাল ক্রয়	১৭-০৯-২০১৭ ও ৫.০০	২২-১১-২০১৭ ও ৪.৪৭	১৬-১২-২০১৭	০১-০২-২০১৮	-
	কার্য:					
WD 1	১৬ (ষোল) মাসের জন্য ২(দুই) টি মাইক্রোবাস ভাড়া	১ম দরপত্র আহ্বান ২৭-০৩-২০১৭ পুন:দরপত্র আহ্বান ২৪-০৪-২০১৭ ও ৩৪.৫৬	৩০-০৫-২০১৭ ও ৩৫.১৫	৩০-০৯-২০১৮	৩০-০৯-২০১৮	-
	সেবা:					
SD 1	পরামর্শক সেবা (ইন্ডিভিজুয়াল কনসালটেন্ট)	১৮-০৫-২০১৫ ও ৬৭.৫০	০১-০৩-২০১৭ ও ৬২.৪৭৫	০১-০৯-২০১৮	০১-০৯-২০১৮	-
SD 2	পরামর্শক সেবা (কনসাল্টিং ফার্ম)	১ম বার EOI আহ্বান ১৮-০৫-২০১৫ পুন: EOI আহ্বান ২৪-০২-২০১৬ ও ৭০৯৩.৭২	১৬-০২-২০১৭ ও ৬৮৩১.৩৭	৩১-০৮-২০১৮	৩১-০৮-২০১৮	-

১৪. প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

অর্থবছর ভিত্তিক পিএফএস/ডিপিপি/ টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা: (লক্ষ টাকা)

অর্থবছর	এডিপি বরাদ্দ			জিওবি অর্থছাড়	ব্যয়		
	মোট	টাকা	পিএ		মোট	টাকা	পিএ
১	২	৩	৪	৬	৭	৮	৯
২০১৬-১৭	১০০০.০০	১০০০.০০	-	১০০০.০০	৮৬১.৯৮	৮৬১.৯৮	-
২০১৭-১৮	৪২২৫.০০	৪২২৫.০০	-	৪২২৫.০০	৪২১৪.৯২	৪২১৪.৯২	-
২০১৮-১৯	১৬৪৯.০০	১৬৪৯.০০	-	১৬৪৯.০০	১৬৪৮.১৮	১৬৪৮.১৮	-
মোট	৬৮৯৯.০০	৬৮৯৯.০০	-	৬৮৯৯.০০	৬৭২৫.০৮	৬৭২৫.০৮	-

- ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ অর্থবছর পর্যন্ত মোট ৬,৮৯৯.০০ লক্ষ টাকা কোম্পানি ফান্ড হতে ছাড় করা হয়েছে এবং ৬৭২৫.০৮ লক্ষ টাকা খরচ করা হয়েছে। অব্যয়িত ১৭৩.৯২ লক্ষ টাকা ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ সময়ে কোম্পানির কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম ও পদবী আইডি নং	পূর্ণকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
জনাব এবিএম কামরুজ্জামান মহাব্যবস্থাপক,বড়পুকুরিয়া কোল মাইন কোঃলিঃ (বিসিএমসিএল) বর্তমানে-ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোঃলিঃ (এমজিএমসিএল) মোবাইলঃ ০১৭১৩০৭৭৯০৬	প্রকল্প পরিচালক	১৮-০৫-২০১৫ হতে শেষ পর্যন্ত	প্রয়োজন হয়নি

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

উদ্দেশ্য	**অর্জিত ফলাফল**
১) বড়পুকুরিয়া কোল বেসিনের দক্ষিণাংশে এবং উত্তরাংশে কয়লা রিজার্ভের পরিমাণ, বাৎসরিক উৎপাদনযোগ্য পরিমাণ এবং উপযুক্ত মাইনিং পদ্ধতির ধারণা লাভ।	১। ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন হতে দেখা যায় যে, বড়পুকুরিয়া কোল বেসিনের দক্ষিণাংশে কয়লার গভীরতা ১৭৮ মিটার থেকে ২৫৫ মিটার-এর মধ্যে সীমাবদ্ধ। দক্ষিণাংশে মোট কয়লার মজুদ ৫৩.৪০ মিলিয়ন মেট্রিক টন। খনির দক্ষিণাংশে Multi Slice Longwall Minining method এবং উত্তরাংশে Room and Pillar Mining method পদ্ধতির উপযুক্ততা রিপোর্টে উল্লেখ করা হয়েছে (মূল রিপোর্টের সংশ্লিষ্ট পাতা দ্রষ্টব্য)। খনির দক্ষিণাংশে আগামী সাত বছরে গড় অনুমিত উৎপাদনযোগ্য কয়লার মজুদ ০.৮৬ মিলিয়ন টন এবং উত্তরাংশে আগামী ছয় বছরে গড় অনুমিত উৎপাদনযোগ্য কয়লার মজুদ ০.৬৪ মিলিয়ন টন। প্রকল্প সংশ্লিষ্টগণ জানান, ভূ-তাত্ত্বিক, ভূজলীয় এবং জিওটেকনিক্যাল তথ্যসমূহ বিবেচনায় নিয়ে এই মাইনিং পদ্ধতি নির্ধারণ করা হয়েছেঃ

উদ্দেশ্য	অর্জিত ফলাফল
	১। দক্ষিণাংশের জন্য "Multislice long wall Mining Method" নির্ধারণ করার কারণ বেসিনের দক্ষিণ অংশে পানি অপরিবাহী লোয়ার ডুপিটিলা স্তর বিদ্যামান রয়েছে। যা উপরের স্তরের পানিকে নিচে যেতে বাধা প্রদান করে, ফলে মাইনিংজনিত Subsidence এবং Fracture এর কারণে খনি অভ্যন্তরে পানি প্রবেশ করার সম্ভবনা কম। এছাড়া দক্ষিণাংশে কোল লেয়ারের inclination অপেক্ষাকৃত কম যা এই অংশে মাইনিং এর জন্য উপযুক্ত। ২। উত্তরাংশের জন্য "Bord and pilar Mining Method" নির্ধারণ করা হয়েছে। এই অংশে পানি অপরিবাহী লেয়ার ডুপিটিলা স্তর না থাকায় Multislice long wall মাইনিংজনিত কারণে সৃষ্ট ফ্র্যাকচার ও সাবসিডেন্স এর মাধ্যমে সহজেই উপরের স্তর হতে পানি মাইনে প্রবেশ করতে পারবে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে উত্তরাংশের জন্য Bord and pillar পদ্ধতি নির্ধারণ করা হয়। উল্লেখ্য এ পদ্ধতিতে সাবসিডেন্স এবং ফ্র্যাকচার কম হয় বিধায় মাইনে পানি প্রবেশ করার সম্ভবনা কম। এছাড়া উত্তরাংশে কোল লেয়ারের ইনক্লাইনেশন অনেক বেশী।
২) প্রস্তাবিত সম্প্রসারণযোগ্য খনি কার্যক্রমের অর্থনৈতিক মূল্য যাচাই।	২) সম্ভাব্য প্রকল্পের Return of Investment (ROI) ১২% এবং কয়লার মূল্য টনপ্রতি ১৫০ ইউএস ডলার হলে স্টাডিকৃত এলাকায় কয়লা উত্তোলন করা হলে সম্ভাব্য প্রকল্পের নেট প্রেজেন্ট ভ্যালু (NPV) হবে ২৯.৫ মিলিয়ন ইউএস ডলার। ROI ১০% এবং কয়লার মূল্য টনপ্রতি ১৫০ ইউএস ডলার হলে এই নেট প্রেজেন্ট ভ্যালু (NPV) হবে ৪৫.৩ মিলিয়ন ইউএস ডলার। বিপরীতভাবে, ROI ১০% এবং NPV ৩০.১০ মিলিয়ন ইউএস ডলার ধরে সম্ভাব্য এই প্রকল্প হতে টনপ্রতি কয়লা ১৪৫ ইউএস ডলারে বিক্রি করা যাবে। **আর্থিক বিশ্লেষণের ভিত্তিঃ** আর্থিক বিশ্লেষণের ক্ষেত্রে প্রতিটন কয়লার সম্ভাব্য বিক্রয়মূল্য ১৫০ মার্কিন ডলার ধরা হয়েছে। এছাড়া ROI বা ডিসকাউন্টিং ফ্যাক্টর ১২% ধরে হিসাব করা হয়েছে **(পরিকল্পনা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট পরিপত্র অনুযায়ী)**। এখানে উল্লেখ্য যে, পত্র সূত্র নং-২৮.০০.০০০০.০২৮.৩৭.০০৩.১৫/১৯৩ তারিখঃ ২৬ মে, ২০১৫ অনুযায়ী প্রধানতম গ্রাহক পার্শ্ববর্তী বড়পুকুরিয়া তাপ বিদ্যুৎ কেন্দ্রের নিকট বর্তমানে প্রতি টন কয়লা ১৩০ মার্কিন ডলার-এ বিক্রয় করা হচ্ছে। অপর দিকে তাপ বিদ্যুৎ কেন্দ্র ব্যতিত অন্যান্য বাণিজ্যিক বিক্রয়ের ক্ষেত্রে প্রতিটন কয়ল ১৭,০০০ টাকায় (প্রায় ২০২ মার্কিন ডলার) বিক্রয় করা হয়। তবে, তাপ বিদ্যুৎ কেন্দ্রে প্রতি টন ১৮০ মার্কিন ডলার হিসেবে কয়লা সরবারাহের জন্য পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে একটি প্রস্তাব প্রেরণ করা হয়েছে । এ প্রেক্ষাপটে, ফিজিবিলিটি স্টাডির সময় কয়লার সম্ভাব্য মূল্য টনপ্রতি ১৫০ ইউএস ডলার ধরে আর্থিক বিশ্লেষণ সম্পন্ন করা হয়। তাতে প্রকল্পের NPV ২৯.৫০ মিলিয়ন মার্কিন ডলার পাওয়া যায়। (মূল রিপোর্টের Financial Evaluation এবং Project Viability অনুযায়ী)।
৩) খনির স্টাডিকৃত অংশের উৎপাদনকালের অনুমিত সীমা,	৩। স্টাডি প্রতিবেদন এর বরাতে পিসিআর রিপোর্টে প্রকল্প পরিচালক মন্তব্যে উল্লেখ করেনঃ

উদ্দেশ্য	অর্জিত ফলাফল
উত্তোলনযোগ্য পরিমাণ নিরুপণ, খনির Hydrological Condition জানা প্রভৃতি।	" A total of 10.71 million tons of coal can be produced from both northern and southern side of the basin adopting underground mining method out of 139.40 millions tons of coal. It is also mentioned in the feasibility study that the Open Pit mine from both northern and southern side of the coal basin can be possible but further detail studies will be needed. If Open Pit mine is possible then at least Two million tons of coal can be produced per anum and total mine life will be 40 years. (পিসিআর রিপোর্টের সংশ্লিষ্ট পাতা)

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ প্রযোজ্য নয়।

১৮. অডিটঃ

২০১৬-২০১৭ হতে ২০১৮-১৯ অর্থবছরের বাণিজ্যিক অডিট অধিদপ্তর, রাজশাহী কর্তৃক অডিট সম্পন্ন করা হয়েছে।

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তির বিবরণ	আপত্তি নিষ্পত্তির সর্বশেষ অবস্থা
২০১৬-১৭ হতে ২০১৮-১৯ (২০১৭-২০১৮)	১৩-০৩-১৯	i) কনসালটেন্সি সার্ভিসের উপর নির্ধারিত হার অপেক্ষা কম হারে উৎসে আয়কর কর্তন করায় ক্ষতি ১,২০,৩৭,১১৩ (এক কোটি বিশ লক্ষ সাঁইত্রিশ হাজার একশত তের) টাকা। ii) কনসালটেন্সি সার্ভিসের উপর প্রযোজ্য হারে ভ্যাট কর্তন না করায় ক্ষতি ৭৩,৫৫,৩০০ (তিয়াত্তর লক্ষ পঞ্চান্ন হাজার তিনশত) টাকা।	i) বর্ণিত আপত্তিটির প্রকল্প হতে প্রেরিত ব্রডশিট জবাবের মাধ্যমে নিস্পত্তির প্রক্রিয়া চলমান রয়েছে। তবে, বাণিজ্যিক অডিট অধিদপ্তর হতে নিস্পত্তির কোন জারিপত্র পাওয়া যায়নি। ii) বর্ণিত আপত্তিটির ব্রডশিট জবাবের মাধ্যমে নিস্পত্তির প্রক্রিয়া চলমান রয়েছে। তবে, বাণিজ্যিক অডিট অধিদপ্তর হতে নিস্পত্তির কোন পত্র পাওয়া যায়নি।

১৯. প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ প্রকল্প বাস্তবায়নের শুরুতে স্থানীয় জনসাধারণ কর্তৃক কিছু বাধা সৃষ্টি করা হয়েছিল। পরবর্তীতে যা স্থানীয়ভাবে সমাধান করা হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান। এছাড়া সামগ্রিকভাবে বড় রকমের কোন সমস্যা হয়নি।

২০. প্রকল্প বাস্তবায়নে বিলম্বঃ

বড়পুকুরিয়া কয়লা খনির কয়লা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বড়পুকুরিয়া কোল বেসিনের সেন্ট্রাল পার্ট সংলগ্ন উত্তর ও দক্ষিণ দিকে খনি বর্ধিতকরণের জন্য প্রথমে ৩৫৩০.৫২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি Proposal for Feasibility Study (PFS) তৈরী করা হয়, যা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ০৮-০৪-২০১৫ তারিখে অনুমোদিত হয়। এই Proposal মোতাবেক Expression of Interest (EOI) ও Request for Proposal (RFP) ইস্যু করা হয়। কিন্তু বিভিন্ন পরামর্শক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত দরের মধ্যে সর্বনিম্ন মূল্যায়িত দরদাতার দর প্রাক্কলিত দরের তুলনায় ১০৯.২৬% বেশি হওয়ায় কোম্পানি পর্ষদের অনুমোদনক্রমে সম্পূর্ণ বিডিং প্রক্রিয়া বাতিলপূর্বক নতুনভাবে বাজার মূল্যের সঙ্গে সামঞ্জস্য রেখে ৭৭৫৯.৯৩ লক্ষ টাকা প্রাক্কলিত মূল্যে ১ম Revised Proposal for Feasibility Study (1st RPFS) প্রস্তুত করা হয় যা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গত ৩১-০১-২০১৭ তারিখে চূড়ান্তভাবে অনুমোদিত হয়।

1st RPFS মোতাবেক প্রকল্প সমাপ্ত হওয়ার নির্ধারিত তারিখ ৩০ জুন ২০১৮ থাকলেও টেন্ডার প্রক্রিয়াসহ পরামর্শক প্রতিষ্ঠান (John. T Boyd and ME JV) এর সাথে চুক্তি স্বাক্ষর ১৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে সম্পন্ন হয় এবং প্রকল্পের ভৌত কার্যক্রম ২ মার্চ ২০১৭ তারিখ হতে শুরু হয়।

এখানে উল্লেখ্য যে, PFS -তে প্রকল্পের ভৌত কাজ সম্পন্ন করার জন্য ১৮ মাস পর্যন্ত সময় নির্ধারণ করা ছিল। ফলে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের সময় ১৮ মাস ধরে চুক্তি স্বাক্ষর করা হয়। অর্থাৎ পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ১ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত চুক্তি মেয়াদ ধরে চুক্তি স্বাক্ষর সম্পন্ন করা হয়। ভৌত কাজের জন্য RFP-তে ১৮ মাস সময় উল্লেখ আছে। এ বিষয়টি 1st RPFS অনুমোদনের সময় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির ২য় সভায় উত্থাপন করে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির অনুরোধ জানানো হলে তা পরবর্তীতে বৃদ্ধি করা হবে বলে মত প্রকাশ করা হয়।

সে মোতাবেক চুক্তির বর্ণিত সময় প্রকল্প দলিলের মেয়াদের সাথে সমন্বয়পূর্বক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য প্রকল্পের মেয়াদ জুন ২০১৮ হতে দুই মাস এবং তার সাথে প্রকল্প এলাকার জনসাধারণ কর্তৃক কাজে বাধা প্রদান করায় (যা পরবর্তীতে সমাধান করা হয়) প্রকল্পের সকল প্রকার কার্যক্রম দেড়মাস বন্ধ থাকায় নির্দিষ্ট সময়ে কার্যক্রম সম্পন্ন করতে আরো একমাস অর্থাৎ মোট ৩(তিন) মাস সময় বৃদ্ধির প্রয়োজন হয়। অর্থাৎ সার্বিক দিক বিবেচনা করে প্রকল্পের মেয়াদ জুন ২০১৮ হতে বৃদ্ধি করে ৩০ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত করা হয়।

২১. ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি।

২২. চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণঃ চুক্তি বাস্তবায়নে বিলম্ব হয়নি।

২৩. পরিদর্শন পর্যবেক্ষণঃ কোভিড-১৯ বৈশ্বিক মহামারির কারণে মূল কয়লাখনিতে পূর্ব হতে নিয়মিতভাবে কর্মরত চীনের ঠিকাদার কোম্পানীর বিদেশী কর্মীদের স্বাস্থ্যের নিরাপত্তাজনিত কারণে বড়পুকুরিয়া কয়লাখনির প্রধান কার্যালয় ও খনিতে প্রবেশ করা যায়নি বিধায় পার্শ্ববর্তী মধ্যপাড়া গ্রানাইট প্রকল্পের প্রধান কার্যালয়ে বিবেচ্য ফিজিবিলিটি স্টাডি'র প্রকল্প পরিচালক, উপপ্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে বৈঠক করা হয়।সমাপ্ত এই ফিজিবিলিটি স্টাডি প্রকল্পের ক্রয়কৃত ব্যবহারযোগ্য পণ্যের হস্তান্তর, ক্ষতিগ্রস্তজমির মালিকদের প্রদান করা শস্য ক্ষতিপূরণ বিষয়, প্রধান অঙ্গো বর্ণিত ভূ-তাত্ত্বিক সার্ভে স্থান পরিদর্শন করা হয় যার পর্যবেক্ষণ নিম্নরুপঃ

ক) প্রকল্পটি ফিজিবিলিটি স্টাডি হলেও এতে সাইসমিক সার্ভে, বোরহোল ড্রিলিং প্রভৃতি কারণে এলাকার বাসিন্দাদের জমির শস্যের ক্ষতি হয় যা প্রকল্পের অন্যতম অঙ্গ শস্য ও অন্যান্য ক্ষতিপূরণ (ইকোনোমিক কোড-৪৮৪৯) এর আওতায় বরাদ্দকৃত ৬৮১.৮৪ লক্ষ টাকার বিপরীতে ৫,২৮৬ জন ব্যক্তিকে ৬০০.৭৮ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেয়া হয়।

খ) প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য যেমনঃ অফিস ফার্নিচার (৬৮২১), কম্পিউটার ও যন্ত্রাংশ (৬৮১৫), ডিজিটাল ক্যামেরা (৬৮১২) যেগুলো প্রকল্প সমাপনান্তে ব্যবহারযোগ্য সে গুলো মূল কোম্পানির ভান্ডারে জমা প্রদান করা হয়েছে।

গ) প্রকল্পের ভৌত কাজের সাইট বই পরিদর্শনে দেখা হয় হয়।

ঘ) ফিজিবিলিটি স্টাডি প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদনের কপি বড়পুকুরিয়া কয়লা খনিতে পূর্ব হতে চলমান উৎপাদন কাজে নিয়োজিত ঠিকাদার XMC-CMC কনসোর্টিয়াম কে প্রদান করা হয়। তারা সে প্রেক্ষিতে সেপ্টেম্বর ২০১৯ সালে ০৬ বছরের জন্য একটি মাইন প্ল্যান দাখিল করে। উক্ত প্ল্যান অনুযায়ী চলমান চুক্তি শেষে প্রথম দুই বছরে খনির সেন্ট্রাল পার্ট থেকে ১.৫ মিলিয়ন মেট্রিক টন এবং পরবর্তী চার বছরে উত্তরাংশ হতে ৩.২ মিলিয়ন মেট্রিকটনসহ ছয় বছরে সর্বমোট ৪.৭ মিলিয়ন কয়লা উত্তোলনের জন্য দরপত্র প্রস্তুতের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ঙ) প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্টগণ প্রকল্পের লক্ষ্য অর্জিত হয়েছে বলে মনে করেন। এই ফিজিবিলিটি স্টাডি বড়পুকুরিয়া কয়লা খনির উপর সরকারের নীতিগত সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে বলে তারা আশা করেন।

২৪। পরিদর্শন কার্যক্রমের স্থিরচিত্র:

উপপ্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টগণের সাথে স্টাডিকৃত বিস্তীর্ণ প্রকল্প এলাকার সাইসমিক সার্ভে, বোরহোল ড্রিলিং স্থান ছাড়াও খনির নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে মাটির গভীরে চলমান কয়লা উত্তোলণের কারণে ভূমি অধোগমণ (Subsidence) এর স্থান সরেজমিন পরিদর্শন করা হয়।



চিত্রঃ১-বড়পুকুরিয়া কোল মাইনিং কোঃ এর প্রকল্প সংশ্লিষ্টগণের সাথে সভা ও প্রকল্প উপস্থাপনা



চিত্রঃ২- মাটির গভীরে চলমান কয়লা উত্তোলণের কারণে ভূমি অধোগমণ (Subsidence) এর স্থান সরেজমিন পরিদর্শন

২৫. সুপারিশ/মতামত:

২৫.১ বাস্তবায়নকারী সংস্থার ব্রডশিট জবাবের উপর অডিট কর্তৃপক্ষের আপত্তি নিষ্পত্তির প্রমাণক আইএমইডিকে প্রেরণ করতে হবে।

২৫.২ ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদনের সুপারিশের আলোকে বিশেষজ্ঞদের মতামত নিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে পারে।

কৈলাশটিলা-৯ নং কুপ (মূল্যায়ন/উন্নয়ন কুপ) খনন ১ম সংশোধিত শীর্ষক সমাপ্ত প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ ৩০ জুন ২০১৯)

১. প্রকল্পের নাম : কৈলাশটিলা-৯ নং কুপ (মূল্যায়ন/উন্নয়ন কুপ) খনন ১ম সংশোধিত" শীর্ষক সমাপ্ত প্রকল্প।

২. পরিদর্শনকারী র্কমর্কতার নাম : সালেহীন তানভীর গাজী, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১

৩. প্রকল্প পরিদর্শনের তারিখ : ৩১ অক্টোবর ২০২০।

৪. প্রকল্পের অবস্থান:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা	সমগ্র বাংলাদেশ
সিলেট	সিলেট	গোলাপগঞ্জ	গোলাপগঞ্জ পৌরসভা	-

৫. বাস্তবায়নকারী সংস্থা: পেট্রোবাংলা/ সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।

৬. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল:

বিষয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪০০৭	১২৫১.৭৫	১২৫১.৭৫	০১-১১-২০১৩ হতে ৩১-১২-২০১৫	০১-১১-২০১৩ হতে ৩০-০৬-২০১৯	৩০-০৬-২০১৯	০.০০%	৬১.৫৪%

৮. অঙ্গভিত্তিক অগ্রগতিঃ (লক্ষ টাকা)

ইকোনোমিক কোড	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩০-০৬-২০১৯ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
(ক) রাজস্ব ব্যয়ঃ						
৪৮১৪	এআইটি	থোক	-	২৫.২৬	-	২৫.২৬ (১০০%)
৪৮২৪	ব্যাংক চার্জ	থোক	-	৩.৯৮	-	৩.৯৮ (১০০%)
	বীমা	থোক	-	২৭.২৩	-	২৭.২৩ (১০০%)
৪৮২৯	আইইই/ইআইএ/ইএমপি স্টাডি	থোক	-	০.৭৫	-	০.৭৫ (১০০%)
৪৮৮৩	সম্মানী	থোক	-	০.৬৬	-	০.৬৬ (১০০%)
(ক) মোট রাজস্ব ব্যয়ঃ				**৫৭.৮৮**	**-**	**৫৭.৮৮ (১০০%)**
(খ) মুলধন ব্যয়ঃ						
৬৮০৫	ওয়্যারহাউজ নির্মাণ (৩০০ বর্গমিটার)	সংখ্যা	১	৪১.০০	১	৪১.০০ (১০০%)
৬৮১৩	খনন মালামাল	লট	৫	১১৫২.৮৭	৫	১১৫২.৮৭ (১০০%)
খ) মোট মূলধন ব্যয়				**১১৯৩.৮৭**	**-**	**১১৯৩.৮৭ (১০০%)**
সর্বমোট ব্যয় (ক+খ)				**১২৫১.৭৫**		**১২৫১.৭৫ (১০০%)**

৯. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই

১০. **প্রকল্প গ্রহণের** পটভূমি:

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) পেট্রোবাংলার আওতাধীন একটি কোম্পানি। এ কোম্পানির আওতায় সিলেট (হরিপুর), কৈলাশটিলা(গোলাপগঞ্জ,সিলেট), রশিদপুর(বাহুবল,হবিগঞ্জ) ও বিয়ানীবাজার(সিলেট) গ্যাস ফিল্ডসমূহ রয়েছে। সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড কর্তৃক পৃথক অন্য এক প্রকল্পের আওতায় বাপেক্স-এর মাধ্যমে ২০১০-১২ সালে রশিদপুর, কৈলাশটিলা এবং সিলেট (হরিপুর) ফিল্ডে ত্রিমাত্রিক (৩ডি) সাইসমিক জরিপ পরিচালনা করা হয় যার ফলাফলের ভিত্তিতে রশিদপুর, কৈলাশটিলা এবং সিলেটের (হরিপুর) স্ট্রাকচারে কয়েকটি নতুন কূপ খননের প্রস্তাব করা হয়।

এই সাইসমিক জরিপ প্রতিবেদনে বাপেক্স কৈলাশটিলা স্ট্রাকচারে কয়েকটি গ্যাস ও তেল স্যান্ডের উপস্থিতির চিত্র তুলে ধরে এবং উক্ত স্ট্রাকচারে ০৪ (চার) টি নতুন কূপ খননের প্রস্তাব করে। এ প্রস্তাবনার প্রেক্ষিতে এ প্রকল্পের আওতায় কৈলাশটিলা স্ট্রাকচারে একটি মূল্যায়ন/উন্নয়ন কূপ (কৈলাশটিলা-৯) খননের পরিকল্পনা নিয়ে এ প্রকল্প গ্রহণ করা হয়।

১১. প্রকল্পের উদ্দেশ্য:

- কৈলাশটিলা স্ট্রাকচারে ৩২০০ মিটার গভীরতায় একটি মূল্যায়ন/উন্নয়ন কূপ (কৈলাশটিলা-৯) খনন;
- উক্ত কূপ হতে দৈনিক ২৫ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস এবং ২৫০ ব্যারেল হারে কনডেনসেট উৎপাদন;
- তেল/গ্যাস উৎপাদনের মাধ্যমে দেশের আংশিক জ্বালানি চাহিদা পূরণ।

১২. প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

মূল ডিপিপি অনুমোদন তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০১৪

১ম সংশোধিত ডিপিপি অনুমোদন তারিখ : ০৪ আগস্ট ২০১৯

১৩. (ক) **ডিপিপি/টিএপিপিতে** মোট প্যা**কেজ** সংখ্যা: সর্বশেষ অর্থাৎ ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যা ০৭ (সাত) টি।

(খ) **পণ্য,কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:**

প্যাকেজ নং	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	পণ্য:					
পণ্য-১	কেসিং	২৪-০২-২০১৪ (৫২০.৩১)	২৮-১২-২০১৪ (৫২০.৩১)	১৯-০৭-২০১৫	জুন ২০১৫	
পণ্য-২(ক)	কেসিং এক্সেসরিজ এন্ড লাইনার হ্যাঙ্গার	২৪-০২-২০১৪ (১৪২.৯৮)	২৮-১২-২০১৪ (১৪২.৯৮)	২২-০৮-২০১৫	জুন ২০১৫	
পণ্য-২(খ)	ব্রিজ প্লাগ	২৪-০২-২০১৪ (৯.৬৬)	২৮-১২-২০১৪ (৯.৬৬)	১৯-০৭-২০১৫	জুন ২০১৫	
পণ্য-৩	টিউবিং এন্ড টিউবিং একসেসরিস	২৪-০২-২০১৪ (১৩৯.৭১)	২৫-০২-২০১৫ (১৩৯.৭১)	২৫-০৮-২০১৫	জুলাই ২০১৫	
পণ্য-৪	ওয়েল হেড এন্ড এক্স-মাস ট্রি, ওয়েলহেড কন্ট্রোল প্যানেল উইথ এক্সেসরিজ	২৪-০২-২০১৪ (১৪৩.৮৯)	২৮-১২-২০১৪ (১৪৩.৮৯)	২২-০৮-২০১৫	জুন ২০১৫	
পণ্য-৫	ড্রিল বিটস এন্ড নজেলস	২৪-০২-২০১৪ (১৯৬.৩২)	২৫-০২-২০১৫ (১৯৬.৩২)	১৯-০৯-২০১৫	জুলাই ২০১৫	
	কার্য:					
প্যাকেজ-১	ওয়্যারহাউজ নির্মাণ ০১টি	২৬-০৫-২০১৫ (৪১.০০)	২৮-১০-২০১৫ (৪১.০০)	১৭-০২-২০১৬	জানুয়ারি ২০১৬	
	সেবা:					
প্যাকেজ-১	আইইই/ইআইএ/ইএমপি স্টাডি	১০-০৯-২০১৩ (০.৭৫)	০১-০২-২০১৪ (০.৭৫)	৩০-০৪-২০১৫	এপ্রিল ২০১৫	

১৪. প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

অর্থবছর ভিত্তিক ডিপিপি/ টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা

(লক্ষ টাকা)

অর্থবছর	এডিপি/ আরএডিপি বরাদ্দ			জিওবি/জিডিএফ অর্থছাড়	ব্যয়		
	মোট	টাকা	পিএ		মোট	টাকা	পিএ
১	২	৩	৪	৬	৭	৮	৯
২০১৩-১৪	০.০০	০.০০	-	০.০০	০.০০	০.০০	-
২০১৪-১৫	৮০০.০০	৮০০.০০	-	৭৯৫.০০	৩১২.৯২	৩১২.৯২	-
২০১৫-	১০১৩.০০	১০১৩.০০	-	১০১৩.০০	৯৩০.৮৩	৯৩০.৮৩	-
২০১৬-	৮.০০	৮.০০	-	৮.০০	৮.০০	৮.০০	-
২০১৭-১৮	১.০০	১.০০	-	০.০০	০.০০	০.০০	-

অর্থবছর	এডিপি/ আরএডিপি বরাদ্দ			জিওবি/জিডিএফ অর্থছাড়	ব্যয়		
	মোট	টাকা	পিএ		মোট	টাকা	পিএ
১	২	৩	৪	৬	৭	৮	৯
২০১৮-	১.০০	১.০০	-	০.০০	০.০০	০.০০	-
মোট:	১৮২৩.০০	১৮২৩.০০	-	১৮১৬.০০	১২৫১.৭৫	১২৫১.৭৫	-

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম ও পদবী আইডি নং	পূর্ণকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
প্রকৌ. মোঃ কামরুল ইসলাম সরদার মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড আইডি নং ৪২০৫-০০৩৫ মোবাইলঃ ০১৭১৩৩০১০১১	পূর্ণকালীন প্রকল্প পরিচালক	০৯-০৭-২০১৪	প্রয়োজন হয়নি

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

উদ্দেশ্য	অর্জিত ফলাফল ও প্রমাণক/যুক্তি
প্রকল্পের মূল ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য ছিল: - কৈলাশটিলা স্ট্রাকচারে ৩২০০ মিটার গভীরতায় একটি মূল্যায়ন/উন্নয়ন কূপ (কৈলাশটিলা-৯) খনন; - উক্ত কূপ হতে দৈনিক ২৫ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস এবং ২৫০ ব্যারেল হারে কনডেনসেট উৎপাদন; - তেল/গ্যাস উৎপাদনের মাধ্যমে দেশের আংশিক জ্বালানি চাহিদা পূরণ। [৩ডি সাইসমিক জরিপ রিভিউ প্রতিবেদনে কৈলাশটিলা-৯নং কূপের পুরাতন লোকেশনে কোন প্রসপেক্ট না থাকা এবং কাছাকাছি নতুন লোকেশনে সম্ভাব্য গ্যাস মজুদের পরিমাণ নগন্য হওয়ার কারণে কূপ খনন আর্থিক ও কারিগরিভাবে গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় আলোচ্য খনন প্রকল্পটির ডিপিপি'র লক্ষ্য/উদ্দেশ্য অর্জন অসম্পন্ন রেখে ইতোমধ্যে ব্যয়কৃত অর্থের সংস্থান রেখে প্রকল্পটি সমাপ্তকরণের লক্ষ্যে ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়]	প্রকল্পের উল্লেখযোগ্য কর্মকান্ডের মধ্যে ৫ লট খনন মালামাল ক্রয়সহ একটি ওয়্যারহাউজ নির্মাণ করা হয়েছে। উক্ত মালামাল বর্ণিত ওয়্যারহাউজে সংরক্ষণ করা হয়েছে। ক্রয়কৃত মালামালসমূহ বাস্তবায়নকারী সংস্থা সিলেট গ্যাস ফিল্ডস এর প্রস্তাবিত আরেকটি প্রকল্পে (কৈলাশটিলা-৮নং কূপ খনন প্রকল্পে) ব্যবহার করা হবে বলে জানা যায়।

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ

৩ডি সাইসমিক জরিপ রিভিউ প্রতিবেদনে কৈলাশটিলা-৯নং কূপের পুরাতন লোকেশনে কোন প্রসপেক্ট না থাকা এবং কাছাকাছি নতুন লোকেশনে সম্ভাব্য গ্যাস মজুদের পরিমাণ নগণ্য হওয়ার কারণে কূপ খনন আর্থিক ও কারিগরিভাবে গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় আলোচ্য খনন প্রকল্পটির মূল ডিপিপি'র কার্যক্রম অসম্পন্ন রেখে সে প্রেক্ষাপটে প্রকল্পটি সংশোধন করে সমাপ্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ফলে প্রকল্পটির প্রাথমিক উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়নি।

১৮. অডিটঃ

বাণিজ্যিক অডিট অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, সিলেট কর্তৃক ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থবছরের অর্থাৎ সকল অর্থবছরের অডিট সম্পন্ন হয়েছে এবং কোন অডিট আপত্তি নেই বলে প্রকল্প পরিচালক জানান।

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তিসমূহ (জড়িত টাকার পরিমাণ সহ)	আপত্তি নিষ্পত্তির সর্বশেষ পর্যায়
২০১৩-১৪	১৪-০৭-২০১৫	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-
২০১৪-১৫	২১-০৪-২০১৬	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-
২০১৫-১৬	১৮-০৪-২০১৭	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-
২০১৬-১৭	০৮-০১-২০১৮	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-
২০১৭-১৮	০৪-০৩-২০১৯	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-
২০১৮-১৯	১৯-১০-২০২০	কোন আপত্তি উত্থাপিত হয়নি।	-

১৯. প্রকল্প বাস্তবায়ন সমস্যা ও কিভাবে উত্তরণ হয়েছেঃ সামগ্রিকভাবে প্রকল্প বাস্তবায়নে বড় রকমের কোন সমস্যা হয়নি।

২০. প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণঃ

২০১০-২০১২ সালে বাপেক্স পরিচালিত ৩-ডি সাইসমিক জরিপ ফলাফলে রশিদপুর, কৈলাশটিলা ও সিলেট (হরিপুর) ফিল্ডে মোট ১৭টি কূপ খননের প্রস্তাব করা হয়। তন্মধ্যে হরিপুর (সিলেট), কৈলাশটিলা ও রশিদপুর ফিল্ডে ০৭টি (সিলেট-৯, কৈলাশটিলা-৭, কৈলাশটিলা-৯, রশিদপুর-৮, রশিদপুর-৯, রশিদপুর-১০ ও রশিদপুর-১২) কূপ খনন প্রকল্প গ্রহণ করা হয়। গৃহীত প্রকল্পসমূহের মধ্যে রশিদপুর-৮ ও কৈলাশটিলা-৭নং কূপ খননে আশানুরুপ ফলাফল না পাওয়ায় ২৯-০৪-২০১৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির পরিচালক-পর্ষদের ৪৭৫তম সভায় বাপেক্স সম্পাদিত ৩-ডি সাইসমিক জরীপে প্রাপ্ত ফলাফল পুনরায় আরেকটি প্রকল্পের মাধ্যমে বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক রিভিউ করে তার প্রতিবেদন না পাওয়া পর্যন্ত কৈলাশটিলা-৯ ও সিলেট-৯নং কূপ খনন কার্যক্রম সাময়িকভাবে স্থগিত থাকে। তবে এই কূপ দু'টি খননের জন্য ইতোমধ্যে প্রক্রিয়াধীন খনন মালামাল সংগ্রহ ও প্রয়োজনীয় মালামাল সংরক্ষনের জন্য ওয়্যারহাউজ নির্মাণ কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। অতপরঃ পৃথক একটি প্রকল্পের আওতায় বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করে ২০১০-২০১২ সালে বাপেক্স কর্তৃক ৩-ডি সাইসমিক জরিপে সংগৃহিত ডাটা, তথ্য, উপাত্ত ও প্রতিবেদনসমূহ রিভিউ করা হয়।

উক্ত রিভিউ প্রকল্পের প্রতিবেদনে কৈলাশটিলা-৯নং কূপে টার্গেট জোনে গ্যাস মজুদ নগন্য হওয়ার কারণে কোম্পানী পরিচালনা বোর্ড কর্তৃক প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্ত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে প্রকল্পের বিপরীতে ক্রয়কৃত খনন মালামালের সম্ভাব্য ব্যবহার উল্লেখপূর্বক ইতোমধ্যে ব্যয়িত ১২৫১.৭৫ লক্ষ (নগদ বৈদেশিক মুদ্রা ১১৩২.১৩ লক্ষ) টাকার সংস্থান রেখে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি মন্ত্রণালয় কর্তৃক ০৪-০৮-২০১৯ তারিখে অনুমোদন করে প্রকল্পটি সমাপ্ত করা হয়।

এতদপ্রেক্ষিতে আলোচ্য প্রকল্প সংক্রান্তে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব হয়েছে।

২১. ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি।

২২. চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণঃ প্রযোজ্য নয়।

২৩. **<u>পরিদর্শন পর্যবেক্ষণঃ</u>**

(ক) প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম সরেজমিনে অবলোকন ও পরিদর্শনের জন্য কৈলাশটিলা-৯নং কূপ খনন প্রকল্পের আওতায় ক্রয়কৃত খনন মালামাল এবং উক্ত মালামাল সংরক্ষণের জন্য নির্মিত ওয়্যারহাউজ পরিদর্শন করা হয়। ক্রয়কৃত মালামাল বর্ণিত ওয়্যারহাউজে সংরক্ষণ করা হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান।

(খ) গত ০৭-০৫-২০১৯ তারিখে আইএমইডি কর্তৃক এই প্রকল্প পরিদর্শন শেষে প্রেরিত পরিবীক্ষণ প্রতিবেদনে প্রদত্ত সুপারিশসমূহ প্রতিপালন করা হয়েছে।

(গ) এ প্রকল্পের মূল ডিপিপি'তে স্টিয়ারিং ও পিআইসি কমিটি সংক্রান্ত বিষয় অন্তর্ভূক্ত ছিলনা। সংস্থার ভবিষ্যত প্রকল্পে এই কমিটিদ্বয় অন্তর্ভুক্তির বিষয় আইএমইডি'র পূর্ববর্তী মনিটরিং রিপোর্টের সুপারিশেও ছিল। সে প্রেক্ষিতে, বর্তমানে প্রকল্প স্টিয়ারিং কমিটি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) কমিটি অন্তর্ভূক্ত করে সিলেট গ্যাস ফিল্ডসের প্রস্তাবিত অন্যান্য প্রকল্পসমূহের ডিপিপি প্রণয়ন করা হচ্ছে বলে সিলেট গ্যাস ফিল্ডসের সংশ্লিষ্টগণ জানান।

(ঘ) ২০১০-২০১২ সালে বাপেক্স কর্তৃক ৩ডি সাইসমিক জরিপ প্রকল্পে সংগৃহিত ডাটা, তথ্য, উপাত্ত ও প্রতিবেদনসমূহ পৃথক আরেকটি সমাপ্ত প্রকল্পের আওতায় বৈদেশিক পরামর্শক মেসার্স Schlumberger Seaco Inc. কর্তৃক রিভিউ শেষে দাখিলকৃত প্রতিবেদনসমূহ সিলেট গ্যাস ফিল্ডের মূল কার্যালয়ে সংরক্ষণ করা হচ্ছে। উল্লেখ্য, এটি ভিন্ন একটি প্রকল্পের আওতায় করা হয়েছে যার ফলাফলের উপর ভিত্তি করে এই ৩ডি সাইসমিক জরিপ রিভিউ প্রতিবেদনে কৈলাশটিলা-৯নং কূপের পুরাতন লোকেশনে কোন প্রসপেক্ট না থাকা এবং কাছাকাছি নতুন লোকেশনে সম্ভাব্য গ্যাস মজুদের পরিমাণ নগন্য হওয়ার কারণে আলোচ্য প্রকল্পের আওতায় কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়া অর্থাৎ পরিবর্তিত পরিস্থিতিতে কূপ খনন আর্থিক ও কারিগরিভাবে অপ্রয়োজনীয় বিবেচিত হওয়ায় এই খনন প্রকল্পটির ডিপিপি'র কার্যক্রম সীমিত করা হয় এবং মূল ডিপিপি'র উদ্দেশ্য অর্জন ছাড়াই প্রকল্পের আওতায় ক্রয়াদেশকৃত পণ্যের সংগ্রহের ব্যয়ের সংস্থানসহ ওয়ারহাউজ নির্মাণ করে অবশিষ্ট কার্যক্রম বাতিলপূর্বক প্রকল্প সংশোধনক্রমে কার্যক্রমের সমাপ্তি আনা হয়।

(ঙ) প্রকল্পে কোন অডিট আপত্তি নেই (বিস্তারিত অনুঃ ১৮)।

(চ) বাস্তবায়নকারী সংস্থা পেট্রোবাংলার চেয়ারম্যান পিসিআর এর পৃষ্ঠা-১০ এ মন্তব্যে বলেছেন, "According to the 3-D Seismic survey review Kailashtilla-9 well is not drilled" এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পক্ষে বলা হয়েছে "Drilling of Kailashtilla-9 was not done according to the technical recommendation of 3-D seismic review report".

২৪. পরিদর্শন কার্যক্রমের স্থিরচিত্র:

চিত্রঃ কৈলাসটিলা-৯ কুপ এলাকায় প্রকল্প পরিচালকের সাথে। খনন পাইপ ও ড্রিলিং পয়েন্ট।





২৫. সুপারিশ/মতামত:

১) প্রকল্পের বিপরীতে ক্রয়কৃত খনন মালামাল [Capital Compononent; Drilling materials (6813)] অন্য সমজাতীয় প্রকল্পে ব্যবহারের বিষয়টি পেট্রোবাংলা এবং সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) নিশ্চিত করবে।

২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৩বি, ৬বি এবং ৭ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৮)

১। **প্রকল্পের নাম** : **২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৩বি, ৬বি এবং ৭।**

২। **প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম** : জনাব সুব্রত ভৌমিক, পরিচালক-১, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১।

৩। **প্রকল্প পরিদর্শনের তারিখ** : ৩১ জুলাই ২০১৯ খ্রি:

৪। **প্রকল্পের অবস্থান** :

স্থান/ব্লক	বিভাগ	জেলা	উপজেলা
৩বি,৬বি	ঢাকা	ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, রাজবাড়ি, ফরিদপুর, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ	ধামরাই, সাভার, কেরাণীগঞ্জ, নওয়াবগঞ্জ, দোহার, মিরপুর, ক্যান্টনমেন্ট, কালিয়াকৈর, নারায়নগঞ্জ সদর, বন্দর, সোনারগাঁও, রূপগঞ্জ, মুন্সিগঞ্জ সদর, টঙ্গিবাড়ি, লৌহজং, শ্রীনগর, সিরাজদিখান, দৌলতপুর, সাটুরিয়া, ঘিওর, শিবালয়, মাণিকগঞ্জ সদর, হরিরামপুর, সিংগাইর, মির্জাপুর, দেলদুয়ার, নাগরপুর, গোয়ালন্দ ঘাট, রাজবাড়ি সদর, বালিয়াকান্দি, ফরিদপুর সদর, চর ভদ্রাসন, সদরপুর, নগরকান্দা, ভাঙ্গা, জাজিরা, নড়িয়া, পালং, ডামুড্যা, গোসাইরহাট, শিবচর, মাদারীপুর সদর, কালকিনি, রাজৈর, গোপালগঞ্জ সদর, মুকুসুদপুর, কাশিয়ানি, টুঙ্গিপাড়া, কোটালিপাড়া
৬বি,৭	বরিশাল	বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালি, বরগুণা, ভোলা	আগৈলঝোড়া, গৌরনদী, মুলাদি, হিজলা, মেহেন্দিগঞ্জ, বাবুগঞ্জ, ওয়াজিপাড়া, শরণখোলা, বানারিপাড়া, বরিশাল সদর, বাকেরগঞ্জ, পিরোজপুর সদর, নাজিরপুর, নেসারাবাদ (স্বরূপকাঠি), কাউখালি, ভান্ডারিয়া, মঠবাড়িয়া, ঝালকাঠি সদর, নলছিটি, রাজাপুর, কাঠালিয়া, বাউফল, দশমিনা, দুমকি, গলাচিপা, কলাপাড়া, মেরাজগঞ্জ, পটুয়াখালি সদর, রাঙ্গাবালি, ররগুণা সদর, আমতলি, বামনা, বেতাগি, পাথরঘাটা, তালতলি, ভোলা সদর, দৌলতখান, বোরহানউদ্দিন
৭	খুলনা	বাগেরহাট	চিলমারি, কচুয়া, মোড়লগঞ্জ

৫। **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (পেট্রোবাংলার একটি কোম্পানী)।

৬। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।

:

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈঃমুঃ)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (বৈঃমুঃ)	সর্বশেষ সংশোধিত (বৈঃমুঃ)		মূল (বৈঃমুঃ)	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১৮,৮০০.০০ (১৫,০০০.০০)	১৮,৮০০.০০ (১৫,০০০.০০)	১৫,০১২.০৪ (১২,৪৫২.০০)	এপ্রিল'২০১৭ - জুন'২০১৮	এপ্রিল'২০১৭-ডিসেম্বর'২০১৮	এপ্রিল'২০১৭-ডিসেম্বর'২০১৮	প্রযোজ্য নয়	৪০%

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক ও বাস্তব অগ্রগতি

(লক্ষ টাকায়)

ক্র: নং	অঙ্গের বিবরণ	পরিমাণ	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্ব ব্যয়						
	অফিস ও ঘর ভাড়া	এস.এফ.টি	৫.০০	৩৩,০০০	২.০৭	৩৩,০০০
	কাস্টম, ডিউটি/ভ্যাট	থোক	৩৭৫০.০০	১০০%	২৫২১.৫৩	১০০%
	টেলিফোন বিল (ল্যান্ড, মোবাইল)	থোক	১.০০	১০০%	০.২৩	১০০%
	ইন্টারনেট বিল ইত্যাদি	থোক	১.০০	১০০%	০.৫৯	১০০%
	পানি	লিটার	১.০০	৬৫০০	১.০০	৬৫০০
	বিদ্যুৎ	থোক	১.০০	১০০%	০.০৩	১০০%
	গ্যাস ও জ্বালানী	কেজি	১.০০	১০০০	০.৬৩	১০০০
	পেট্রোলিয়াম ও লুব্রিকেন্ট	থোক	১.০০	থোক	০.২৫	থোক
	ব্যাংক চার্জ	থোক	১.০০	থোক	০.৫৫	থোক
	স্টেশনারী, সিল, স্ট্যাম্প	থোক	১.০০	থোক	১.০০	থোক
	বুক/জার্নাল/ম্যাপ/স্যাটেলাইট ইমেজ	থোক	১.০০	থোক	১.০০	থোক
	লিভারিজ/ইউনিফর্ম	থোক	১.০০	থোক	১.০০	থোক
	টেন্ডার নোটিশ প্রকাশনা খরচ	সংখ্যা	১.০০	২	০.৮৬	২
	ওয়ার্কশপ, সেমিনার, কনফারেন্স	থোক	১.০০	থোক	১.০০	থোক
	আপ্যায়ন ব্যয়	থোক	১.০০	থোক	১.০০	থোক
	এনগেজমেন্ট অফ সার্ভিস প্রোভাইডার	সংখ্যা	১৫,০০০.০০	১	১২৪৫২.০০	১
	সম্মানী ভাতা	থোক	২.০০	থোক	১.৬৫	থোক
	ই.আই.এ	থোক	৫.০০	থোক	৪.৯৪	থোক
	যানবাহন ভাড়া	সংখ্যা	১২.০০	১	১২.০০	১
	অন্যান্য ব্যয় (ফিল্ড মেসিং)	থোক	৭.০০	থোক	৩.১৩	থোক

ক্র: নং	অঙ্গের বিবরণ	পরিমাণ	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	উপমোট (রাজস্ব ব্যয়)		১৮,৭৯৪.০০		১৫,০০৬.৪৩	
(খ) মূলধন ব্যয় :						
	জলযান ভাড়া	থোক	২.০০	২.০০	১.৬৫	থোক
	কম্পিউটার, প্রিন্টার, ল্যাপটপ, স্ক্যানার ইত্যাদি	লট	২.০০	১	২.০০	১
	আসবাবপত্র	লট	২.০০	২	১.৯৬	২
	উপমোট (মূলধন ব্যয়)	-	৬.০০		৫.৬১	
	মোট ব্যয় (রাজস্ব+মূলধন)	-	১৮,৮০০.০০		১৫,০১২.০৪	

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

প্রকল্প সমাপ্ত প্রতিবেদন এবং সরজমিন পরিদর্শনকালে বাপেক্স এর ব্যবস্থাপনা পরিচালকসহ অন্যান্যদের সাথে আলোচনাকালে জানা যায় যে, ডিপিপি অনুযায়ী প্রকল্পের ১০০% ভৌত কাজ সম্পাদিত হয়েছে

১০। প্রকল্পের পটভূমিঃ

দেশে নবায়ন অযোগ্য জ্বালানীর প্রধান উৎস হচ্ছে প্রাকৃতিক গ্যাস। দেশের শিল্প ও বাণিজ্যিক কাজে শক্তির প্রধান উৎসও প্রাকৃতিক গ্যাস। বর্তমানে বাণিজ্যিক জ্বালানীর প্রায় ৭৩% প্রাকৃতিক গ্যাসের মাধ্যমে পূরণ করা হয়। এ প্রাকৃতিক গ্যাসের চাহিদা এবং এর উপর নির্ভরতা প্রতিদিনই বৃদ্ধি পাচ্ছে। গ্যাসের ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে সরবরাহের ভারসাম্য বজায় রাখতে গিয়ে দেশে গ্যাস উৎপাদনে নিয়োজিত আন্তর্জাতিক তেল কোম্পানি ও এল.এন.জি আমদানির উপর নির্ভরতা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।

বাপেক্স কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ৪৫০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক সার্ভের পরিকল্পনা প্রণয়ন করা হয়। তন্মধ্যে বাপেক্সের নিজস্ব ২ডি সাইসমিক ক্রু এর ১৫০০ লাইন কিঃমিঃ সম্পন্ন করবার সক্ষমতা থাকায় অবশিষ্ট ৩০০০ লাইন কিঃমিঃ আউটসোর্সিং ক্রু এর মাধ্যমে সম্পন্ন করবার সিদ্ধান্ত গৃহীত হয়। বাপেক্স কর্তৃক ২০১২-১৬ সাল পর্যন্ত ''২ডি সাইসমিক প্রজেক্ট অফ বাপেক্স'' শীর্ষক প্রকল্পের আওতায় ব্লক-৩বি তে ৪৬৬ লাইন কিঃমিঃ ও ব্লক-৬এ,৬বি তে ৪৭৫ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক জরীপ সম্পাদন করা হয়। উক্ত প্রকল্পে সম্পাদিত জরীপের ফলাফলের উপর ভিত্তি করে ''২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশান ব্লক-৩বি, ৬বি, ৭'' শীর্ষক প্রকল্পের আওতায় সম্ভাবনাময় অনুসন্ধান ব্লক-৩বি,৬বি ও ৭ এ আউটসোর্সিং পদ্ধতিতে ৩০০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক জরিপ সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পটি গৃহীত হয়। আন্তর্জাতিক তেল কোম্পানি ও এলএনজি আমদানির উপর নির্ভরতা কমানোর জন্য দেশীয় প্রতিষ্ঠানের মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধির দিকে মনযোগ প্রদান করা প্রয়োজন। দেশীয় কোম্পানীসমূহের মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধির জন্য নতুন নতুন গ্যাস ক্ষেত্র আবিস্কারের অংশ হিসেবে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল।

১১। প্রকল্পের উদ্দেশ্যঃ

সুনির্দিষ্টভাবে প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

- ২ডি সাইসমিক সার্ভের মাধ্যমে খননকার্য পরিচালনার জন্য ভূ-অভ্যন্তরে সম্ভাব্য Lead/Prospects সমূহ চিহ্নিতকরন।
- ভূ-অভ্যন্তরের সম্ভাব্য Structural/ Stratigraphic/ Combination Traps চিহ্নিতকরন।
- নতুন Hydrocarbon resource/ reserve বৃদ্ধির লক্ষ্যে ভূ-অভ্যন্তরে নতুন অনুসন্ধান কূপ খননস্থান চিহ্নিতকরন।

প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ হচ্ছেঃ

- অনুসন্ধান ব্লক ৩বি, ৬বি এবং ৭ এ ৩০০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ও প্রসপেক্ট মূল্যায়ন।
- ২ডি সাইসমিক সার্ভে কার্যক্রম বাস্তবায়নের জন্য সার্ভিস প্রোভাইডার নিয়োগ করা।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট (বৈঃমুঃ)	জিডিএফ (বৈঃমুঃ)	প্রঃসাঃ	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১৮,৮০০ (১৫,০০০)	১৮,৮০০ (১৫,০০০)	-	-	এপ্রিল'২০১৭-জুন'২০১৮	১১-৬-২০১৭	-	-
সংশোধিত (১ম)	১৮,৮০০ (১৫,০০০)	১৮,৮০০ (১৫,০০০)	-	-	এপ্রিল'২০১৭-ডিসেম্বর'২০১৮	২৩-০৭-২০১৮	-	৪০%

প্রকল্প সংশোধনের প্রধান কারণঃ

প্রকল্পের আওতায় ২ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার জন্য আন্তর্জাতিক সাইসমিক সার্ভিস প্রোভাইডার নিয়োগের লক্ষ্যে গত মে'২০১৭ মাসে ই.ও.আই আহ্বান করার মাধ্যমে দরপত্র প্রক্রিয়া শুরু করা হয়। পিপিআর অনুযায়ী দরপত্র প্রক্রিয়ার বিভিন্ন ধারাবাহিক ধাপ অতিক্রম করে সাইসমিক সার্ভিস প্রোভাইডার হিসাবে ''সিনোপেক ইন্টারন্যাশনাল পেট্রোলিয়াম সার্ভিস করপোরেশন'' এর সাথে গত ২৮/১২/২০১৭ তারিখে চুক্তি সম্পাদিত হয়। প্রকল্পের Time Bound Action Plan অনুযায়ী চুক্তি সম্পাদনের নির্ধারিত সময় ছিল অক্টোবর'২০১৭ এবং কার্য সম্পাদনের নির্ধারিত সময় ছিল জুন'২০১৮। কিন্তু দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে চুক্তি সম্পাদনে ২ মাস বিলম্ব ঘটে। প্রকল্পের অনুমোদিত ডিপিপি এর মেয়াদ ছিল এপ্রিল'১৭-৩০ জুন'২০১৮ পর্যন্ত। প্রকল্পের টার্মস অফ রেফারেন্স অনুযায়ী সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার সময় ৮মাস (অক্টোবর-মে) হলেও তা হ্রাস পেয়ে ৬ মাস (জানুয়ারী-জুন) হয়। চুক্তি সম্পাদনের পরে মাত্র দেড় মাস সময়ে প্রায় ১০ মিলিয়ন মার্কিন ডলার মূল্যের যন্ত্রপাতি, মালামাল আমদানি করা হয় এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ভেটিং, পুনরপ্তানি ভিত্তিতে সাইসমিক ইকুইমেন্ট সমূহ আমদানী, কাস্টম ছাড় সম্পন্ন, মাঠ পর্যায়ে মোবিলাইজেশান সম্পন্ন করে ২টি সাইসমিক ক্রু এর ১০০ বিশেষজ্ঞ ও ৩০০০ ক্রু এর সমন্বয়ে ফেব্রুয়ারী মাসের ২য় সপ্তাহ হতে উপাত্ত সংগ্রহ কার্যক্রম শুরু করা হয়। বাংলাদেশে সাইসমিক ডাটা একুইজিশন কার্যক্রম মূলত শুষ্ক মৌসুম তথা অক্টোবর হতে মার্চ (৬ মাস) সময়ে এবং বর্ষা মৌসুমে প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন কার্যক্রম সম্পন্ন করা হয়। এ ক্ষেত্রে সাইসমিক ডাটা একুইজিশন কার্যক্রম ফেব্রুয়ারী মাসে শুরু করা হয়। ফলে প্রকল্পের Terms of Reference (TOR) অনুযায়ী প্রকল্পের সার্বিক কার্যক্রম সুচারূরূপে সম্পন্নের জন্য প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধি তথা ডিসেম্বর' ১৮ নাগাদ বিনা ব্যয় ব্যতিরেকে সময় বৃদ্ধি করে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

১৩। প্রকল্পে অর্থায়নঃ

গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ):

লক্ষ টাকা

মোট	ঋণ	অনুদান/ইক্যুইটি	Cash Foreign Exchange
(১)	(২)	(৩)	(৪)
১৫,০১২.০৪	১৫,০১২.০৪	-	-

এ প্রকল্পের অর্থ গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) হতে ঋণ হিসেবে নেওয়া হয়েছে। বিনিয়োগকৃত অর্থে গৃহীত প্রকল্প লাভজনক/বাণিজ্যিকভাবে সফল বিবেচিত হলে সমুদয় অর্থ ৩ বছর গ্রেস পিরিয়ডসহ প্রকল্প শুরুর ১০ বছরের মধ্যে

ষান্মাসিক ভিত্তিতে মোট ১৪ কিস্তিতে (৪ র্থ হতে ১০ম বছরের মধ্যে) ২% সার্ভিস চার্জ সহ ফেরত প্রদান করতে হবে। তবে, শর্ত থাকে যে, কেবলমাত্র গ্যাস অনুসন্ধানের নিমিত্ত গৃহীত প্রকল্পে উত্তোলনযোগ্য গ্যাস পাওয়া না গেলে অথবা অর্থনৈতিক দিক দিয়ে বিবেচনায় লাভজনক না হলে সংশ্লিষ্ট অর্থ তহবিলে ফেরত প্রদান করতে হবে না। এ ক্ষেত্রে উল্লেখিত অর্থ অনুদান হিসাবে বিবেচিত হবে।

১৪। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

পিসিআর অনুযায়ী প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৫,০১২.০৪ লক্ষ টাকা যা মোট ছাড়কৃত ১৫,১৯৫.০০ লক্ষ টাকার ৯৮.৭৯%। প্রকল্প পরিচালক জানান প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০%। প্রকল্পের আওতায় সমাপ্ত সাইসমিক সার্ভের ফলাফল নিম্নে ছক আকারে উপস্থাপিত হলোঃ

ভৌত অগ্রগতিঃ

অর্থ বছর	এলাকা	ব্লক	লাইন কিঃমিঃ	ফলাফল
২০১৭-১৮	ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, রাজবাড়ি, ফরিদপুর, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালি, বরগুণা, ভোলা, বাগেরহাট	৩বি, ৬বি, ৭	২২২৫	প্রকল্পের আওতায় ৩০০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক সার্ভে সমাপ্ত হয়েছে। প্রাথমিক ভাবে উক্ত ৩টি ব্লকে ১০ টি সম্ভাবনাময় Seismic Lead চিহ্নিত করা হয়েছে। সম্ভাবনাময় লিড গুলোর তালিকা ''পরিশিষ্ট-ক'' তে উল্লেখ করা হয়েছে। সম্ভাবনাময় ১০টি লিডের সম্ভাব্য Hydrocarbon Resource এর পরিমাণ ১০ ট্রিলিয়ন ঘনফুট গ্যাস এর সমতুল্য।
২০১৮-১৯			৭৭৫	

আর্থিক অগ্রগতিঃ

(লক্ষ টাকা)

অর্থ বছর	এডিপি বরাদ্দ			ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট (বৈঃমুঃ)	টাকা (বৈঃমুঃ)	জিডিএফ (বৈঃমুঃ)	মোট (বৈঃমুঃ)	টাকা (বৈঃমুঃ)	জিডিএফ (বৈঃমুঃ)	
(১)	(২)	(৩)	(৪)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৭-১৮	৬৭৯৫.০০ (৫৭০০.০০)	৬৭৯৫.০০ (৫৭০০.০০)	৬৭৯৫.০০ (৫৭০০.০০)	৬৭৯০.২৮ (৫৭০০.০০)	৬৭৯০.২৮ (৫৭০০.০০)	৬৭৯০.২৮ (৫৭০০.০০)	৪.৭২
২০১৮-১৯	৮৪০০.০০ (৬৯০০.০০)	৮৪০০.০০ (৬৯০০.০০)	৮৪০০.০০ (৬৯০০.০০)	৮২২১.৭৬ (৬৭৫২.০০)	৮২২১.৭৬ (৬৭৫২.০০)	৮২২১.৭৬ (৬৭৫২.০০)	১৭৮.২৪

২০১৭-১৮ হতে ২০১৮-১৯ অর্থ বছর পর্যন্ত মোট ১৫,১৯৫.০০ লক্ষ টাকা জিডিএফ ফান্ড হতে ছাড় করা হয় এবং ১৫,০১২.০৪ লক্ষ টাকা খরচ হয়, অর্থাৎ মোট ১৮২.৯৬ লক্ষ টাকা অব্যয়িত ছিলো। অব্যয়িত অর্থের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৪.৭০ লক্ষ টাকা, ২০১৮-১৯ অর্থ বছরে মোট ১৭৮.২৬ লক্ষ টাকা পেট্রোবাংলায় ফেরত প্রদান করা হয়েছে।

১৫। পর্যবেক্ষণঃ

প্রকল্পের পিসিআর দাখিলের পর সন্নিবেশিত তথ্য যাচাই করে মূল্যায়ন প্রতিবেদন দাখিলের জন্য ইবগত ৩১ জুলাই ২০১৯ তারিখে বাপেক্স এর সদর দপ্তরে প্রকল্প পরিচালকের কার্যালয়ে রক্ষিত কাগজপত্রাদি পরীক্ষা করা হয়। কাগজপত্রাদি পরীক্ষা কালে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট অন্যান কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প পরিচালকের বক্তব্য এবং নথিপত্র প্রাপ্ত

তথ্যাদির বিষয়ে বাপেক্স এর ব্যবস্থাপনা পরিচালকের সাথে আলোচনাপূর্বক তাঁর বক্তব্যও গ্রহণ করা হয়। আলোচনাকালে জানা যায় যে, কোন এলাকার ভূগর্ভস্থ খনিজ সম্পদ বিশেষত: তেল, গ্যাসের মজুদ সম্পর্কে প্রাথমিক ধারণা লাভের জন্যই সাইসমিক জরীপ সম্পন্ন করা হয়। সাধারণভাবে সাইসমিক জরীপ ঐ এলাকায় তেল বাগ্যাসের মজুদ প্রাপ্তি বিষয়ে শতভাগ নিশ্চয়তা প্রদান করে না। তবে পর্যায়ক্রমিকভাবে সাইসমিক জরীপ পরিচালনা অব্যাহত রাখলে ঐ এলাকার তেল বা গ্যাসের মজুদ সম্পর্কে তুলনামূলক স্পষ্ট ধারণা পাওয়া যায়। এভাবে অধিকতর সম্ভাবনা দেখা দিলে সেখানে পরবর্তীতে কূপ খনন করা হয়ে থাকে। সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা এবং কর্মকতাদের সাথে আলোচনায় প্রাপ্ত তথ্য অনুযায়ী পর্যালোচনা মন্তব্য প্রস্তুত করা হয়েছে।

প্রকল্পের আওতায় চুক্তি মোতাবেক অনুসন্ধান ব্লক ৩বি, ৬বি এবং ৭ এ ১৮টি জেলায় মাত্র ১১ মাস তথাঃ ফেব্রুয়ারী'১৮-ডিসেম্বর'১৮ পর্যন্ত মাঠ পর্যায়ে অ্যাকুইজিশন ও চায়নাতে প্রসেসিং, ইন্টারপ্রিটেশন সম্পাদন করে প্রকল্পের ৩০০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক সার্ভে সমাপ্ত হয়েছে। প্রকল্পের সার্বিক কার্যক্রম তদারকি করার জন্য বাপেক্স এর পক্ষ থেকে দপ্তর স্মারক ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.১৭/১৩, তারিখঃ ১৯-২-২০১৮ মূলে একটি কারিগরী কমিটি এবং দপ্তর স্মারক ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০২.১৭/১৪, তারিখঃ১৯-২-২০১৮ মূলে একটি আর্থিক ও আইনগত কমিটি গঠন করা হয়।

কারিগরী কমিটির কার্যপরিধি:

১. কমিটি ''২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৩বি, ৬বি এবং ৭'' শীর্ষক প্রকল্পের কারিগরি বিষয়াদি তদারকি করবে এবং অর্পিত দায়িত্ব পালনকালে প্রয়োজন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট কার্যক্রম সংক্রান্তে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবহিত করবে।
২. কমিটি প্রকল্প সমাপ্তির পর এতদসংক্রান্তে প্রতিবেদন প্রস্তুতকরতঃ (Soft copy সহ) ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে দাখিল করবে।

আর্থিক ও আইনগত কমিটির কার্যপরিধি:

১. কমিটি ''২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৩বি, ৬বি এবং ৭'' শীর্ষক প্রকল্পের আর্থিক ও আইনগত বিষয়াদি তদারকি করবে এবং অর্পিত দায়িত্ব পালনকালে প্রয়োজন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট কার্যক্রম সংক্রান্তে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে অবহিত করবে।
২. কমিটি প্রকল্প সমাপ্তির পর এতদসংক্রান্তে প্রতিবেদন প্রস্তুতকরতঃ (Soft copy সহ) ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে দাখিল করবে।

বাপেক্স কর্তৃক গঠিত কারিগরী কমিটি প্রকল্পের কার্যক্রম তদারকি করে প্যাকেজ ভিত্তিক (Seismic Data Acquisition, processing, Interpretation) প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদন সমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের সার্ভিস প্রোভাইডারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী সার্ভিস প্রোভাইডার সিনোপেক ইন্টারন্যাশনাল পেট্রোলিয়াম সার্ভিস করপোরেশন যথাযথভাবে কার্যক্রম সম্পন্ন করেছে। কারিগরী কমিটি কর্তৃক প্রদত্ত প্রতিবেদনের ভিত্তিতে আর্থিক ও আইনগত কমিটি সার্ভিস প্রোভাইডার কর্তৃক দাখিলকৃত বিল পরিশোধের সুপারিশ করেছে।

উপাত্ত সংগ্রহঃ

মাত্র ১ বছরে ৩০০০ লাইন কিঃমি ২ডি সাইসমিক সার্ভে অত্যন্ত চ্যালেজিং ছিল। এ ক্ষেত্রে ২টি সিনোপেক সাইসমিক ক্রু এর ১০০ চীনা কারিগরী কর্মকর্তা ও ৩০০০ দক্ষ ও আধাদক্ষ বাংলাদেশী শ্রমিকের সমন্বয়ে পর্যাপ্ত পরিমাণ সর্বাধুনিক প্রযুক্তির ইকুইপমেন্ট ও লজিস্টিকের সাহায্যে সার্ভে সম্পন্ন করা হয়। প্রকল্পের অপারেশনাল সময় কম থাকায় বাংলাদেশে প্রথমবারের মত আকাশপথে ফ্রান্স ও মালয়েশিয়া থেকে সাইসমিক এক্সপ্লোসিভ আমদানী করা হয় যা সাধারণত ভারত থেকে সড়কপথে আমদানী করতে ৮ মাসের মত সময় লেগে যায়। এ ছাড়া বাংলাদেশে প্রথশবারের মত উক্ত প্রকল্পে পরীক্ষামূলকভাবে Vibroseis এর সাহায্যে এক্সপ্লোসিভ ছাড়া ডাটা এ্যাকুইজিশন করা হয়।

উপাত্ত প্রক্রিয়াকরণঃ

উক্ত প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত উপাত্ত Post Stack Time Migration প্রক্রিয়াকরণ ছাড়াও Advanced Seismic Data Processing: Pre-Stack time migration, Pre-stack gather, angle stack, AVO stack, Inversion Stack সম্পন্ন করা হয় যার মাধ্যমে কোন পেট্রোলিয়াম বেসিনে সরাসরি হাইড্রোকার্বনের উপস্থিতি সম্পর্কে ধারণা পাওয়া যায়।

উপাত্ত বিশ্লেষণঃ

উক্ত প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত উপাত্ত ব্যবহার করে Time and depth map preparation ছাড়াও Advanced Seismic Data Interpretation: AVO analysis, Inversion Analysis, Sequence Stratigraphic Analysis, Structural & Fault Modeling, Advanced basin modeling for resource estimation সম্পন্ন করা হয় যার মাধ্যমে কোন পেট্রোলিয়াম বেসিনে সরাসরি হাইড্রোকার্বনের উপস্থিতি ও সম্ভাব্য রিসোর্স সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যায়। প্রকল্পের কার্যক্রম সমাপন্তে গত ১৮-১২-২০১৮ তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের মাননীয় সচিব মহোদয়ের উপস্থিতিতে মন্ত্রণালয়ের বিদ্যুৎ ভবনে প্রকল্পের সার্বিক কার্যক্রমের উপর একটি কারিগরী প্রেজেন্টেশান প্রদান করা হয়। প্রকল্পের বিভিন্ন পর্যায়ে সম্পাদিত উপাত্ত বিশ্লেষণ কার্যক্রমের চিত্র ''পরিশিষ্ট-খ'' তে উল্লেখ করা হয়েছে।

১৬। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী):

প্রকল্পের আওতায় পিপিআর-২০০৮ অনুযায়ী যে সকল কার্য, সেবা ও পণ্য ক্রয় করা হয়েছে তার মধ্যে ১টি প্রধান ক্রয় কার্যক্রমের বিস্তারিত তথ্য পরীক্ষা করা হয়েছে। বিস্তারিত তথ্যের সারসংক্ষেপ সংযুক্ত (**''পরিশিষ্ট-গ''**)

ক) কার্যঃ এ প্রকল্পের আওতায় কোন প্রকার কার্য (Works) ক্রয় করা হয়নি ।
খ) সেবা:

কাজের বিবরণ	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		কাজ/সেবা/মালামাল সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
Engagement of Service Provider	১৫,০০০.০০	১২,৫৯৮.৭৪	১১/৫/২০১৭	২৮/১২/২০১৭	৩১/১২/২০১৮	৩১/১২/২০১৮
Environmental Impact Assessment	৫.০০	৪.৯৪	২৫/৭/২০১৭	১/৪/২০১৮	৩১/১২/২০১৮	৩১/১২/২০১৮
Hiring of Vehicles	১২.০০	১২.০০	২৮/৯/২০১৭	১৫/২/২০১৮	৩১/১২/২০১৮	৩১/১২/২০১৮

গ) পণ্যঃ

কাজের বিবরণ	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		কাজ/সেবা/মালামাল সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
Computer & Accessories	২.০০	২.০০	স্পট কোটেশান ক্রয়		৩১/১২/২০১৮	৩১/১২/ ২০১৮
Furniture	২.০০	১.৯৬	স্পট কোটেশান ক্রয়		৩১/১২/২০১৮	৩১/১২/ ২০১৮

১৭। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
মোহাম্মদ মঈনুল হোসেন উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ)	√	-	০৫/০৯/২০১৭	৩১/১২/২০১৮

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১) ২ডি সাইসমিক সার্ভের মাধ্যমে খননকার্য পরিচালনার জন্য ভূ-অভ্যন্তরে সম্ভাব্য Lead/Prospects সমূহ চিহ্নিতকরন।	৩০০০ লাইন ২ডি সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে বেশ কয়েকটি Structural/ Stratigraphic/ Combination Traps চিহ্নিত করা হয়েছে।
২) ভূ-অভ্যন্তরের সম্ভাব্য Structural / Stratigraphic/ Combination Traps চিহ্নিতকরন।	৩০০০ লাইন ২ডি সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে ১০টির অধিক সম্ভাবনাময় Lead/Prospects চিহ্নিত করা হয়েছে।
৩) নতুন Hydrocarbon resource/ reserve বৃদ্ধির লক্ষ্যে ভূ-অভ্যন্তরে নতুন অনুসন্ধান কূপ খননস্থান চিহ্নিতকরন।	সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে ২টি সম্ভাবনাময় অনুসন্ধান ক্ষেত্রঃ Oligocene Fault Bounded Anticlinal Prospect এবং Mio-Pliocene Structural-Stratigraphic Prospect চিহ্নিত করা হয়েছে। চিহ্নিত লিডসমূহে বাপেক্স স্বল্প ও মধ্য মেয়াদে ব্লক ৩বি,৬বি এবং ৭ এ ডিটেইল সাইসমিক সার্ভে সম্পাদনের পরিকল্পনা করেছে যার মাধ্যমে চিহ্নিত লিডসমূহকে প্রসপেক্টে রূপান্তরকরণ করা হবে। প্রকল্পের মাধ্যমে চিহ্নিত ২টি প্রসপেক্ট যথাঃ 'শরীয়তপুর' ও 'সাভার-সিংগাইর' এ ২০২২ সাল নাগাদ বাপেক্স ২টি অনুসন্ধান কূপ খননের পরিকল্পনা করেছে। এতদসংক্রান্ত বাপেক্সের কর্মপরিকল্পনা ''পরিশিষ্ট-ঘ'' তে সংযুক্ত।

১৯। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ : প্রকল্প পরিচালকের দপ্তরে প্রাপ্ত তথ্য এবং সংশ্লিষ্টদের সাথে আলোচনাকালে জানা যায় যে, প্রকল্পটির উদ্দেশ্য মোটামোটিভাবে অর্জিত হয়েছে এবং এর মাধ্যমে প্রাপ্ত তথ্য উপাত্তের ভিত্তিতে বাপেক্স ভবিষ্যতে কূপ খননের জন্য কর্মপরিকল্পনাভূক্ত করেছে।

২০। অডিট :

বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক ২০১৭-১৮ অর্থ বছরের বাণিজ্যিক অডিট সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কার্যক্রমে সার্ভিস প্রোভাইডারের বিলের উপর প্রদেয় ট্যাক্সে এবং ভ্যাট বাবদ চালানের মাধ্যমে জমাকৃত ২৫,২১,৫২,৯২৭/- টাকা চালান অনলাইন ভেরিফিকেশন পাওয়া যায়নি মর্মে বাণিজ্যিক অডিট অধিদপ্তর প্রাথমিক নিরীক্ষা

আপত্তি প্রদান করেছিল। পরবর্তিতে বাপেক্স কর্তৃক চালানের অনলাইন ভেরিফিকেশন ফটোকপিসহ বাণিজ্যিক অডিট অধিদপ্তরকে অবহিত করে অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়। ২০১৮-১৯ অর্থ বছরের বাণিজ্যিক অডিট এখনও সম্পাদিত হয়নি।

২১। প্রকল্প বাস্তবায়ন সমস্যা : প্রযোজ্য নয়।

২২। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):

প্রকল্প বাস্তবায়নে কিছুটা **Time Over-run** হয়েছে (৪০%)। প্রকল্প বাস্তবায়নের জন্য ১৫ মাস সময় নির্ধারিত ছিল কিন্তু প্রকৃত বাস্তবায়নে ২১ মাস সময় লেগেছে। এ বিষয়ে বিস্তারিত ব্যাখা প্রতিবেদনের ১২ নং অনুচ্ছেদে বর্ণনা করা হয়েছে।

২৩। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (If any): প্রযোজ্য নয়।

২৪। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ: পিপিআর অনুযায়ী দরপত্র প্রক্রিয়ার বিভিন্ন ধারাবাহিকতা অনুসরণের জন্য চুক্তি সম্পাদনে ২ মাস বিলম্ব ঘটেছে।

২৫। মতামত:

১) যে কোন দেশের ভূগর্ভস্থ খনিজ সম্পদ বিশেষত তেল ও গ্যাস অনুসন্ধান একটি ধারাবাহিক প্রক্রিয়া। তেল ও গ্যাস অনুসন্ধান কার্যক্রম অধিকতর দক্ষতা, নিপুণতার এবং অর্থনৈতিকভাবে লাভজনকভাবে সম্পাদনের জন্যই বিভিন্ন প্রকার সার্ভে করা হয়ে থাকে। সার্ভের মাধ্যমে প্রাপ্ত ডাটা দক্ষতা ও বুদ্ধিমত্তার সাথে এনালাইসিস করাও খুব গুরূত্বপূর্ণ। সাইসমিক ডাটা সংগ্রহ প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত তথ্যাদির কারিগরী প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন আন্তর্জাতিক মানের Software ব্যবহারপূর্বক বিশ্লেষণ করে পরবর্তী কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে এ বিষয়ে অভিজ্ঞ পরামর্শক নিয়োগের মাধ্যমে তথ্য বিশ্লেষণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

২) সাইসমিক জরীপ পরিচালনার জন্য দেশীয় প্রতিষ্ঠান বাপেক্স এর সক্ষমতার সর্বোচ্চ ব্যবহার করতে হবে।

৩) নিরীক্ষা অধিদপ্তরের সাথে যোগযোগের মাধ্যমে দ্রুততার সাথে প্রকল্পের ২০১৮-১৯ অর্থবছরের নিরীক্ষা সম্পন্ন করতে হবে।

৪) গ্যাস উৎপাদন বৃদ্ধির জন্য নতুন নতুন অনুসন্ধান কূপ খননের লক্ষ্যে এ প্রকল্পের তথ্য-উপাত্ত ব্যবহার করার বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় পরীক্ষা করে দেখতে পারে।

পরিশিষ্ট-ক

2D Seismic Survey Over Exploration Block 3B, 6B & 7

List of Prospective Leads/Prospects

Name / NO	Block	Type	Depth of culmination/ m	Min closing line/m	Closing height/m	Area /km^2	Degree of reliability	Seismic Line
1	3B	Fault-block	-5800	-8000	2200	255.6	May Reliable	1012-2, 1014, 1016, 1011, 1013, 1015
2	3B	Fault-block	-7000	-8000	1000	24.9	May Reliable	1012, 1014
3	3B	Anticline	-1400	-1500	100	25.7	Reliable	1012-2, 1017
4	3B	Anticline	-1550	-1700	150	184.9	Reliable	1015, 1018, 1020, 1022, 1024, 1013
5	6B,7	Anticline	-2100	-2300	200	138.6	Reliable	1401, 1040, 1421, r02, 12,
6	6B,7	Anticline	-2200	-2400	200	21.3	Reliable	r02, 1044, r01, 1033
7	6B,7	Faulted nose	-1325	-1350	25	4.8	May Reliable	ms4
8	6B,7	Faulted nose	-1300	-1350	50	22.3	Reliable	1036, ms2, ms5, 1035
9	6B,7	Anticline	-1250	-1300	50	59.2	Reliable	1040, 1421, 1027
10	6B,7	Anticline	-1400	-1425	25	8.5	May Reliable	r01, r02



চিত্র ১: ব্লক বাউন্ডরী, সাইসমিক লাইন, লিড লোকেশন ম্যাপ।



চিত্র ২: মুলাদি কূপের সাথে নতুন আহরিত সাইসমিক উপাত্তের সংযোগ সাধন ও ভূতাত্ত্বিক বাউন্ডারী নির্ধারণ।



চিত্র ৩: শরীয়তপুর প্রসপেক্টের প্রস্থচ্ছেদ।



চিত্র ৪: সাভার-সিংগাইর প্রসপেক্টের প্রস্থচ্ছেদ।



চিত্র ৫: অলিগোসিন ভূতাত্ত্বিক সময়ে ব্লক-৩বি এর স্ট্রাকচারাল মানচিত্র।



চিত্র ৬: প্রারম্ভিক প্লায়োসিন ভূতাত্ত্বিক সময়ে ব্লক-৬বি, ৭ এর স্ট্রাকচারাল মানচিত্র।



চিত্র ৭: Seismic Inversion প্রযুক্তি ব্যবহার করে শিলাস্তর চিহ্নিতকরণ।



চিত্র ৮: Seismic AVO প্রযুক্তি ব্যবহার করে সরাসরি হাইড্রোকার্বনের উপস্থিতি চিহ্নিতকরণ।



চিত্র ৮: 3 Dimensional Basin Modeling প্রযুক্তি ব্যবহার করে সম্ভাব্য হাইড্রোকার্বন ট্র্যাপ চিহ্নিতকরণ।

সিনোপেক ইন্টারন্যাশনাল পেট্রোলিয়াম সার্ভিস করপোরেশন নিয়োগের দরপত্র সংক্রান্ত কার্যক্রমের সংক্ষিপ্তসার

কার্যক্রম	**বোর্ড সিদ্ধান্ত**	**তারিখ**	**সময় (দিন)**
বাপেক্স বোর্ড কর্তৃক প্রকল্পের ডিপিপি অনুমোদন	**বাপেক্স বোর্ডঃ সভা ৩৭৮**	৩/১০/২০১৬	
সার্ভিস প্রোভাইডার নিয়োগের জন্য ইওআই আহ্বান এর অনুমোদন	**বাপেক্স বোর্ডঃ সভা ৩৮৭**	১১/৫২০১৭	
পত্রিকায় ইওআই বিজ্ঞপ্তি প্রকাশ		২২/৫/২০১৭	
ইওআই বিজ্ঞপ্তি উন্মোচন কমিটি দপ্তর স্মারকঃ ১২৩.০১.৮৩১/৪১০১		০৮/৬/২০১৭	
ইওআই বিজ্ঞপ্তি যাচাই-বাছাই ও মূল্যায়ন কমিটি দপ্তর স্মারকঃ ১২৩.৫২.৮৩১/৪১০১		০৮/৬/২০১৭	
আর.এফ.পি প্রস্তুতকরণ কমিটি দপ্তর স্মারকঃ ১১৪.১০.২০/৩২		০৮/৬/২০১৭	
ডিপিপি প্রশাসনিক অনুমোদন প্রাপ্তি		**১১/৬/২০১৭**	
ইওআই বিজ্ঞপ্তি উন্মোচন টেন্ডার সময় (২১ দিন)		১৫/৬/২০১৭	২৩
ইওআই এর সংক্ষিপ্ত তালিকাভূক্তি প্রতিবেদন দাখিল আবেদনকারী প্রতিষ্ঠানঃ ১২টি সংক্ষিপ্ত তালিকাভূক্তঃ ৩টি		১৬/৭/২০১৭	৩০
ইওআই এর সংক্ষিপ্ত তালিকাভূক্তি এবং আর.এফ.পি অনুমোদন	**বাপেক্স বোর্ডঃ সভা ৩৮৯**	**১৮/৭/২০১৭**	২
আর.এফ.পি প্রেরণ টেন্ডার সময় (৪২ দিন)		২৪/৭/২০১৭	৭
প্রি-বিড সভা		২১/৮/২০১	
প্রকল্প পরিচালক নিয়োগ		৫/৯/২০১৭	
আর.এফ.পি উন্মোচন, যাচাই-বাছাই ও মূল্যায়ন কমিটি দপ্তর স্মারকঃ ১২৩.৫২.৮৩১/৪১০১		৬/৯/২০১৭	
আর.এফ.পি উন্মোচন		১২/৯/২০১৭	৪৮
আর.এফ.পি কারিগরী মূল্যায়ন প্রতিবেদন দাখিল		২/১০/২০১৭	২০
আর.এফ.পি কারিগরী মূল্যায়ন প্রতিবেদন ও আর্থিক দরপত্র উন্মোচনের অনুমোদন	**বাপেক্স বোর্ডঃ সভা ৩৯২**	৪/১০/২০১৭	২
আর্থিক দরপত্র উন্মোচন কমিটি দপ্তর স্মারকঃ ১২৩.০১.৮৩১/৪৩৩০		৫/১০/২০১৭	
আর্থিক দরপত্র উন্মোচন		৯/১০/২০১৭	৫
চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন দাখিল		১৮/১০/২০১৭	৯
চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন ও নেগোসিয়েশান অনুমোদন *বোর্ড কর্তৃক কারিগরী মূল্যায়ন প্রতিবেদন পুনঃনিরীক্ষণ এর সিদ্ধান্ত প্রদান	**বাপেক্স বোর্ডঃ সভা ৩৯৩**	**২৫/১০/২০১৭**	৭
নেগোসিয়েশান কমিটি গঠন দপ্তর স্মারকঃ ১২৩.০১.৮৩১/৪৩৮৩		**৩০/১০/২০১৭**	
কারিগরী মূল্যায়ন পুনঃনিরীক্ষণ প্রতিবেদন দাখিল		৬/১১/২০১৭	১১
নেগোসিয়েশান সম্পন্ন		৭/১১/২০১৭	
কারিগরী মূল্যায়ন পুনঃনিরীক্ষণ প্রতিবেদন ও চুক্তিমূল্য অনুমোদন	**বাপেক্স বোর্ডঃ সভা ৩৯৫**	২০/১১/২০১৭	১৪
কার্যাদেশ প্রদান		৪/১২/২০১৭	১৫
পিজি দাখিল পি.জি. দাখিল সময় (২১ দিন)		২০/১২/২০১৭	১৫
চুক্তি সম্পাদন		**২৮/১২/২০১৭**	**৮ মাস**

২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৩বি, ৬বি এবং ৭ শীর্ষক প্রকল্পের ফলাফলের উপর ভিত্তি করে বাপেক্সের ভবিষৎ সাইসমিক ও কূপ খনন পরিকল্পনা।

"গাছ লাগান, গাছের পরিচর্যা করুন এবং পরিবেশ বাঁচান"- প্রধানমন্ত্রী

"শিল্পে প্রাকৃতিক গ্যাস গৃহস্থালীতে বিকল্প জ্বালানী"

"বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

BAPEX বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

সূত্র নং-২৮.০৯.০০০০.০৬৭.০৫.০০২.১৮/ ১৭৩

তারিখঃ ২১-০৫-২০১৯

পরিচালক (পরিকল্পনা)
পেট্রোবাংলা
৩, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা
ঢাকা-১২১৫।

বিষয়ঃ জ্বালানি খাতে ভবিষ্যতে গৃহিতব্য উন্নয়ন প্রকল্পের তথ্য প্রেরণ প্রসঙ্গে।
সূত্র নং-১) ২৮.০২.০০০০.০৬২.০৭.৬১.১৮/৭৯ তারিখ: ১৮-০৪-২০১৯
২) ২৮.০২.০০০০.০৬২.০৭.৬১.১৮/৯০ তারিখ: ০২-০৫-২০১৯

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রদ্বয়ের চাহিদার প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৯-০৪-২০১৯ তারিখে একই বিভাগে অনুষ্ঠিত সভার আলোচনা, দিক-নির্দেশনা অনুযায়ী ২০১৯-২০২১, ২০২২-২০৩০, ২০৩১-২০৪১ সময়ে গৃহিতব্য উন্নয়ন প্রকল্পসমূহের তথ্যাদি সংশোধনপূর্বক এতদসঙ্গে সবিনয় প্রেরণ করা হল।

আপনার বিশ্বস্ত,

২১.৫.২০১৯
(মীর মোঃ আব্দুল হান্নান)
ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী।

অবগতি:
১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল), পেট্রোবাংলা, ঢাকা।
২) উপব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, বাপেক্স, ঢাকা।
৩) অফিস কপি।

২২/৫/১৯

২২/৫/১৯

DIRECTOR (PLANNING) SECTION
Received by
Date.....
PETROBANGLA, DHAKA

Shahjalal Tower, 80/A-B Siddeshwari Circular Road, Malibagh, Dhaka-1217 Phone PABX : 88-02-9359582, 9360119-20
9360427-28, Fax : 88-02-9355704, Website : www.bapex.com.bd E-mail : gmplanning@bapex.com.bd

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রকল্পের মূল কাজ	প্রকল্প গ্রহণের যৌক্তিকতা	আনুমানিক ব্যয় (লক্ষ টাকা)	অর্থায়নের উৎস	মেয়াদকাল	বাস্তবায়ন কারী সংস্থা	সম্ভাব্য ফলাফল
২ডি সাইসমিক সার্ভে								
২০১৯-২০২১ পর্যন্ত								
১	রূপকল্প-৯: ২ডি সাইসমিক প্রকল্প	অনুসন্ধান ব্লক-৮ ও ১১ এ ৩০০০ লাইন কি. মি. ২ডি জরিপ সম্পাদন	ইতোমধ্যে রিজিওনাল সাইসমিক জরিপের মাধ্যমে অনুসন্ধান ব্লক-৮ এ চিহ্নিত লিড সমূহে ডিটেইল ২ডি জরিপ সম্পাদন করে প্রসপেক্ট রূপান্তরকরণের সম্ভাব্যতা যাচাই, ব্লক-১১ এ রিজিওনাল জরিপ সম্পাদন	১২, ৩৩৮ (বার হাজার তিনশত আটত্রিশ)	জিডিএফ	০১-০৪-২০১৭-৩০-০৬-২০১৯	বাপেক্স	৩০০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে অনুসন্ধান ব্লক-৮ ও ১১তে সম্ভাবনাময় প্রসপেক্ট সমূহে অনুসন্ধান কূপ খনন করা সম্ভব হবে।
২	২১০০ লাইন কিঃমিঃ ২ডি ক্রোসগ্রিড/রিজওনাল সাইসমিক জরিপ প্রকল্প	ব্লক নং- ৩বি, ৬বি, ১০, ১৫, ৯ (অংশ) এ ২১০০ লাইন কিঃমিঃ ২ডি ক্রোসগ্রিড/রিজওনাল সাইসমিক জরিপ সম্পাদন।	বাংলাদেশের দক্ষিণাঞ্চলের বদ্বিপ অঞ্চলে অবস্থিত ভোলা জেলায় শাহবাজপুর গ্যাসক্ষেত্রে উল্লেখযোগ্য পরিমাণ গ্যাসের মজুদ আবিষ্কৃত হয়েছে। ভোলা জেলার মত অনুরূপ ভূতাত্ত্বিক বৈশিষ্ট মন্ডিত নোয়াখালী, লক্ষীপুর, চাঁদপুর, কুমিল্লা, ফেনী জেলার দক্ষিণাংশ ২১০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক জরীপ সম্পাদন।	১১,০০০ (এগার হাজার)	জিডিএফ	২০১৯-২০২১	বাপেক্স	২১০০ লাইন কিঃমিঃ ক্রোসগ্রিড/রিজওনাল ২ডি সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে সাউদার্ন ডেল্টা অঞ্চলে সম্ভাবনাময় প্রসপেক্ট সমূহে অনুসন্ধান কূপ খনন করা সম্ভব হবে।
২০২২-২০৩০পর্যন্ত								
১	৫০০০ লাইন কিলোমিটার ২ডি ক্রোসগ্রিড সাইসমিক জরিপ	ব্লক নং- ৮, ১১, ৭ এবং ৩বি, ৬বি, ১০, ১৫, ৯ (অংশ) এ প্রয়োজনীয় লাইনসহ ৫০০০ লাইন কিঃমিঃ ২ডি ক্রোসগ্রিড/রিজওনাল সাইসমিক জরিপ সম্পাদন।	ইতোমধ্যে রিজিওনাল ও সেমি ডিটেইল ২ডি সাইসমিক জরীপের মাধ্যমে চিহ্নিত লিডে ডিটেইল ২ডি জরিপ সম্পাদন করে প্রসপেক্টে রূপান্তরকরণের সম্ভাব্যতা যাচাই।	৩০,০০০ (ত্রিশ হাজার)	জিডিএফ	২০২২-২০২৬	বাপেক্স	৫০০০ লাইন কিঃমিঃ ক্রোসগ্রিড ২ডি সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে সম্ভাবনাময় প্রসপেক্ট সমূহে অনুসন্ধান কূপ খনন করা সম্ভব হবে।

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রকল্পের মূল কাজ	প্রকল্প গ্রহণের যৌক্তিকতা	আনুমানিক ব্যয় (লক্ষ টাকা)	অর্থায়নের উৎস	মেয়াদকাল	বাস্তবায়নকারী সংস্থা	সম্ভাব্য ফলাফল
২০৩১-২০৪১পর্যন্ত								
১	১০,০০০ লাইন কিলোমিটার ২ডি সাইসমিক সার্ভে ওভার হিল্ল জোন এন্ড ফোরডিপ জিওলজিক্যাল প্রভিন্স প্রকল্প	অনুসন্ধান ব্লক ২এ, ২বি, ৩এ, ৩বি, ৪এ, ৪বি, ৬এ, ৬বি, ৯ তে ১০০০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক সার্ভে সম্পাদন।	ইতোমধ্যে রিজিওনাল ও সেমি ডিটেইল ২ডি সাইসমিক জরীপের মাধ্যমে চিহ্নিত ৩১টি লিডে ডিটেইল ২ডি জরিপ সম্পাদন করে প্রসপেক্টে রূপান্তরকরণের সম্ভাব্যতা যাচাই।	৭০০০০ (সত্তর হাজার)	জিডিএফ	২০৩১-২০৪১	বাপেক্স	১০০০০ লাইন কিঃমিঃ ২ডি সাইসমিক সার্ভে সম্পাদনের মাধ্যমে অনুসন্ধান ব্লক ২এ,২বি,৩এ, ৩বি, ৪এ, ৪বি,৬এ,৬বি, ৯ তে সম্ভাবনাময় প্রসপেক্ট সমূহে অনুসন্ধান কূপ খনন করা সম্ভব হবে।

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রকল্পের মূল কাজ	প্রকল্প গ্রহণের যৌক্তিকতা	আনুমানিক ব্যয় (লক্ষ টাকা)	অর্থায়নের উৎস	মেয়াদকাল	বাস্তবায়নকারী সংস্থা	সম্ভাব্য ফলাফল
ভূতাত্ত্বিক জরিপ								
২০১৯-২০২১ পর্যন্ত								
১	২০০ লাইন কি. মি. ভূতাত্ত্বিক জরিপ (এলাকা: রাঙ্গামাটি ও বান্দরবন জেলা)	সীতাপাহাড় ও বান্দরবন ভূগঠনে ২০০ লাইন কি. মি. ভূতাত্ত্বিক জরিপ সম্পন্ন করা	• ভূতাত্ত্বিক জরিপের মূল উদ্দেশ্য ভূগঠনের আকার, আকৃতি, আয়তন এবং Hydrocarbon Potentiality নির্ণয় করা। • ভূতাত্ত্বিক জরিপের সামগ্রিক ফলাফল বিশ্লেষণ, মূল্যায়ন ও পর্যালোচনা পূর্বক ভূঅভ্যন্তরের শিলাস্তরের সাথে Correlation করে তেল ও গ্যাস প্রাপ্তির সম্ভাবনাময় এলাকা চিহ্নিত করা। • জরিপের মাধ্যমে বাংলাদেশে Shale Gas এর উপস্থিতি যাচাই করা। • ভূতাত্ত্বিক জরিপ ফলাফলের সাথে 2D/3D seismic জরিপের ফলাফল মূল্যায়ন করা। • অনুসন্ধান কূপ খননের পরিকল্পনা গ্রহণ ও প্রস্তাবনা তৈরী করা।	২৫০ (দুইশত পঞ্চাশ)	বাপেক্স এর নিজস্ব অর্থায়ন	২০১৯-২০২১	বাপেক্স	• ভূতাত্ত্বিক মানচিত্র প্রনয়ণ। •Stratigraphic Succession, Correlation করা ও Geological Prognosis তৈরীতে সহায়তা করা। •Hydrocarbon Potentiality নির্ণয় করা এবং অনুসন্ধানমূলক কূপ খননের স্থান চিহ্নিত করা।

বাখরাবাদ-সিদ্ধিরগঞ্জ গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প (২য় সংশোধিত) প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর/২০১৮)

১। **প্রকল্পের নাম** : **বাখরাবাদ-সিদ্ধিরগঞ্জ গ্যাস সঞ্চালন পাইপলাইন প্রকল্প (২য় সংশোধিত)**

২। **প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম** : জনাব সুব্রত ভৌমিক, পরিচালক-১, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর -১

৩। **প্রকল্প পরিদর্শনের তারিখ** : ১০-০৯-২০১৯ এবং ১৯-১০-২০১৯

৪। **প্রকল্পের অবস্থান** :

স্থান/ব্লক	বিভাগ	জেলা	উপজেলা/থানা/এলাকা
গ্যাস পাইপ লাইন			
	চট্টগ্রাম	কুমিল্লা	মুরাদনগর, দাউদকান্দি
		মুন্সিগঞ্জ	গজারিয়া
		নারায়ণগঞ্জ	সোনারগাঁও, বন্দর
ERP/EAM System			
	ঢাকা	ঢাকা	আগারগাঁও, ডেমরা, আশুলিয়া
		গাজিপুর	ধনুয়া
		টাঙ্গাইল	এলেঙ্গা
	চট্টগ্রাম	চট্টগ্রাম	ফৌজদারহাট
		কুমিল্লা	বাখরাবাদ
		ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ
	সিলেট	সিলেট	শাহজালাল উপ-শহর
		মৌলুভীবাজার	শ্রীমঙ্গল
	রাজশাহী	রাজশাহী	খড়খড়ি
		সিরাজগঞ্জ	শাহজাদপুর, সলঙ্গা
		বগুড়া	সদর
	খুলনা	কুষ্টিয়া	ভেড়ামারা
		খুলনা	দৌলতপুর

৫। **বাস্তবায়নকারী সংস্থা** : গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড।

৬। **প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।

:

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈঃমুঃ)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
৬৮৫৪৬.০৬	৮৪৯৭০.০০	৭৫১৭২.৮৪	জুলাই ২০০৭- জুন ২০১০	জুলাই ২০০৭- ডিসেম্বর ২০১৮	জুলাই ২০০৭- ডিসেম্বর ২০১৮	৯.৬৭%	২৮৩.৩৩%

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অঙ্গভিত্তিক ও বাস্তব অগ্রগতি

(লক্ষ টাকায়)

ক্র: নং	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১.১২.২০১৮)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(ক) রাজস্ব ব্যয়						
৪৫০০	অফিসারদের বেতন	জন	১২৮.৩৪	১৬	-	-
৪৬০০	প্রতিষ্ঠানের কর্মচারীদের বেতন	জন	১৪.৯৬	১০	-	-
৪৭০০	ভাতাদি					
৪৭০৫	বাড়ী ভাড়া	-	৬০.০৬	-	-	-
৪৭০৯	শ্রান্তি বিনোদন	-	১৫.০৫	-	-	-
৪৭১৩	উৎসব বোনাস	-	১২.৩৬	-	-	-
৪৭১৭	চিকিৎসা ভাতা	-	৪.৬৮	-	-	-
৪৭২৫	ওয়াশিং ভাতা	-	১.১২	-	-	-
৪৭৫৫	টিফিন ভাতা	-	০.৪৫	-	-	-
৪৭৬৫	যাতায়ত ভাতা	-	০.৭৫	-	-	-
৪৭৭৫	পোশাক ভাতা	-	৭.০২	-	-	-
৪৭৯৫	অন্যান্য ভাতা	-	২৩.২৩	-	-	-
৪৮০০	সরবরাহ ও সেবা:					
৪৮০১	ভ্রমণ ব্যয়	-	২০.০০	-	৬.৩৩	-
৪৮০৫	অতিরিক্ত কাজের ভাতা	-	৫.০০	-	১.৭৪	-
৪৮০৬	অফিস ভাড়া	-	১০০.০০	-	৭২.১৬	-
৪৮১৩	ট্যাক্সেস	-	৫০.০০	-	-	-
৪৮১৫	ডাক	-	৭.০০	-	১.৫৪	-
৪৮১৬	টেলিফোন	-	১২.০০	-	৮.২১	-
৪৭১৭	টেলেক্স/ফ্যাক্স	-	১.০০	-	-	-
৪৮১৯	পানি	-	১০.০০	-	৫.১৬	-
৪৮২১	বিদ্যুৎ	-	২০.০০	-	৬.৫৯	-
৪৮২৪	ইন্স্যুরেন্স/ব্যাংক চার্জ	-	৩০০.০০	-	২৫০.৬৮	-
৪৮২৮	স্টেশনারী	-	৩০.০০	-	১২.৬০	-

ক্র: নং	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১.১২.২০১৮)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৪৮৩১	বই এবং সাময়িকী	-	৪.০০	-	০.০৩	-
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	-	২০.০০	-	১৪.৬৬	-
৪৮৪০	প্রশিক্ষণ ও এইচআরডি	-	৭৫.০০ (৭০.০০)	-	৩৩.৭৫ (৩০.৩২)	-
৪৮৪২	সেমিনার, কনফারেন্স	-	১০.০০	-	১.১২	-
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	-	৫০.০০	-	২৩.১৫	-
৪৮৪৬	গাড়ী ভাড়া	সংখ্যা	১৮৫.০০	৩	১৫৩.৬৪	৩
৪৮৭৪	পরামর্শক	জন-মাস	৩৫১৪.১০	৪৯৮	২৮৪২.৮৩	৩৮৮.২৮
৪৮৮২	আইন সংক্রান্ত ব্যয়	-	১৫০.০০	-	১১২.১৫	-
৪৮৮৩	সম্মানীভাতা	-	২০.০০	-	১১.৬৮	-
৪৮৮৬	সার্ভে	কি.মি.	১৫.৮৮	৬০.০০	১৫.৪৬	৬০.০০
৪৮৮৭	ফটোকপি	-	২৫.০০	-	১৩.৬৮	-
৪৮৯৯	অন্যান্য	-		-		-
	(i) এনজিও	থোক	৫০.০০	থোক	৪৭.৩৯	থোক
	(ii) অন্যান্য ফি	থোক	৬৫.০০	থোক	১১.২২	থোক
৪৯০০	মেরামত, সংরক্ষণ ও পূণর্বাসন					
৪৯০৬	ফার্নিচার	-	২.৫০	-	২.১৮	-
৪৯১১	কম্পিউটার ও অফিস ইকুপমেন্ট	-	৩.০০	-	২.০৮	-
৪৯৮৬	রিহেবিলেটেশন	-	৫.০০	-	-	-
৪৯৯১	অন্যান্য মেরামাত ও সংরক্ষণ	-	৮.০০	-	২.৯৮	-
	মোট রাজস্ব ব্যয়:		৫০২৫.৪৯		৩৬৫৩.০০	
(খ) মূলধন ব্যয়						
৬৮০০	সম্পদ সংগ্রহ					
৬৮১৩	আমদানীকৃত মালামাল (পাইপ লাইন, ভাল্ব, বেন্ড ইত্যাদি)	থোক	৩৩৪৫৬.৭৬		২৮৬০০.৩০	
৬৮১৫	কম্পিউটার এন্ড এক্সেসরিজ	সংখ্যা	১০.০০	ল্যাপটপ-১ ডেস্কটপ-৪ মডেম-২	৪.৫৫	ল্যাপটপ-১ ডেস্কটপ-৪ মডেম-২
৬৮১৭	ডিজাইন সাপ্লাই, ইন্সস্টলেশন এন্ড ইম্প্লিমেন্টেশন অব এন্টারপ্রাইজ রিসোর্স প্লানিং(ইআরপি)	লট/ইপিসি	৭৬৪৩.৯৩	লট/ইপিসি	৬৬৯৮.০৯	লট/ইপিসি
৬৮১৯	অফিস ইকুইপমেন্ট	লট	১৫.০০	-	৬.০১	-
৬৮২১	ফার্নিচার	লট	১৫.০০	-	৬.৭৪	-
৬৯০০	ভূমি অধিগ্রহণ/ক্রয়					
৬৯০১	ভূমি অধিগ্রহণ	হেক্টর	৪২৩০.০০	৫২.৫৭৫	৪১৯৪.১৪	৫২.৫৭৫
৬৯৪১	অন্যান্য					
	(i) ভূমি অধিযাচন	হেক্টর	৯০০.০০	৯৫.০০	৬৬৪.৬৫	৯৫.০০

ক্র: নং	অঙ্গের বিবরণ	একক	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১.১২.২০১৮)	
			আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ii) রিসেটেলমেন্ট	-	২২০০.০০	-	২১৯২.৫৩	-
৭০০০	পূর্ত নির্মাণ					
৭০৮১	অন্যান্য					
	(i) ডিটেইল ডিজাইন	লট/ইপিসি	৫৪৯.০৮	লট/ইপিসি	৫৪৯.০৮	লট/ইপিসি
	(ii) পাইপলাইন নির্মাণ	কি.মি./ইপিসি	১৭৫৪৩.৫৪	৫৩.৭২	১৭৫৩১.৫৭	৫৩.৭২
	(iii) এইচডিডি পদ্ধতিতে নদী ক্রসিং	কি.মি./ইপিসি		৬.২৮		৬.২৮
	(iv) স্কাডা স্থাপন	লট/ইপিসি		লট/ইপিসি		লট/ইপিসি
	(v) আরএমএস নির্মাণ	সংখ্যা/ইপিসি		৩ টি		৩ টি
৭৯০০	সিডি-ভ্যাট					
৭৯০১	সিডি-ভ্যাট	থোক	১১৮৭৫.০০	-	১০৮৪৯.১৭	-
৭৯৮০	ক্যাপিটাল এন্ড মিসসেলিয়ানিয়াস ক্যাপিটাল এক্সপেনডিচার					
	(i) ল্যান্ডিং চার্জ, পোর্ট ডিউটি, ট্রান্সপোর্টেশন, ইত্যাদি	-	২০৬.২০	-	১৮৮.৯৩	-
	(ii) পি-শিপমেন্ট ইন্সপেকশন	-	৩০০.০০	-	৩৪.০৯	-
	মোট মূলধন ব্যয়:		৭৮৯৪৪.৫১	-	৭১৫১৯.৮৪	-
	ফিজিক্যাল কন্টিজেন্সি (০.৫৯%)	-	৫০০.০০	-	-	-
	প্রাইস কন্টিজেন্সি (০.৫৯%)	-	৫০০.০০	-	-	-
মোট ব্যয় (রাজস্ব+মূলধন)			৮৪৯৭০.০০		৭৫১৭২.৮৪	

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ প্রকল্পের শতভাগ কাজ সম্পন্ন হয়েছে।

১০। প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশ সরকার মেঘনা ঘাট, হরিপুর ও সিদ্ধিরগঞ্জ এলাকায় নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা করায় বর্ণিত স্থানসমূহে গ্যাস সরবরাহের জন্য অতিরিক্ত সঞ্চালন পাইপলাইন নির্মাণের প্রয়োজনীয়তা দেখা দেয়। বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রক্ষেপন অনুযায়ী মেঘনা ঘাট, হরিপুর ও সিদ্ধিরগঞ্জ এলাকায় ৩৭৮ এমএমসিএফডি গ্যাসের চাহিদা সৃস্টি হবে। এতদপরিপ্রেক্ষিতে, মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরের ৩২.৬৪.৩০.০০.০০.০১.২০০৬-১৩, তারিখ: জানুয়ারী ১, ২০০৬ এবং পেট্রোবাংলার ৪১.০১.১৩(২)/মেঘনা/৬১ তারিখ: ফেব্রুয়ারী ২৬, ২০০৬ পত্রের নির্দেশনা অনুযায়ী জিটিসিএল বাখরাবাদ গ্যাস ফিল্ড হতে সিদ্ধিরগঞ্জ পর্যন্ত ৬০ কি.মি দৈর্ঘের ও ৩০ ইঞ্চি ব্যাসের গ্যাস পাইপলাইন এবং এতদসংশ্লিষ্ট স্থাপনাদি নির্মাণের কার্যক্রম গ্রহণ করে।

১১। প্রকল্পের উদ্দেশ্যঃ

(ক) মেঘনা ঘাট, হরিপুর ও সিদ্ধিরগঞ্জ এলাকায় স্থাপিত এবং স্থাপিতব্য বিদ্যুৎ কেন্দ্রসমূহসহ উক্ত এলাকাসমূহের শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের গ্যাস সরবরাহের জন্য অতিরিক্ত পরিকাঠামো সৃষ্টির উদ্দেশ্যে বাখরাবাদ গ্যাস ফিল্ড হতে সিদ্ধিরগঞ্জ পর্যন্ত ৬০ কি.মি দৈর্ঘের ও ৩০ ইঞ্চি ব্যাসের গ্যাস পাইপলাইন এবং এতদসংশ্লিষ্ট স্থাপনাদি নির্মাণ। এই পাইপলাইন পদ্মা সেতুর মাধ্যমে দেশের দক্ষিণাঞ্চলে গ্যাস সরবরাহের জন্য প্রাথমিক গ্যাস সরবরাহের উৎস হবে।

(খ) কোম্পানীতে Management Information System (MIS) অর্থাৎ ERP/EAM System বাস্তবায়ন; যার সাহায্যে কোম্পানির গ্যাস পরিবহণ সম্পদের (পরিকাঠামো) সর্বোচ্চ প্রাপ্যতা নিশ্চিত করা, পরিকাঠামোসমূহের সর্বোত্তম পরিচালন ও রক্ষণাবেক্ষনের মাধ্যমে তাদের জীবনকাল বৃদ্ধি করা এবং জিটিসিএলের ভৌত স্থাপণাদি, আর্থিক ও মানব সম্পদ সম্ভাব্য সর্বোত্তম কার্যকরভাবে অত্যাধুনিক স্বয়ংক্রিয় Software মাধ্যমে পরিচালনা করা।

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট	জিওবি	প্রঃসাঃ	জিটিসিএল			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৬৮৫৪৬.০৬	২৫১২১.৯৪	৪২৯২৬.৪২	৪৯৭.৭০	জুলাই ২০০৭-জুন ২০১০	০১-০৩-২০০৮		
সংশোধিত (১ম)	৮০০০.০০	২৬১২৮.২৫	৫১১৩৩.৫০	২৭৩৮.২৪	জুলাই ২০০৭-জুন ২০১৬	১০-০৬-২০১৩	১৬.৭১%	১৩৩.৩৩%
সংশোধিত (২য়)	৮৪৯৭০.০০	২৪৭১০.০০	৫৭৪৩২.০০	২৮২৮.০০	জুলাই ২০০৭-ডিসেম্বর ২০১৮	২৮-০৩-২০১৬	৬.২১%	৫০%

প্রকল্প সংশোধনের প্রধান কারণঃ

১ম সংশোধন: নিম্নে বর্ণিত কারনে ডিপিপির ১ম সংশোধন করা হয়:

ক. প্রকল্পের আওতা (Scope) পরিবর্তন এবং বৃদ্ধি:

- প্রকল্পটি বিশ্বব্যাংক কর্তৃক অর্থায়ন হওয়ায় তাদের নীতি অনুযায়ী প্রকল্পের দ্বারা ক্ষতিগ্রস্থ মানুষদের বেসরকারী সংস্থার মাধ্যমে 'পুনর্বাসন পরিকল্পণা' বাস্তাবায়নের বাধ্যবাধকতা ছিল যা মূল ডিপিপিতে অর্ন্তভুক্ত ছিল না।
- মেঘনা ঘাট এলাকায় ভবিষ্যতে স্থাপিতব্য বিদ্যুৎ কেন্দ্রেসমূহের চাহিদার বিষয় বিবেচনায় নিয়ে একটি অতিরিক্ত ভাল্ব ও অফটেক অন্তর্ভুক্ত করা হয়েছে।
- আশারিয়ার চর নদীটির নাব্যতা বিবেচনায় বৈদেশিক পরামর্শকের পরামর্শে 'ওপেন কাট' পদ্ধতির পরিবর্তে 'এইচডিপি' পদ্ধতিতে করা হয়।
- মেঘনা ঘাট আরএমএসটি পরিবর্তে বাখরাবাদ গ্যাস ফিল্ড-এ একটি মিটারিং স্টেশন অন্তর্ভুক্ত করা হয়।

খ. অর্থায়নের উৎস পরিবর্তণ:

- মুল ডিপিপিতে পিএসআই ও প্রশিক্ষণ খাত দুটি বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নের বিষয় উল্লেখ থাকলেও বিশ্বব্যাংকের সাথে করা চুক্তিতে তা অন্তর্ভুক্ত ছিল না; ফলে বিশ্বব্যাংক তা অর্থায়নে অস্বীকার করে।
- 'পুনর্বাসন পরিকল্পণা' বাস্তাবায়নের ব্যয় জিটিসিএলের নিজস্ব তহবিল হতে ব্যয়ের বিষয় অন্তর্ভুক্ত করা হয়।

গ. বাস্তবায়কাল অতিক্রান্ত হওয়া:

- প্রকল্পের বাস্তবায়ন কাল ছিল জুলাই ২০০৭ হতে জুন ২০১০ পর্য়ন্ত।
- ডিপিপি অনুমোদনে বিলম্ব (মূল ডিপিপি একনেক কর্তৃক ১ মার্চ ২০০৮ তারিখে অনুমোদিত হয়)।
- বিশ্বব্যাংকের সাথে অর্থায়ন চুক্তি স্বাক্ষরে বিলম্ব (মার্চ ৩১, ২০০৯ তারিখে কার্যকর হয়) যার জন্য বৈদেশিক পরামর্শক নিয়োগ বিলম্বিত হয় (মে ৬, ২০০৯)।
- বিশ্বব্যাংক কর্তৃক বিলম্বে দরপত্র অনুমোদন (ফেব্রুয়ারী ২২, ২০১০ তারিখে বিশ্ব ব্যাংকে দরপত্র দাখিল করা হয় এবং জুন ৬, ২০১০ তারিখে অনুমোদন করা হয়); ইপিসি ঠিকাদার নিয়োগ বিলম্বিত হয়।

ঘ. পথস্বত্ব হস্তান্তরে বিলম্ব:

- টার্নকি ঠিকাদারের সাথে ২১ অক্টোবর ২০১১ চুক্তি সম্পন্ন হলেও পথস্বত্ব হস্তন্তর করা সম্ভব হয়নি। নারায়গঞ্জ জেলা প্রশাসন মে ২৮, ২০১২ এবং কুমিল্লা জেলা প্রশাসন মে ১৫, ২০১২ হতে পথস্বত্ব হস্তন্তর করা শুরু করে।

ঙ. ব্যয় বৃদ্ধি:

- জ্বালানী (৩১৫%), বৈদেশিক মূদ্রার বিনিময় মূল্য পরিবর্তণ (১৮.৩৮%),'পুনর্বাসন পরিকল্পণা' অন্তর্ভুক্তি, নতুন নদী ক্রসিং, ভাল্ব স্টেশন ও অফটেক অন্তর্ভুক্তি এবং বিশ্বব্যাকের সাথে চুক্তি মোতাবে Management Information System (MIS) অর্থাৎ ERP/EAM System বাস্তবায়ন খাতে ব্যয় অন্তর্ভুক্তির কারনে প্রকল্প ব্যয় বৃদ্ধি পায়।

২য় সংশোধন: নিম্নে বর্ণিত কারনে ডিপিপি ২য় বার সংশোধন করা হয়:

ক. গ্যাস পাইপলাইন:

বাখরাবাদ গ্যাস ফিল্ড হতে সিদ্ধিরগঞ্জ পর্যন্ত ৬০ কি.মি দৈর্ঘের ও ৩০ ইঞ্চি ব্যাসের গ্যাস পাইপলাইন, ৬ টি নদী ক্রসিং, ৬টি ভাল্ব স্টেশন, ২টি আরএমএস ও ১টি মিটারিং স্টেশন, সিপি সিস্টেম, স্কাডা এবং এতদসংশ্লিষ্ট স্থাপনাদি ইপিসি ভিত্তিতে নির্মাণের জন্য তুর্কী টার্নকি ঠিকাদার FERNAS Construction Company Inc., Turkey–এর সাথে ২১ অক্টোবর চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তি মোতাবেক ১৭ আগস্ট নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য নির্ধারিত ছিল। টার্নকি ঠিকাদার ২৬ নভেম্বর ২০১৪ তারিকে পাইপলাইন কমিশন সম্পন্ন করে। কিন্তু বিভিন্ন দৈবদুর্বিপাক (আগাম বর্ষা ও বন্যা, মেঘনা ও গোমতি সেতু মেরামতের জন্য বন্ধ, দেশে রাজনৈতিক অস্থিরতা ইত্যাদি) জনিত কারনে আরএমএস এবং স্কাডা নির্মাণ কাজ সমাপ্ত করতে সক্ষম হয়নি; ফলে ডিপিপি'র মেয়াদ বৃদ্ধি প্রয়োজন হয়।

খ. ERP/EAM System and IT infrastructure for ERP system

প্রকল্পের আওতায় কোম্পানীতে ERP/EAM System and IT infrastructure for ERP system বাস্তবায়নের জন্য সমস্ত প্রক্রিয়া সমাপ্তি পূর্বক ৭ এপ্রিল ২০১৬ তারিখে টার্নকি ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তি মোতাবেক ঠিকাদার নভেম্বর ১৭-তে বাস্তবায়ন কাজ সমাপ্ত করার জন্য নির্ধারিত ছিল। কিন্তু জিটিসিএল প্রধান কার্যালয় নির্মাণ কাজ সম্পন্ন হতে জুন ২০১৬ এবং দপ্তর স্তানান্তরে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত সময়ের প্রয়োজন হবে। ফলে, ERP/EAM System বাস্তবায়নের জন্য নিয়োজিত ঠিকাদার কর্তৃক ডিসেম্বর ২০১৬ এর পূর্বে IT infrastructure স্থাপন এবং ERP/EAM System বাস্তবায়ন কাজ শুরু করা সম্ভব হবে হয়নি; ফলে প্রকল্পের সময় বৃদ্ধি করা প্রয়োজন হয়। এছাড়াও বিশ্বব্যাংক ERP/EAM System and IT infrastructure for ERP system অঙ্গের জন্য নতুন করে ১১.০০ মিলিয়ন ডলার প্রাক্কলন করে; অপরদিকে, ইন্টারন্যাশনাল কম্পিটিটিভ বিডিং-এ ৯.১ মিলিয়ন ডলার দর পাওয়া যায়। এমতাবস্থায়, উক্ত দর ডিপিপিতে অন্তর্ভুক্ত করার জন্য ডিপিপি'র ২য় সংশোধন প্রয়োজন হয়।

গ. নতুন বাস্তবায়ন এলাকা অন্তর্ভুক্ত করন

মূল ডিপিপিতে স্থাপনাসমূহ নারয়নগঞ্জ, মুন্সীগঞ্জ কুমিল্লা জিলায় নির্মানের সংস্থান ছিল। ERP/EAM System and IT infrastructure অঙ্গটি প্রধান কার্যালয়সহ বিভিন্ন আঞ্চলিক কার্যালয়ে (১৫টি) সিদ্ধান্ত হয়। উক্ত এলাকা ডিপিপিতে অন্তর্ভুক্ত করার জন্য ডিপিপি'র ২য় সংশোধন করা প্রয়োজন হয়।

১৩। প্রকল্পে অর্থায়নঃ

লক্ষ টাকা

মোট	ঋণ	অনুদান/ইক্যুইটি	Cash Foreign Exchange
(১)	(২)	(৩)	(৪)
৮৪৯৭০.০০	১৪৮২৬.০০ (জিওবি) ৫৭৪৩২.০০ (আইডিএ)	৯৮৮৪.০০ (জিওবি) ২৮২৮.০০ (জিটিসিএল)	-

১৪। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

ভৌত অগ্রগতিঃ

ক্রমিক	অঙ্গের বিবরণ	অগ্রগতি
১	• ৫৩.৭২ কি.মি ৩০ ইঞ্চি ব্যাসের পাইপলাইন • এইচডিডি পদ্ধতিতে নদী ক্রসিং ৬টি নদী (৬.২৮ কি.মি.) (শীতলক্ষ্যা, পুরাতন ব্রহ্মপুত্র, আশারিয়ার চর, মেঘনা, কাজলা, মেঘনা-গোমতি) • বাখরাবাদ গ্যাস ফিল্ডে একটি মিটারিং স্টেশন, হরিপুরে ও সিদ্ধিরগঞ্জে দুটি আরএমএস। • স্কাডা এন্ড টেলিকম স্থাপন	• ৫৩.৭২ কি.মি ৩০ ইঞ্চি ব্যাসের পাইপলাইন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে এবং ২৬-১১-২০১৪ তারিখ হতে পাইপলাইনের মাধ্যমে গ্যাস সরবরাহ করা হচ্ছে। • এইচডিডি পদ্ধতিতে নদী ক্রসিং ৬টি নদী (৬.২৮ কি.মি.) কাজ সম্পন্ন করা হয়েছে। • বাখরাবাদ গ্যাস ফিল্ডে একটি মিটারিং স্টেশন, হরিপুরে ও সিদ্ধিরগঞ্জে দুটি আরএমএস নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। স্টেশন দুটি দ্বারা বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা হচ্ছে। সিদ্ধিরগঞ্জ আরএমএসের মাধ্যমে বিগত ১১-০৭-২০১৭ তারিখ হতে আংশিকভাবে ও ১৩-০২-২০১৮ তারিখ হতে পূর্ণ সক্ষমতায় এবং ১৫-০২-২০১৮ তারিখ হতে হরিপুর আরএমএসের মাধ্যমে গ্যাস সরবরাহ করা হচ্ছে। • স্কাডা এন্ড টেলিকম স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। এই অঙ্গের আওতায় বাখরাবাদ গ্যাস ফিল্ড হতে সিদ্ধিরগঞ্জ পর্যন্ত

ক্রমিক	অঙ্গের বিবরণ	অগ্রগতি
		৬০ কি.মি. অপটিক্যাল ফাইবার এবং ৬ টি আরটিইউ স্থাপন করা হয়েছে। স্কাডা সিস্টেমটি ডেমরাতে জিটিসিএলের মূল স্কাডা সিস্টেমের সাথে ইন্টারফেস করা হয়েছে। ফলে, এই গ্যাস পাইপলাইনের সাথে সংযুক্ত বিভিন্ন মিটারিং স্টেশনের মাধ্যমে গৃহীত এবং সরবরাহকৃত গ্যাসের প্রাবাহ ও চাপ সংক্রান্ত সমস্ত তথ্য জিটিসিএল কর্তৃক বাস্তবায়িত স্কাডা কন্ট্রোল সেন্টারের মাধ্যমে বসে লাভ করা সম্ভব হচেছ।
২।	• কোম্পানীর যাবতীয় কার্যক্রম অত্যাধুনিক SAP Software মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে ERP/EAM System বাস্তবায়ন।	• ERP/EAM System বাস্তবায়ন কাজ ৩১ মে'১৮ তারিখে সম্পন্ন হয়েছে। ERP/EAM System-এ ৬টি Module বাস্তবায়ন করা হয়েছে। ERP/EAM System ব্যবহারের মাধ্যমে কোম্পানির দৈনন্দিন কার্যক্রম Automated Software-এর মাধ্যমে দ্রুতগতিতে সম্পন্ন করা হচ্ছে।

আর্থিক অগ্রগতিঃ

(লক্ষ টাকা)

অর্থ বছর	এডিপি/আরএডিপি বরাদ্দ				ব্যয়				অব্যয়িত অর্থ
	মোট	টাকা	জিটিসিএল	প্রকল্প সাহায্য	মোট	টাকা	জিটিসিএল	প্রকল্প সাহায্য	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
২০০৭-০৮	৩৮.৭৯	২৯.০০	৯.৭৯	-	৩৩.৮৯	২৪.১০	৯.৭৯	-	৪.৯
২০০৮-০৯	৩০৮.৮৮	৫৫.০০	৮.৮৮	২৪৫.০০	১৪২.৫২	৫০.৮৯	৮.৯৯	৮২.৭৫	৪.১১
২০০৯-১০	২১৬.০৭	৬৬.০০	০.০৭	১৫০.০০	১৬১.৬০	৬৬.০০	০.০৭	৯৫.৫৩	-
২০১০-১১	৩৫৮৫.০০	৩৫৪৫.০০	-	৪০.০০	৩৬২৩.২৭	৩৫৪৫.০০	-	৭৮.২৭	-
২০১১-১২	৯৬১৬.৫৩	২৯৭২.০০	১৪৪.৫৩	৬৫০০.০০	১২৩০৭.৩৮	২৯৭২.০০	১৪৪.৫৩	৯১৯০.৮৫	-
২০১২-১৩	৮৩৩৪.৯৪	৫৫০০.০০	১৪৩৪.৯৪	১৪০০০.০০	২১২৭৩.০৫	৫৪৭৫.০০	১৪৩৪.৯৪	১৪৩৬৩.১১	-
২০১৩-১৪	২০৫২৯.৫২	৫০০০.০০	৫২৯.৫২	১৫০০০.০০	১৩৩০৪.৯৮	৫০০০.০০	৫২৯.৫২	৭৭৭৫.৪৬	-
২০১৪-১৫	৭৭০০.০০	১৭০০.০০	-	৬০০০.০০	৫৪৮৭.৬৯	১৭০০.০০	-	৩৭৮৭.৬৯	-
২০১৫-১৬	২২০০.০০	১২৫০.০০	-	৯৫০.০০	২০৬০.৮১	১২৫০.০০	-	৮১০.৮১	-
২০১৬-১৭	১২০৫১.৪৩	৮৫০০.০০	১৫১.৪৩	৩৪০০.০০	৯০৯৫.৮৭	৮৫০.০০	১৫১.৪৩	৮০৯৪.৪৪	-

অর্থ বছর	এডিপি/আরএডিপি বরাদ্দ				ব্যয়				অব্যয়িত অর্থ
	মোট	টাকা	জিটিসিএল	প্রকল্প সাহায্য	মোট	টাকা	জিটিসিএল	প্রকল্প সাহায্য	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
২০১৭-১৮	৩৯০০.০০	১৪০০.০০	-	২৫০০.০০	৫১২২.০২	১৪০০.০০	-	৩৭২২.০২	-
২০১৮-১৯	১৩৭৫.০০	৫৩৫.০০	-	৮৪০.০০	২৫৫৯.৭৬	৫৩৪.১৭	-	২০২৫.৫৯	-
মোট	৭২৫২৭.০০	২২৯০২.০০	২২৭৯.১৬	৪৯৬২৫.০০	৭৫১৭২.৮৪	২২৮৬৭.১৬	২২৭৯.১৬	৫০০২৬.৫২	৯.০১

অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ২০১২-১৩ অর্থ বছরে আরএডিপি বরাদ্দ হতে ২৫.০০ টাকা কম অবমুক্ত করা হয়েছে।

১৫। পর্যবেক্ষণঃ

প্রকল্পের আওতায় কার্যক্রম পর্যবেক্ষণের জন্য বাখরাবাদ, সিদ্ধিরগঞ্জ এলাকা সরজমিনে পরিদর্শন করা হয়েছে। এ বিষয়ে আলাদা আলাদাভাবে নিম্নের অনুচ্ছেদসমূহে বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে।

১৬। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী):

প্রকল্পটি ইপিসি/টার্নকি ভিত্তিতে বাস্তবায়ন করা হয়েছে। ইপিসি/টার্নকি চুক্তির আওতায় টার্নকি ঠিকাদার কর্তৃক ডিজাইন, মালামাল ক্রয় এবং স্থাপন কার্য সম্পাদন করা হয়েছে। প্রকল্প তত্ত্বাবধান করার জন্য দেশী ও বৈদেশিক পরামর্শক নিয়োগ করা হয়েছিল।

ক) কার্য:

কাজের বিবরণ	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
Route Survey	৩.৮৮	৩.৮৮	০৩/০১/০৬	২৪/০৪/০৬	০৩/১০/০৭	০৩/১০/০৭
Soil and sub-surface Investigation	১১.৯৯	১১.৯৯	২০/০৮/০৮	২২/১২/০৮	২৯/০৩/০৯	২৯/০৩/০৯

খ) সেবাঃ

কাজের বিবরণ	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
IEE, EIA and RAP Report	৮.১০	৮.১০	০১/১১/০৬	২৪/১২/০৬	১৯/০৪/০৭	০৬/০৫/০৮

কাজের বিবরণ	দরপত্র মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
Consulting Service for Management and Supervision of the Implementation of the Bakhrabad-Siddhirganj Gas Transmission Pipeline.	২৯৬৭.০০	২৮২২.০০	০৯/০২/০৭	০৬/০৫/০৯	৩০/০৯/১৬	৩০/০৯/১৬
NGO for assisting Implementation of RAP	৫০.০০	৪৭.৩৯	০৮/০৪/০৯	১৯/০১/১১	২০/০৪/১৪	২০/০৪/১৪
Business Process Analyst	২০.০০		১০/০৬/১৩	২০/০১/১৪	৩০/০৬/১৮	৩০/০৬/১৮
IT System Manager	১৫০.০০		১০/০৬/১৩	২০/০১/১৪	৩০/১১/১৮	৩০/১১/১৮
Assistant IT System Manager	৬০.০০	১৪৬.০০	১০/০৬/১৩	২০/০১/১৪	৩০/১১/১৮	৩০/১১/১৮
IT Consultant (ERP Expert)	২৭৯.০০	২৩৮.০০	০২/০৫/১৬	০৩/১১/১৬	৩০/০৬/১৮	৩০/০৬/১৮
Financial Consultant	৩০.০০	২১.০০	০৩/০১/১৭	১১/০৫/১৭	২২/০৩/১৮	২২/০৩/১৮

গ) পণ্যঃ

কাজের বিবরণ	দরপত্র মূল্য (লক্ষ টাকা)		দরপত্র প্রস্তাব		সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
Design, Supply and Installation of Bakhrabad-Siddhirganj Gas Transmission Pipeline, RMSs and Associated Facilities.	৫১৫৪৯.৩৭	৫১৫৪৯.৩৭	১৩/০৬/১০	২১/১০/১১	১৭/০৮/১৩	৩০/০৬/১৮
Design, Supply and Installation and Implementation of Enterprise Resource Planning/Enterprise Asset Management (ERP/EAM) System and Related Support and Training.	৭৬৪৩.৯৩	৭১৮০.০০	২৬/০৪/১৫	০৭/০৪/১৬	৩০/১১/১৭	৩১/০৫/১৮

* Design, Supply and Installation of Bakhrabad-Siddhirganj Gas Transmission Pipeline, RMSs and Associated Facilities ক্রয় কাজের বিস্তারিত মূল্যায়ন করা হয়েছে।

১৭। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
জামিল এ আলীম	পূর্ণকালীন	-	২৮-০৮-২০০৭	১৯-০৭-২০১০
মোঃ আমিনুর রহমান	-	খন্ডকালীন	২০-০৭-২০১০	০৯-০৮-২০১০
মালিক মোঃ নিজামুল হাসান শেরীফ	-	খন্ডকালীন	০৯-০৮-২০১০	২৫-১১-২০১০
মোঃ আইনুল কবির	পূর্ণকালীন	-	২৫-১১-২০১০	৩১-১২-২০১৮

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক. মেঘনাঘাট, সিদ্ধিরগঞ্জ, হরিপুর অঞ্চলে স্থাপিত এবং স্থাপিতব্য গ্যাস ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রসমূহে গ্যাস সরবরাহ করা।	ক. মেঘনাঘাট, সিদ্ধিরগঞ্জ, হরিপুর অঞ্চলে স্থাপিত গ্যাস ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রসমূহে ৩৫০ হতে ৩৬০ এমএমসিএফডি গ্যাস সরবরাহ করা হচ্ছে।
খ. নারায়নগঞ্জ এলাকার শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের গ্যাস সরবরাহ।	খ. নারায়নগঞ্জের আদমজী শিল্প ইপিজেড-এ গ্যাস সরবরাহ করা হচ্ছে।
গ. পদ্মা সেতুর মাধ্যমে দেশের দক্ষিণাঞ্চলে গ্যাস সরবরাহের সুবিধা তৈরী করা	গ. পদ্মা সেতুর মাধ্যমে দেশের দক্ষিণাঞ্চলে গ্যাস সরবরাহের জন্য লাঙ্গালবন্ধ ভাল্ব স্টেশনে একটি ৩০ ইঞ্জি ডায়া অফটেক রাখা হয়েছে।
ঘ. কোম্পানীর যাবতীয় কার্যক্রম অত্যাধুনিক SAP Software মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে ERP/EAM System বাস্তবায়ন।	ঘ. ERP/EAM System বাস্তবায়ন কাজ সম্পন্ন হয়েছে। ERP/EAM System Automated Software ব্যবহারের মাধ্যমে কোম্পানির দৈনন্দিন কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। এ বিষয়ক একটি প্রতিবেদন সংযুক্ত করা হলো ।

ক্রমিক ক-গ পর্যন্ত বর্ণিত উদ্দেশ্যসমূহ অর্জনের লক্ষ্যে বাখরাবাদ গ্যাস ফিল্ড হতে সিদ্ধিরগঞ্জ পর্যন্ত ৬০ কি.মি দৈর্ঘের ও ৩০ ইঞ্চি ব্যাসের গ্যাস পাইপলাইন এবং এতদসংশ্লিষ্ট স্থাপনাদি নির্মাণ কাজ সমাপ্তিপূর্বক নভেম্বর ২৬, ২০১৪ হতে গ্যাস কমিশন করা হয়। এই পাইপলাইন নির্মাণের পূর্বে সিদ্ধিরগঞ্জ ও হরিপুর অঞ্চলে ২০ ইঞ্চি ব্যাসের বিকেবি-ডেমরা গ্যাস পাইপলাইনের মাধ্যমে ২৫০-২৮০ এমএমএসসিএফ গ্যাস সরবরাহ করা সম্ভব হতো। বাখরাবাদ-সিদ্ধিরগঞ্জ পাইপলাইন নির্মাণের ফলে নভেম্বর ২৬, ২০১৪ তারিখ হতে ৫০৭.৫৩৩ এমএমএসসিএফ গ্যাস সরবরাহ করা সম্ভব হচ্ছে যার মধ্যে ৩৫৭.৫৩৩ এমএমএসসিএফ গ্যাস বাখরাবাদ-সিদ্ধিরগঞ্জ পাইপলাইনের মাধ্যমে সরবরাহ করা হচ্ছে। অত্র গ্যাস পাইপলাইনের মাধ্যমে নব নির্মিত হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে কমিশনিং এর দিন হতেই গ্যাস সরবরাহ করা হচ্ছে। পরবর্তীতে হরিপুর আরএমএসের (সরবরাহ সক্ষমতা দৈনিক ৭০ মিলিয়ন ঘনফুট) কমিশনিং পরবর্তীতে ফেব্রুয়ারি ২০১৮ হতে দৈনিক প্রায় ৬২-৬৭ মিলিয়ন ঘনফুট হারে হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা হচ্ছে। নভেম্বর ২৬, ২০১৪ হতে আদমজী শিল্পাঞ্চলসহ নারায়ণগঞ্জ এলাকায় অত্র পাইপলাইন হতে গ্যাস সরবরাহ করা হচ্ছে। সিদ্ধিরগঞ্জ আরএমএসের গ্যাস সরবরাহ সক্ষমতা দৈনিক ২০০ মিলিয়ন ঘনফুট এবং উক্ত স্টেশনের মাধ্যমে জুলাই ২০১৭ হতে সিদ্ধিরগঞ্জ ২X১২০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে দৈনিক ৪৫-৫২

মিলিয়ন ঘনফুট হারে এবং মার্চ'২০১৮ হতে দৈনিক ৪-৫ মিলিয়ন ঘনফুট হারে সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা হচ্ছে।

১৯। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ : প্রযোজ্য নয়।

২০। অডিট :

নিরীক্ষা বছর	ইস্যুকৃত প্যারা সংখ্যা	নিষ্পত্তিকৃত প্যারা সংখ্যা	অবশিষ্ট প্যারা সংখ্যা	আপত্তিসমূহ
২০০৭-০৮	০২	০২	-	-
২০০৯-১০	০৩	০৩	-	-
২০১০-১১	০৪	০৪	-	-
২০১১-১২	০২	০২	-	-
২০১২-১৩	০২	০১ (আংশিক)	০২	Part-B, Para-01: Entertainment expenditure of GTCL board meeting Tk. 1, 03,038.00 incurred from project fund. Part-B, Para-02: LD should be realized amounting to Tk. 14, 65, 48,237.53 due to delay of the contract.
২০১৩-১৪	০২	০২	-	Part-A, Para-01: VAT and IT an amount of Tk. 1386.21 lakh deducted from the contractor's bill but not deposited into govt. account. Para-02: Liquidated Damage (LD) amounting to Tk. 36, 65, 75,844.00 should be realized from the contractor due to delay of the contract work.
২০১৪-১৫	০১	০১	-	-
২০১৫-১৬	০১	০১	-	-
২০১৬-১৭	০৭	-	০৭	Part-A, Para-01: IT & VAT less deducted from the contractor's bill amounting to Tk. 45,82,866.00 Para-02: Deducted IT & VAT from the contractor amounting to Tk. 6,54,28,477.98 not deposited into the Govt. account. Part-B, Para03: Expenditure incurred for foreign training without permission from sub-committee of National Training Council

নিরীক্ষা বছর	ইস্যুকৃত প্যারা সংখ্যা	নিষ্পত্তিকৃত প্যারা সংখ্যা	অবশিষ্ট প্যারা সংখ্যা	আপত্তিসমূহ
				(NTC). Para-04: Difference of Tk. 2643.29 lakh was found in expenditure between Financial Statement and IMED Report. Para-05: Irregular expenditure Tk. 3812.88 lakh over RDPP provision. Para-06: Irregular payment made amounting to Tk. 9,59,027.00 as Office rent to GTCL. Para-07: Asset inventory was not maintained.
২০১৭-১৮	০২	-	০২	Part-A, Para-01: Less deduction of VAT from the Contractor's bill amounting Tk. 15,54,456.00 Part-B, Para-02: Irregular payment made amounting Tk. 2,35,818.00 as Office rent to GTCL.
২০১৮-১৯	-	-	-	এখনও অডিট সম্পাদন করা হয়নি।

বর্ণিত অডিট আপত্তিসমূহ ঠিকাদারের বিল হতে কর্তিত ট্যাক্স-ভ্যাট সরকারী কোষাগারে জমা প্রদান বিষয়ক এবং ঠিকাদার হতে এলডি কর্তণ বিষয়ক। যথাসময়ে সরকারী বরাদ্দ না পাওয়ায় উক্ত ট্যাক্স-ভ্যাট সরকারী কোষাগারে জমা প্রদান করা সম্ভব হয় নাই। তবে, ইতোমধ্যে সমস্ত ট্যাক্স-ভ্যাট সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। অপরদিকে ঠিকাদার হতে এলডি কর্তণও সম্পন্ন হয়েছে। আপত্তিসমূহ নিস্পত্তির জন্য যথাযত জবাব প্রেরণ করা হয়েছে। এছাড়াও, বিষয়গুলো নিষ্পত্তির নিমিত্ত ত্রি-পক্ষীয় সভা আয়োজনের অনুরোধ জানিয়ে ফাপাড বরাবর পত্র প্রেরণ করা হচ্ছে।

২১। প্রকল্প বাস্তবায়ন সমস্যা :

ক. প্রকল্পের নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ এবং কুমিল্লা জেলায় ভূমি অধিগ্রহণপূর্বক হস্তান্তর বিলম্ব হয়।

খ. প্রকল্পের আওতায় ভিন্নধর্মী দুটি অঙ্গ বাস্তবায়ন করা হয়েছে। মূল কাজ বাখরাবাদ গ্যাস ফিল্ড হতে সিদ্ধিরগঞ্জ পর্যন্ত ৬০ কি.মি দৈর্ঘের ও ৩০ ইঞ্চি ব্যাসের গ্যাস পাইপলাইন এবং এতদসংশ্লিষ্ট স্থাপনাদি নির্মাণ বাস্তবায়নের পাশাপাশি কোম্পানীর যাবতীয় কার্যক্রম অত্যাধুনিক SAP Software মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে ERP/EAM System বাস্তবায়ন করা হয়। দুটো কাজের ব্যাপ্তি ব্যাপক এবং আপন যোগ্যতা দুটি পৃথক প্রকল্প হিসেবে বাস্তবায়নযোগ্য। দুটি অঙ্গের জন্য জনবল-এর দক্ষতার প্রয়োজনীয়তাও ভিন্ন। ERP/EAM System বাস্তবায়ন করার জন্য দক্ষ IT বিষয়ক জনবল না থাকায় পরামর্শকদের উপর নির্ভর করতে হয়।

গ. প্রকল্পের গ্যাস পাইপলাইন নির্মাণ, এইচ ডিডি পদ্ধতিতে রিভার ক্রসিং করা, আরএমএস নির্মাণ, স্কাডা নির্মাণ কাজগুলো ভিন্নধর্মী। বিশ্বব্যাংকের ঋণচুক্তি এবং Project Appraisal Document (PAD) অনুযায়ী সকল কাজ Single point responsibility হিসাবে একটি প্যাকেজে অন্তর্ভুক্তকরতঃ একক ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করা হয়। একই ঠিকাদারের পক্ষে সবগুলো অঙ্গের ডিজাইন, মালামাল সংগ্রহ ও নির্মাণ কাজ দক্ষতার সঙ্গে সম্পন্ন করা কঠিন। কাজেই, ভিন্নধর্মী কাজ ভিন্ন ভিন্ন ঠিকাদার নিয়োগের মাধ্যমে সম্পন্ন করা হলে অধিকতর দক্ষতার সাথে এবং স্বল্প সময়ে বাস্তবায়ন সম্ভব হবে।

২২। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):

ওয়ার্কওভার শেষে গত ০৭-১১-২০১৮ তারিখে কৈলাশটিলা-১ নং কূপ হতে দৈনিক ১০ এমএমএসসিএফডি গ্যাস উৎপাদন শুরু করা হয়। পরবর্তীতে বালিসহ অথ্যধিক পানি আসার কারণে ১৬১ দিন উৎপাদন শেষে পেট্রোবাংলার কমিটির নির্দেশনা মোতাবেক অপ্রত্যাশিত ব্লো-আউট থেকে বাঁচার জন্য গত ১৫-০৪-২০১৯ তারিখে কূপটি হতে উৎপাদন বন্ধ রাখা হয়।

১৮. অডিটঃ কোন অডিট আপত্তি নেই।

১৯. প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ সামগ্রিকভাবে প্রকল্প বাস্তবায়নে বড় রকমের কোন সমস্যা হয়নি।

২০. প্রকল্প বাস্তবায়নে বিলম্বঃ প্রকল্পটি আরডিপিপি অনুযায়ি যথাসময়ে বাস্তবায়ন করা হয়েছে।

২১. ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি।

২২. চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণঃ প্রযোজ্য নহে।

২৩. পরিদর্শন পর্যবেক্ষণঃ

২৩.১ মূল প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ছিল ১৩৪৩৯.০০ লক্ষ টাকা, যা আরডিপিপিতে ৯১৬২.০০ লক্ষ টাকা (৬৮.১৭%) হ্রাস পেয়ে প্রকল্প ব্যয় দাড়ায় ৪২৭৭.০০ লক্ষ টাকা। ডিপিপি প্রণয়নকালে তিনটি কূপের ওয়ার্কওভার করার জন্য প্রকল্পটি গৃহীত হয়। প্রকল্প বাস্তবায়নকালে উক্ত ৩টি কূপের গ্যাস প্রাপ্তির সম্ভাবনা নিশ্চিতকরণের জন্য কৈলাশটিলা-১ এর জন্য ১টি , রশিদপুর-২ এর জন্য ২টি এবং রশিদপুর- ৬ এর জন্য ২টি মোট ৫টি DST (Drill Stem Test) এবং "৩ডি সাইসমিক জরিপ ডাটা ও রিপোর্ট রিভিউকরণ" প্রকল্পের রিপোর্ট অনুযায়ী ৩টি কূপের মধ্যে রশিদপুর-২ ও রশিদপুর- ৬ এ ওয়ার্কওভারের prospect না থাকায় শুধুমাত্র কৈলাশটিলা-১ এ গ্যাস প্রাপ্তি

নিশ্চিত হয়। অন্য ২টি কূপ (রশিদপুর-২ ও রশিদপুর- ৬) এর গ্যাস প্রাপ্তি নিশ্চিত না হওয়ায় আরডিপিপিতে উক্ত কূপ ২টির কার্যক্রম বাদ দেয়া হয়।

২৩.২ প্রকল্পের আওতায় কৈলাশটিলা-১ গ্যাসক্ষেত্রের ওয়ার্কওভারের ভৌত কাজ গত ২৫-৯-২০১৮ তারিখ শুরু করা হয়। আরডিপিপি অনুযায়ী প্রকল্পের নির্দিষ্ট মেয়াদের মধ্যেই প্রকল্প কাজ সম্পন্ন হয়েছে।

২৩.৩ সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ৩টি কূপ (কৈলাশটিলা-১, রশিদপুর-২ ও রশিদপুর-৬) ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় বৈদেশিক মালামাল ৬ (ছয়) লটে সংগ্রহের নিমিত্ত আহবানকৃত আন্তর্জাতিক দরপত্র নং-SGFL/3WELLS/MAT/FP16-17 Date: 12-12-2016 (Amended on 26-02-2017) এর বিপরীতে সবকয়টি লটের সকল মালামাল প্রকল্প এলাকায় যথাসময়ে পৌঁছে যায়। কিন্তু আরডিপিপি অনুযায়ী শুধুমাত্র কৈলাশটিলা-১ এর জন্য মালামাল ব্যবহৃত হলেও বাকী দুই তৃতীয়াংশ মালামাল সিলেট গ্যাস ফিল্ডের সংরক্ষণাগারে সংরক্ষিত আছে। যা, ভবিষ্যতে অন্য নতুন কোন প্রকল্পে ব্যবহার করা হবে মর্মে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয় বলে প্রকল্প পরিচালকের বক্তব্য ও নথি যাচাই অন্তে জানা যায়।

২৩.৪ প্রকল্পের কৈলাশটিলা-১ নং কূপের ওয়ার্কওভার গত ২৫-০৯-২০১৮ তারিখ শুরু হয়। কৈলাশটিলা-১ নং কূপটি কিলকরতঃ ইতোপূর্বে স্থাপিত ডাউন-হোল কমপ্লিশন ইক্যুপমেন্টসহ প্রোডাকশন টিউবিং অপসারণ করা হয়। অতঃপর উক্ত ওয়্যারলাইন লগিংও সম্পন্ন করা হয়। প্রাপ্ত লগের ওপর বাপেক্স ও পেট্রোবাংলার মতামতের ভিত্তিতে ৭৬৪২ ফুট গভীরতায় গত ১২-১০-২০১০৮ তারিখে ব্রিজপ্লাগ স্থাপন করা হয়। অতঃপর ১৩-১০-২০১৮ তারিখে সিমেন্ট প্লাগ স্থাপন করা হয়। গত ২৯-১০-২০১৮ তারিখে ৭৪৮৩-৭৪৯০ ফুট গভীরতায় পারফোরেশন করা হয়। পরবর্তীতে ০৩-১১-২০১৮ তারিখে ফ্লো টেস্টিং করা হয়।

২৩.৫ ০৭-১১-২০১৮ তারিখ হতে কৈলাশটিলা গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্টের মাধ্যমে দৈনিক কম-বেশী ১০ মিলিয়নঘনফুট হারে গ্যাস জালালাবাদ লাইনে সরবরাহ করা হয়।

২৩.৬ কূপটি হতে অতিরিক্ত পানি আসায় এবং পানিতে লবনাক্ততা বেশি হওয়ায় গত ০৫.০৩.২০১৯ তারিখের পত্রের আলোকে পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী গত ১৬-০৪-২০১৯ হতে উৎপাদন বন্ধ রয়েছে। উক্ত পত্রে উল্লেখ করা হয় যে কৈলাশটিলা সিলিকাজেল প্ল্যান্টের মাধ্যমে উক্ত কূপের গ্যাস প্রক্রিয়াজাত করে প্রাথমিকভাবে প্রতি মিলিয়ন ঘনফুট গ্যাসের সাথে কমবেশি ০.৩ ব্যারেল হারে পানি ও ৭ ব্যারেল হারে কনডেনসেট উৎপাদিত হয়। এসময়ে কূপের ফ্লোইং ওয়েলহেড প্রেসার ছিল ২৫০৫ পিএসআইজি। পরবর্তীতে উক্ত কূপ হতে পানি উৎপাদন হার বৃদ্ধি পাওয়াসহ কূপের ফ্লোইং ওয়েলহেড প্রেসার ক্রমান্বয়ে হ্রাস পেতে থাকে। এছাড়া উৎপাদিত পানির সাথে বালি আসতে থাকায় প্রসেস প্ল্যান্টের বিভিন্ন ভাল্ব ক্ষতিগ্রস্থ হয়ে প্ল্যান্ট পরিচালনায় বিঘ্ন ঘটে মর্মে উক্ত পত্রে উল্লেখ করা হয়। এপ্রেক্ষিতে কূপটির গ্যাস উৎপাদন হার কয়েক দফায় হ্রাস করে দৈনিক প্রায় ৪ মিলিয়ন ঘনফুটে নামিয়ে আনা হয়। তথাপিও কূপটির পানি উৎপাদন বৃদ্ধির পাশাপাশি কনডেনসেট উৎপাদন হার উল্লেখযোগ্য হারে হ্রাস পায় এবং বালি উৎপাদন অব্যাহত থাকে। পরবর্তীতে উক্ত কূপ হতে দৈনিক প্রায় ৪ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের বিপরীতে পানি ও কনডেনসেট উৎপাদনের হার যথাক্রমে কমবেশি ২৫৬ ও ০.৫৪ ব্যারেল/এমএমসিএফ এবং ফ্লোইং ওয়েলহেড প্রেসার ১৯৫৫ পিএসজিআই নেমে আসে। এছাড়াও সর্বশেষ দফায় কূপটি হতে দৈনিক কমবেশি ৩.২০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের বিপরীতে ওয়েলহেড প্রেসার ১৭৫৫ পিএসআইজি, ১০-১৪ ব্যারেল কনডেনসেট এবং ১০৫০-১১০০ ব্যারেল পানি উৎপাদিত হয়। উল্লেখ্য যে, উৎপাদিত পানির লবণাক্ততা ২১০০ পিপিএম হওয়ায় কূপটির অবস্থা সংকটাপন্ন হচ্ছে মর্মে চেয়ারম্যান পেট্রোবাংলা মহোদয়কে পত্রের মাধ্যমে জানানো হয় (সূত্র: পিসিআর)।

২৩.৭ প্রকল্পের আওতায় ভৌত কাজ থাকলেও সাইট বই সংরক্ষণ করা হয়নি।

২৩.৮ প্রকল্পের তথ্য PMIS-এ upload করা হয়নি।

২৩.৯ মার্চ, ২০১৯ (প্রকল্পের মেয়াদকাল) পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৩৬৫৫.২৪ লক্ষ টাকা (বৈ: মু ৯০৪.৪০) যা মোট প্রকল্প ব্যয়ের ৯৪.৮৫% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

২৪. পরিদর্শন কার্যক্রমের স্থিরচিত্র:



চিত্র-০১: গোলাপগন্জ উপজেলায় অবস্থিত কৈলাশটিলা -১ গ্যাস ক্ষেত্রের ওয়ার্কওভারকৃত ক্রিসমাসট্রি (কূপের মুখ)।



চিত্র -০২: কৈলাশটিলা -১ ওয়ার্কওভারের প্রকল্প সাইট পরিদর্শনকালে আইএমইডি প্রতিনিধি ও প্রকল্প পরিচালক।



চিত্র-০৩: সিলেট গ্যাস ফিল্ডের ওয়্যারহাউজে সংরক্ষিত এর ওয়ার্কওভারের জন্য ক্রয়কৃত অব্যবহৃত মালামাল।



চিত্র-০৪: সিলেট গ্যাস ফিল্ডের ওয়্যারহাউজে সংরক্ষিত এর ওয়ার্কওভারের জন্য ক্রয়কৃত অব্যবহৃত মালামাল পরিদর্শনে আইএমইডি প্রতিনিধির সাথে প্রকল্প পরিচালক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ ।

২৫. সুপারিশ/মতামত:

২৫.১ সংশ্লিষ্ট প্রকল্পটির ওয়ার্কওভার সমাপ্তির পর হতে মাত্র ১৬০ দিন কার্যকরী ছিল। এরপর অধিক পরিমাণ পানি এবং মাত্রাতিরিক্ত লবনাক্ততা পরিলক্ষিত হওয়ায় যথাযথ কতৃপক্ষের নির্দেশনা মোতাবেক গ্যাস উত্তোলন কার্যক্রম বন্ধ করা হয়। এহেন অনাকাঙ্খিত পরিস্থিতিতে প্রকল্পের আওতায় হিসাবকৃত Cost –Benefit Ratio লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রত্যাশিত ফলাফল প্রদানে ব্যর্থ হয়। যা সংশ্লিষ্ট সংস্থা তথা দেশের অর্থনীতিতে বিরূপ ভুমিকা ফেলতে পারে । অতএব ভবিষ্যতে অত্যন্ত সতর্কতার সাথে প্রকল্প নির্বাচন করা বাঞ্চনীয় ;

২৫.২ সংশ্লিষ্ট প্রকল্পের আওতায় ক্রয়কৃত অব্যবহৃত মালামালসমূহ ওয়্যারহাউজে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং অব্যবহৃত মালামাল যাতে ভবিষ্যতে সঠিক উপায়ে ব্যবহার নিশ্চিত হয় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে আন্তরিক হবেন;

২৫.৩ ভবিষ্যতে সাইসমিক জরীপের ফলাফল নিশ্চিতকরণ পরবর্তীতে এ জাতীয় প্রকল্প গ্রহণ করতে সংশ্লিষ্ট কোম্পানী ও সংস্থা কার্যকরী ভূমিকা পালন করবেন।

২৬. সুপারিশ ২৫.১ – ২৫.৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রকল্পের মূল কাজ	প্রকল্প গ্রহণের যৌক্তিকতা	আনুমানিক ব্যয় (লক্ষ টাকা)	অর্থায়নের উৎস	মেয়াদকাল	বাস্তবায়নকারী সংস্থা	সম্ভাব্য ফলাফল/মন্তব্য
৩	রূপকল্প-৩ খনন প্রকল্প এলাকা: পাবনা	মাদারগঞ্জ -১: ৩২০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা;	মাদারগঞ্জ এলাকাটি Hinge Zone এর Shelf to Slope অংশে অবস্থিত, যেখানে এ পর্যন্ত কোন কূপ খনন করা হয়নি। উক্ত প্রসপেক্টটি একটি Fault bounded Roll-over Anticline যেখানে গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।	১৩,৫০০ (তের হাজার পাঁচশত)	জিডিএফ	২০১৯-২০২১	বাপেক্স	ভূগঠনের ভূতাত্ত্বিক মূল্যায়ন এবং বানিজ্যিক গ্যাসের উপস্থিতি নিশ্চিত হলে ৩০ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।
৪	বাপেক্স এর ২টি অনুসন্ধান কূপ খনন প্রকল্প এলাকা: ভোলা	ক) টবগী-১: ৩৪৫০±৫০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; খ) ইলিশা-১: ৩৪০০±৫০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা;	ক) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রটির পশ্চিম অংশ একটি চ্যানেল দ্বারা বিচ্ছিন্ন হওয়ায় টবগী প্রসপেক্ট এ গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। খ) শাহবাজপুর গ্যাস ক্ষেত্রটির উত্তর অংশ একটি চ্যানেল দ্বারা বিচ্ছিন্ন হওয়ায় ইলিশা প্রসপেক্ট এ গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। উল্লেখিত ২টি কূপে বাণিজ্যিক গ্যাস আবিষ্কার হলে দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা লাঘব তথা দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা সম্ভব হবে।	৪০,০০০ (চল্লিশ হাজার)	জিডিএফ	২০১৯-২০২১	বাপেক্স	ভূগঠনের ভূতাত্ত্বিক মূল্যায়ন এবং বানিজ্যিক গ্যাসের উপস্থিতি নিশ্চিত হলে ৩০ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ করা সম্ভব হবে।
২০২২-২০৩০ পর্যন্ত								
১	বাপেক্স এর ৩টি অনুসন্ধান কূপ খনন প্রকল্প এলাকা: শরীয়তপুর, খাগড়াছড়ি এবং রাঙ্গামাটি।	ক) শরীয়তপুর-১: ৩২০০±১০০মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; খ) কাসালং-১: ৩০০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; গ) সীতাপাহাড়-৩: ১৫০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা;	ক) Stratigraphic cum Structural (Combination) Trap-এ গ্যাস আবিষ্কৃত হলে দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা লাঘব তথা দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা সম্ভব হবে। খ-গ) কাসালং ও সিতাপাহাড় ভূগঠন এলাকায় পেট্রোবাংলার পিএসসি এর আওতায় United Meridian Corp (UMC) ভূতাত্ত্বিক ও ২ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ করে। উক্ত উপাত্তসমূহ বিশ্লেষণ করে (UMC) উল্লিখিত কূপ দুটি প্রস্তাব করে। বর্তমান সময় পর্যন্ত কোন কূপ খনন করা হয়নি। সম্ভাবনাময় এই ভূগঠনসমূহে গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।	৬৬,০০০ (ছিষট্টি হাজার)	জিডিএফ	২০২২-২৪	বাপেক্স	ক) শরীয়তপুর ভূগঠনে গ্যাসের উপস্থিতি নিশ্চিত হলে ১০ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ করা সম্ভব হবে। খ-গ) কাসালং ও সিতাপাহাড় ভূগঠন এলাকায় United Meridian Corp (UMC) কর্তৃক সংগৃহীত উপাত্তসমূহ এবং বিশ্লেষন প্রতিবেদন পেট্রোবাংলা থেকে সংগ্রহের উপর নির্ভরশীল। উল্লিখিত উপাত্তসমূহ এবং বিশ্লেষন প্রতিবেদন সংগ্রহপূর্বক পুনঃমূল্যায়ন করে কূপ খনন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে।

৫

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রকল্পের মূল কাজ	প্রকল্প গ্রহণের যৌক্তিকতা	আনুমানিক ব্যয় (লক্ষ টাকা)	অর্থায়নের উৎস	মেয়াদকাল	বাস্তবায়নকারী সংস্থা	সম্ভাব্য ফলাফল/মন্তব্য
২	বাপেক্স এর ৫টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্প এলাকা: কুমিল্লা, পাবনা, সুনামগঞ্জ-নেত্রকোণা, ঝিনাইদহ এবং ঢাকা।	ক) শ্রীকাইল নর্থ-১: ৫০০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; খ) মোবারকপুর সাউথ ইস্ট-১: ৫০০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; গ) সুনেত্র-২: ৫২০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; ঘ) শৈলকুপা-১: ৫০০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা; ঙ) সাভার-সিশাইর-১: ৫৫০০±১০০ মিটার গভীরতা পর্যন্ত খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা;	ক) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রটির উত্তর অংশ একটি চ্যানেল দ্বারা বিচ্ছিন্ন হওয়ায় এবং অপেক্ষাকৃত গভীরতম প্রসপেক্ট থাকায় উক্ত অংশে গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। খ) ভূতাত্ত্বিক বিবেচনায় মোবারকপুর এলাকাটি Geological New Province – এ অবস্থিত। উক্ত এলাকায় গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। গ্যাস প্রাপ্তি নিশ্চিত হলে ভূতাত্ত্বিকভাবে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন হবে। গ) সুনেত্র-১ কূপে গ্যাসের উপস্থিতি না থাকলেও অপেক্ষাকৃত গভীর ও পুরাতন প্রসপেক্ট এ গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। ঘ) ভূতাত্ত্বিক বিবেচনায় শৈলকূপা Prospect টি Buried Hill এ অবস্থিত। যা বাংলাদেশের প্রেক্ষাপটে নতুন। উক্ত এলাকায় গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। গ্যাস প্রাপ্তি নিশ্চিত হলে ভূতাত্ত্বিকভাবে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন হবে। ঙ) ভূতাত্ত্বিক বিবেচনায় সাভার-সিশাইর এলাকাটি Hinge Slope এ Basin Floor Fan. উক্ত Feature এ গ্যাসের বাণিজ্যিক উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।	১২৫,০০০ (এক লক্ষ পচিশ হাজার)	জিডিএফ	২০২২-২৪	বাপেক্স	ক-গ) ভূগঠনের ভূতাত্ত্বিক মূল্যায়ন এবং বানিজ্যিক গ্যাসের উপস্থিতি নিশ্চিত হলে ৩০ এমএমএসসিএফডি গ্যাস সরবরাহ করা সম্ভব হবে। ঘ) শৈলকুপা প্রসপেক্টটি ODA/Well Drill ১৯৮৬ সালে চিহ্নিত করার পর ২০০০ সালে বাপেক্স কর্তৃক কূপ প্রস্তাবনা প্রণয়ন করা হয়। তবে কূপ প্রস্তবনাটি পুনঃবিশ্লেষনের প্রয়োজনীয়তা রয়েছে বিধায় ৩ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ করা প্রয়োজন। ঙ) সাভার-সিশাইর সংগৃহীত উপাত্তসমূহ বিশ্লেষন করে কূপ খনন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে।

শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চল, শেরপুর, মৌলভীবাজার-এ গ্যাস সরবরাহ **(১ম সংশোধিত)** শীর্ষক সমাপ্ত প্রকল্প

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ফেব্রুয়ারি ২০১৯**)**

১. প্রকল্পের নাম : শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চল, শেরপুর, মৌলভীবাজার-এ গ্যাস সরবরাহ (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্প।

২. পরিদর্শনকারী র্কমর্কতার নাম: মোছাঃ লুৎফুন নাহার নাজীম ; পদবী: উপপরিচালক; সেক্টর: পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর ১।

৩. প্রকল্প পরিদর্শনের তারিখ : ০৬ নভেম্বর, ২০১৯ খ্রিঃ

৪। প্রকল্পের অবস্থান:

বিভাগ (১)	জেলা (২)	উপজেলা (২)
সিলেট	মৌলভীবাজার ও হবিগঞ্জ	মৌলভীবাজার সদর ও নবীগঞ্জ

৫. বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ তৈল, গ্যাস ও মিনারেল করপোরশেন (পেট্রোবাংলা) /

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসনিএন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল)

৬. প্রশাসনিক মন্ত্রণালয় / বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় / জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

বিষয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
			মূল	সর্বশেষ সংশোধিত			
মূল	সর্বশেষ সংশোধিত						
১	২	৩	৪	৫	৬	৭	৮
	৩৭৮২.০০ (২২০৮.০০)	৩১২৯.৩৩ (২০৭৬.৭৭)	মার্চ ২০১৬ হতে জুন ২০১৭	মার্চ ২০১৬ হতে ফেব্রুয়ারি ২০১৯	মার্চ ২০১৬ হতে ফেব্রুয়ারি ২০১৯	- ০.৮১%	- ১৪০%

মোট ৬৫২.৬৭ লক্ষ টাকা সাশ্রয় হয়।

৮. অঙ্গভিত্তিক অগ্রগতিঃ

কোড নং	ইকনমিক সাব কোড বর্ণনা (বিস্তারিত) আরডিপিপি অনুযায়ি	একক	লক্ষ্যমাত্রা (আরডিপিপি অনুযায়ি)		প্রকৃত অগ্রগতি		তারতম্যের কারণ ([2])
			আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক) রাজস্ব ব্যয়							
৪৮০০	সরবরাহ ও সেবা						
৪৮২৪	বীমা /ব্যাংক চার্জ	থোক	১৬.০০	থোক	৬.৬৪	থোক	প্রকৃত (- ৯.৩৬)
৪৮২৮	স্টেশনারি	থোক	২.০০	থোক	১.১৭	থোক	প্রকৃত (- ০.৮৩)
৪৮৪৫	আপ্যায়ন	থোক	৩.০০	থোক	৩.০০	থোক	প্রকৃত (০.০০)
৪৮৫১	অনিয়মিত শ্রমিক	থোক	২.০০	থোক	০০	থোক	প্রকৃত (- ২.০০)
৪৮৮৩	সম্মানি	থোক	৩.০০	থোক	২.৯৮	থোক	প্রকৃত (- ০.০২)
৮৯৩	মাইক্রোবাস ভাড়া	১টি	৯.০০	১টি	৮.৪০	১টি	প্রকৃত (- ০.৬০)
উপ-মোট (রাজস্ব)			**৩৫.০০**	**-**	**২২.১৯**	**-**	প্রকৃত (- ১২.৮১)

খ) মূলধন							
৬৮০০	সম্পদ সংগ্রহ/ক্রয়						
৬৮১৩	সিপি ম্যাটেরিয়াল	থোক	২৫.০০	থোক	২৫.০০	থোক	প্রকৃত (০০)
৬৮১৪	টার্ণ-কি/ইপিসি ভিত্তিতে ৮"× ২০০ মি. × ১০০০ psig, ১২"× ৩০০০ মি. × ১৫০ psig পাইপলাইন এবং ১টি RMS (১০০০/১৫০ psig × ৩০ MMCFD, ১টি CMS (১৫০/৬০ psig × ৩০ MMCFD) এবং ১টি অফটেকের উপকরণ সংগ্রহ, স্থাপন এবং পূর্ত ও ভূমি উন্নয়ন কাজ।	থোক	২৭৪৬.০০ (২২০৮.০০)	থোক	২৬১৭.৩৮ (২০৭৬.৭৭)	থোক	প্রকৃত (- ১২৮.৬২)
৬৯০০	ভূমি অধিগ্রহণ/ ক্রয়						
৬৯০১	ভূমি অধিগ্রহণ	১ একর	৫.০০	থোক	০০	থোক	প্রকৃত (- ৫.০০)

৬৯৪১	ভূমি অধিগ্রহণ / রাইট অফ ওয়ে	৩.০ কি.মি.	১০.০০	থোক	১.২৬	থোক	প্রকৃত (-৮.৭৪)
৭০০০	**নির্মাণ ও পূর্ত কাজ**						
৭০৮১	সিপি স্টেশন ইনস্টলেশন	২টি	৩০.০০	১টি	১৪.৫৫	থোক	প্রকৃত (-১৫.৪৫)
৭৯০০	**ক্যাপিটাল সিডি / ভ্যাট**						
৭৯০১	ডেভেলপমেন্ট ইমপোর্ট ডিউটি এন্ড ভ্যাট	থোক	৯৩১.০০	থোক	৪৪৮.৯৫	থোক	প্রকৃত (-৪৮২.০৫)
উপ-মোট (মূলধন)			**৩৭৪৭.০০ (২২০৮.০০)**	**-**	**৩১০৭.১৪ (২০৭৬.৭৭)**	-	প্রকৃত (-৬৩৯.৮৬)
সর্বমোট			**৩৭৮২.০০ (২২০৮.০০)**	**-**	**৩১২৯.৩৩ (২০৭৬.৭৭)**	-	প্রকৃত (-৬৫২.৬৭)

৯. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই।

১০. পটভুমি:

সরকার আমদানীকৃত প্রাকৃতিক জ্বালানীর উপর নির্ভরশীলতা কমিয়ে জাতীয় সম্পদ যেমন প্রাকৃতিক গ্যাস, কয়লা ,কঠিন শিলা ইত্যাদির ব্যবহার নিশ্চিত করে দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নের ওপর বিশেষ জোর দিয়েছে। সিলেটের হরিপুরে ১৯৫৫ সালে সর্বপ্রথম প্রাকৃতিক গ্যাস আবিস্কৃত হয় এবং এর অব্যবহিত পরেই ১৯৫৯ সালে ছাতকে গ্যাস পাওয়া যায়। ছাতক সিমেন্ট ফ্যাক্টরীতে ১৯৬০ সালে, ফেঞ্চুগঞ্জ সার-কারখানায় ১৯৬৯ সালে এবং শাহজিবাজার বিদ্যুৎ কেন্দ্রে ১৯৬২ সালে গ্যাস রবরাহের মাধ্যমে প্রাকৃতিক গ্যাসের বানিজ্যিক ব্যবহার শুরু হয়। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) সিলেটের শেরপুর এলাকায় একটি অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছে। এ অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহের জন্য ১৪৫ ^{2} ৪ পিএসআইজি ধাপে ১২ ইঞ্চি ব্যাসের ৩.০০ কিমি পাইপলাইন, ১টি সিএমএস (CMS) এবং একটি আরএমএস (RMS) স্থাপনের প্রয়োজনীয়তা দেখা দেয়।

১১. উদ্দেশ্য: প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী):

- বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্র এলাকা হতে শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চল, শেরপুর, মৌলভীবাজার পর্যন্ত ৩.০০ কি.মি. গ্যাস নেটওয়ার্ক স্থাপন।
- প্রস্তাবিত শ্রীহট্র অর্থনৈতিক অঞ্চলে শিল্প শ্রেণীর গ্রাহকদের দৈনিক ২০ এমএমসিএফডি হারে গ্যাস সরবরাহ।

মুল কার্যক্রম:

- আন্তর্জাতিক দরপত্র আহ্বানের মাধ্যমে শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহের জন্য ১৪৫ ^{2} ৪ পিএসআইজি চাপে ১২ ইঞ্চি ব্যাসের ৩.০০ কিমি পাইপলাইন, ১টি সিএমএস (CMS) এবং একটি আরএমএস (RMS) স্থাপন।
- স্থাপিত পাইপ লাইনের ক্ষয়রোধের জন্য ক্যাথেটিক প্রটেকশন (সিপি) সিষ্টেম স্থাপন করা। CMS স্থাপনের জন্য ভূমি উন্নয়ন এবং RMS ও CMS এর জন্য কন্ট্রোল বিল্ডিং নির্মান।
- গাড়ি ভাড়া করা।

১২. প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

শ্রীহট্র অর্থনৈতিক অঞ্চল, মৌভীবাজার-এ গ্যাস সরবরাহ প্রকল্পটি ২৬-০৪-২০১৬ তারিখে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের অনুমোদিত ব্যয় ৩১০৪.০০ লক্ষ টাকা, বাস্তবায়নকাল মার্চ'১৬ হতে মার্চ'১৮ পর্যন্ত। প্রকল্পের কাজ (১টি আরএমএস, ১টি সিএমএস এবং ১২ ইঞ্চি ব্যাসের ৩.০ কিলোমিটার পাইপলাইন স্থাপন) টার্ণ-কী ভিত্তিতে সম্পদনের লক্ষ্যে প্রথম পর্যায়ে Single Stage Single Envelope পদ্ধতিতে আহ্বানকৃত দরপত্র ১১-০১-২০১৭ তারিখে উম্মুক্তকরণ করা হয়। কারিগরিভাবে গ্রহণযোগ্য সর্বনিম্ন দরদাতা প্রাক্কলিত দর অপেক্ষা ২১.৭৯% অধিক হওয়ায় এবং One Stage one Envelope পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হলে আর্থিক প্রস্তাব উম্মুক্তকরণের সাথে সাথেই উপস্থিত ঠিকাদার প্রতিনিধিসহ সকলেই দরপ্রস্তাব জানতে পারে বিধায় কারিগরি মূল্যায়ন প্রভাবিত হওয়ায় আশংকা থেকে যায় বলে আলোচনা করে বোর্ড One Stage one Envelope পদ্ধতিতে আহ্বানকৃত দরপত্র বাতিলপূর্বক One Stage two Envelope পদ্ধতিতে পুন:দরপত্র আহবানের সিদ্ধান্ত প্রদান করে। One Stage Two Envelope পদ্ধতিতে আহ্বানকৃত পুন:দরপ্রস্তাব ১০-০৪-২০১৭ তারিখে গ্রহণ ও একই দিনে কারিগরি প্রস্তাব উন্মোক্ত করা হয়। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান (M/s.Forain s.r.l.,Italy- এর সাথে মূল্যায়িত দরে চুক্তি সম্পাদনের জন্য ১১-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৩৯৯তম বোর্ড সভায় প্রত্যাশা অনুমোদিত করে।

সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান (M/s.Forain s.r.l.,Italy- এর মূল্যায়িত দর : ইউরো ২৩,২৯,২৪১.০০+ টাকা ৫,৩৮,০০,০০০.০০। ইউরোর মূল্য বৃদ্ধি পাওয়ায় (৩০-০৭-২০১৭ তারিখের বাংলাদেশ ব্যাংক এর বৈদেশিক বিনিময় হার অনুযায়ী ১ ইউরো = ৯৪.৭৭৫৫ টাকা) এবং ডিপিপি প্রস্তুতকালে পূর্ত নির্মাণের উপকরণ সামগ্রী যথা: রড, সিমেন্ট, বালু, পাথর ইত্যাদির মূল্য ২০১৪ সালে প্রণীত গণপূর্ত বিভাগের মূল্যহার ধরে প্রাক্কলন করায় ইতোমধ্যে এ সকল সামগ্রির মূল্যহার অনেক বৃদ্ধি পাওয়ার দর প্রস্তাব স্থানীয় মুদ্রা সহ চুক্তি মূল্য বৃদ্ধি পেয়ে দাড়াবে ২৭৪৬.০০ লক্ষ টাকা (২৩,২৯,২৪১,.০০দ্ধ৯৪,৭৭৫৫+টাকা ৫,৩৮,০০,০০০.০০)। সামগ্রিকভাবে আইটেমের হ্রাস-বৃদ্ধি করে প্রকল্প ব্যয় ৬৭৮.০০ লক্ষ টাকা বৃদ্ধি পেয়ে সংশোধিত ব্যয় দাড়ায় ৩৭৮২.০০ (৩১০৪.০০+৬৭৮.০০) লক্ষ টাকা। ফলে গত ১৯.০৯.২০১৭ তারিখে নিজস্ব তহবিলে বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রস্তাব বিবেচনার জন্য কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আরডিপিপি পুনর্গঠন করা হয়।

১৩. (ক) **ডিপিপি/টিএপিপিতে** মোট প্যা**কেজ** সংখ্যা: ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যা ১ (এক) টি।

(খ) পণ্য, র্কায ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং	**দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)**		**চুক্তির তারিখ ও চুক্তি মূল্য**	**কাজ সমাপ্তির তারিখ**		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারন
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
পণ্য ও কার্য						
টার্ণ-কি/ইপিসি ভিত্তিতে ৮"× ২০০ মি. × ১০০০ psig, ১২"× ৩০০০ মি. × ১৫০ psig পাইপলাইন এবং ১টি RMS (১০০০/১৫০	২৭-০২-২০১৭	২১২৩.০০ (১৮৩৯.০০)	০৫-০৭-২০১৭ ২৭৪৬.০০ (২৩২৯২৪১.০০ ইউরো ও	২১-০৫-২০১৮	৩০-১১-২০১৮	পুন.দরপত্র আহবান ও ঠিকাদার কর্তৃক ম্যাটেরিয়া

psig × ৩০ MMCFD, ১টি CMS (১৫০/৬০ psig × ৩০ MMCFD) এবং ১টি অফটেকের উপকরণ সংগ্রহ, স্থাপন এবং পূর্ত ও ভূমি উন্নয়ন কাজ।			৫৩৮.০০ লক্ষ টাকা)			ল সরবরাহে বিলম্ব।
কার্য						
সিপি স্টেশন ইনস্টলেশন	০৪-১২-২০১৮	৩০.০০	০৭-১০-২০১৮ ১৪.৫৫	০৬-১২-২০১৮	০৩-১২-২০১৮	-

১৪. প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

(ক) মূল এবং আরডিপিপি অনুযায়ী সংশোধিত শিডিউল :

(লক্ষ টাকা)

অর্থবছর	ডিপিপি অনুয়ায়ী ডিপিপি/আরডিপিপি সংস্থান ও বাস্তব লক্ষমাত্রা অর্জন (প্রকৃত ব্যয়)				আরডিপিপি অনুয়ায়ী ডিপিপি/আরডিপিপি সংস্থান ও বাস্তব লক্ষমাত্রা অর্জন (প্রকৃত ব্যয়)			
	মোট	টাকা	পি.এ	বাস্তব %	মোট	টাকা	পি.এ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
(২০১৫-২০১৬)	২.৫০	২.৫০	--	০.০৮	--	--	-	--
(২০১৬-২০১৭)	৩১০১.৫০	৩১০১.৫০	--	৯৯.৯২	৯.০০	৯.০০	-	০.২৪
(২০১৭-২০১৮)	--	--	--	--	৩৭৭৩.০০	৩৭৭৩.০০	-	৯৯.৭৬
(২০১৮-২০১৯)	--	--	--	--	--	--	-	--
মোট	৩১০৪.০০	৩১০৪.০০	--	১০০	৩৭৮২.০০	৩৭৮২.০০	-	১০০

(খ) সংশোধিত এডিপি বরাদ্দ ও অগ্রগতি:

(লক্ষ টাকা)

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				টাকা অবমুক্তি	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	পি.এ	বাস্তব %		মোট	টাকা	পি.এ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
(২০১৫-২০১৬)	--	--	--	--	--	--	--	--	--
(২০১৬-২০১৭)	৯.০০	৯.০০	-	০.২৪	--	৮.৯২	৮.৯২	--	০.২৯

অর্থবছর	সংশোধিত এডিপি বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				টাকা অবমুক্তি	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	পি.এ	বাস্তব %		মোট	টাকা	পি.এ	বাস্তব %
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
(২০১৭-২০১৮)	৩০৪০.০০	৩০৪০.০০	-	৮১.০৯	-	১৭৯১.৮৪	১৭৯১.৮৪	-	৫৭.২৬
(২০১৮-২০১৯)	৭০০.০০	৭০০.০০	-	১৮.৬৭	-	১৩২৮.৫৭	১৩২৮.৫৭	-	৪২.৪৫
মোট	৩৭৪৯.০০	৩৭৪৯.০০	-	১০০	-	৩১২৯.৩৩	৩১২৯.৩৩	-	১০০

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম ও পদবী আইডি নং	পূর্ণকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
প্রকৌ. এ বি. এম শরীফ, উপ-মহাব্যবস্থাপক	প্রকল্প পরিচালক	০১-০৩-২০১৬	২১-১১-২০১৬
প্রকৌ এ কে এম শামসুলণ আলম, উপ-মহাব্যবস্থাপক	প্রকল্প পরিচালক	২২-১১-২০১৬	২৮-০২-২০১৮

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

উদ্দেশ্য	অর্জিত ফলাফল
০১) বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্র এলাকা হতে শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চল, শেরপুর, মৌলভীবাজার পর্যন্ত ৩.০০ কি.মি. গ্যাস নেটওয়ার্ক স্থাপন। ২) শ্রীহট্র অর্থনৈতিক অঞ্চলে শিল্প শ্রেণীর গ্রাহকদের দৈনিক ২০এমএমসিএফডি হারে গ্যাস সরবরাহ।	০১) বিবিয়ানা বিদ্যুৎ কেন্দ্র এলাকা হতে শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চল, শেরপুর, মৌলভীবাজার পর্যন্ত ৩.০০ কি.মি. গ্যাস নেটওয়ার্ক স্থাপন কাজ সম্পন্ন। ২) শ্রীহট্র অর্থনৈতিক অঞ্চলে শিল্প-কারখানা স্থাপিত না হওয়ায় গ্যাস সরবরাহ কার্যক্রম এখনও আরম্ভ হয়নি।

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ

শ্রীহট্র অর্থনৈতিক অঞ্চলে শিল্প-কারখানা স্থাপিত না হওয়ায় গ্যাস সরবরাহ কার্যক্রম এখনও আরম্ভ হয়নি।

২৩. পরিদর্শন পর্যবেক্ষণঃ

২৩.১ প্রকল্পের মূল প্রাক্কলিত ব্যয় ছিল ৩১০৪.০০ লক্ষ টাকা। ১০-০৪-২০১৭ তারিখে দরপত্র উন্মুক্তকরণের পরে ইউরোর মূল্য বৃদ্ধি পাওয়ায় (৩০-০৭-২০১৭ তারিখের বাংলাদেশ ব্যাংক এর বৈদেশিক বিনিময় হার অনুযায়ী ১ ইউরো = ৯৪.৭৭৫৫ টাকা) এবং ডিপিপি প্রস্তুতকালে পূর্ত নির্মাণের উপকরণ সামগ্রী যথা: রড, সিমেন্ট, বালু, পাথর ইত্যাদির মূল্য ২০১৪ সালে প্রণীত গণপূর্ত বিভাগের মূল্যহার ধরে প্রাক্কলন করায় এ সকল সামগ্রির মূল্যহার অনেক বৃদ্ধি পাওয়ায় স্থানীয় মুদ্রাসহ চুক্তি মূল্য বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২৭৪৬.০০ লক্ষ টাকা (২৩,২৯,২৪১,০০৯৪,৭৭৫৫ টাকা যা বৈদেশিক মুদ্রায়

৫,৩৮,০০,০০০.০০)। সামগ্রিকভাবে আইটেমের হ্রাস-বৃদ্ধি করে প্রকল্প ব্যয় ৬৭৮.০০ লক্ষ টাকা বৃদ্ধি পেয়ে সংশোধিত ব্যয় দাড়ায় ৩৭৮২.০০ (৩১০৪.০০+৬৭৮.০০) লক্ষ টাকা। এমতাবস্থায়, গত ১৯.০৯.২০১৭ তারিখে নিজস্ব তহবিলে বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রস্তাব বিবেচনার জন্য কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী আরডিপিপি পুনর্গঠন করা হয়। পুনর্গঠিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় দাঁড়ায় ৩৭৮২.০০ লক্ষ টাকা। তবে প্রকল্পের সার্বিক কাজ শেষে প্রকল্প ব্যয় দাঁড়ায় ৩১২৯.৩৩ লক্ষ টাকা। ২৩. ২ প্রকল্পের তথ্য PMIS-এ upload করা হয়েছে।

২৩.৩ প্রকল্পের বাস্তবায়ন সমস্যাবলী নিম্নরূপ:

- BPDB হতে RMS এর ভূমি প্রাপ্তিতে ২ মাস বিলম্ব হয়। নির্ধারিত স্থানের পরিবর্তে ২০০ মিটার দুরত্বে অন্যত্র একটি গভীর পুকুরে ১০ শতাংশ ভূমি যা আরএমএস (RMS) নির্মাণের জন্য পর্যাপ্ত ছিলনা। আরএমএস তৈরীতে প্রকৃতপক্ষে ৩২ শতাংশ (৪১× ৩২মিটার) ভূমি ব্যবহৃত হয়।
- BEZA হতে সিএমএস (CMS) এর ভূমি প্রাপ্তিতে ৩ মাস বিলম্ব হয়।
- প্রকল্পের RMS ও CMS নিমার্ণের জন্য যথাক্রমে BPDB ও BEZA কর্তৃক হস্তান্তরে বিলম্ব ঘটায় পূর্ত নিমার্ণ কাজ শুরু করতে বিলম্ব হয়।
- ইউরোপীয় দেশ সমূহের মধ্যে ইতালিতে মধ্য মার্চ পর্যন্ত বরফাচ্ছন্ন হয়ে সমুদ্রবন্দর বন্ধ থাকায় ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহে বিলম্ব হয়।
- ইউরো'র মূল্য (বিনিময় হার) বৃদ্ধি।

২৩.৪ Turn-Key ঠিকাদার M/S Forain S.r.l, Italy এর সাথে ০৫-০৭-২০১৭ তারিখে চুক্তি সম্পাদিত হয়; চুক্তিমূল্য ডিপিপি'তে আলোচ্য অঙ্গের প্রাক্কলিত মূল্য অপেক্ষা বেশী হওয়ায় এবং ইউরো'র মূল্য বৃদ্ধি জনিত কারণে ডিপিপি সংশোধনক্রমে ২৪-০৯-২০১৭ তারিখে ঋণপত্র খোলা হয়। ১৫/০৩/২০১৮ তারিখে পাইপ লাইন সামগ্রী জাহাজীকরণ সম্পন্ন হয়।

২৩.৫ পাইপলাইন সামগ্রী ১৫/০৪/২০১৮ তারিখে শুল্কায়ন কাজ সমাপ্ত এবং পাইপ লাইন সামগ্রী ২৪/০৪/২০১৮ তারিখে প্রকল্প সাইটে এসে পৌঁছায়।

২৩.৬ ০২/০৫/২০১৮ তারিখে ১২ ইঞ্চি পাইপলাইন এর ওয়েল্ডিং কাজ শুরু হয়ে যথাসময়ে ৩.০০ কি.মি গ্যাস পাইপলাইন স্থাপন (১০০%) সম্পন্ন হয়েছে।

২৩.৭ আরএমএস এর কন্ট্রোল বিল্ডিং এবং সিএমএস এর কন্ট্রোল বিল্ডিং নির্মাণ সম্পন্ন হয়েছে যথাসময়ে ।

২৩.৮ প্রকল্প এলাকায় RMS (Regulating and Metering station) ও CMS (Customer Metering Statiom) এর ভূমি উন্নয়ন কাজ সম্পনান্তে যথাসময়ে RMS ও CMS সাইট নির্মাণ সম্পন্ন হয়।

২৩.৯ প্রকল্পটি গত ২৬/০৪/২০১৬ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়। ১ম সংশোধনী অনুযায়ী প্রকল্পটিতে ৬৭৮.০০ টাকা (+২১.৮৪%) ব্যয় বৃদ্ধি পেয়েছে। সর্বশেষ (২য়) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ (২৮.৫৭%) বৃদ্ধি করে প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম শেষ হয়।

২৪. পরিদর্শন কার্যক্রমের স্থিরচিত্র:



চিত্র-১ : শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহ প্রকল্প,শেরপুর,মৌলভীবাজার –এর সিএমএস সাইট।



চিত্র-০২: শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহ প্রকল্প,শেরপুর,মৌলভীবাজার –এর সিএমএস সাইটের একাংশ।



চিত্র -০৩: সিএমএস (CMS) সাইটে নির্মিত দ্বিতল কন্ট্রোল বিল্ডিং ।



চিত্র -০৪: সিএমএস সাইটে IMED এর প্রতিনিধি, প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা।



চিত্র -০৫: শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহ প্রকল্প,শেরপুর,মৌলভীবাজার –এর আরএমএস সাইটের একাংশ। ।



চিত্র -০৬: সিএমএস সাইটে IMED এর প্রতিনিধি ও প্রকল্প পরিচালক ।

২৫. সুপারিশ/মতামত:

২৫.১ প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য প্রকল্প ব্যবস্থাপনাকে শক্তিশালী ভূমিকা পালন করেছেন এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সহ সংশ্লিষ্ট সংস্থা/ কোম্পানী পর্যায়ে মনিটরিং কার্যক্রম জোরদার ছিল মর্মে প্রতীয়মান হয়;

২৫.২ সকল কাজ পরিকল্পনা মাফিক বাস্তবায়ন করার বিষয়ে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, কাজের তালিকা (Work/Activity list) প্রণয়ন করা হয়েছিল এবং সে মোতাবেক Work Breakdown Structure (WBS) করে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছিল, যা প্রকল্পের একটি সবল দিক;

২৫.৩ প্রকল্পটির বাস্তব ব্যবহার নিশ্চিত করা সহ গ্যাস সঞ্চালন কার্যক্রম ত্বরান্বিত করবার জন্য BEZA সহ সংশ্লিষ্ট সকল প্রশাসনিক বিভাগ/ মন্ত্রণালয় তৎপর হবেন ;

২৫.৪ প্রকল্প এলাকায় প্রকল্প সংশ্লিষ্ট জনবলের অবস্থান নিশ্চিত করতে হবে এবং প্রকল্পের আওতায় প্রয়োজনীয় নির্দেশনা মোতাবেক গ্যাস সঞ্চালন চালু হলে নিয়মিত কার্যক্রম তদারকি করতে হবে;

২৫.৫ যৌক্তিক কারণ ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রকল্প এলাকা হতে গ্যাস সরবরাহ কার্যক্রম বিলম্ব করা সমুচিত নয়, কারণ সিএসএস ও আরএসএস সাইটের ব্যবহার অধিক বিলম্ব হলে যন্ত্রপাতি বিকল হওয়া সহ নানা ধরণের কারিগরী জটিলতা দেখা দেওয়ার সমূহ সম্ভাবনা আছে মর্মে প্রতীয়মান হয়।

২৬. সুপারিশ ২৫.১ - ২৫.৫ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

বাপেক্স এর জন্য রিগ সাপোর্টিং যন্ত্রপাতিসহ একটি খনন এবং একটি ওয়ার্কওভার রিগ সংগ্রহ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৮)

১. প্রকল্পের নাম : **বাপেক্স এর জন্য রিগ সাপোর্টিং যন্ত্রপাতিসহ একটি খনন এবং একটি ওয়ার্কওভার রিগ সংগ্রহ** শীর্ষক সমাপ্ত প্রকল্প।

২. পরিদর্শনকারী র্কমর্কতার নাম : মোছাঃ লুৎফুন নাহার নাজীম পদবী: উপপরিচালক-১ সেক্টর: পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১

৩. প্রকল্প পরিদর্শনের তারিখ : ২৮ অক্টোবর, ২০১৯ খ্রিঃ

৪। প্রকল্পের অবস্থান:

বিভাগ **(১)**	জেলা **(১)**	উপজেলা/ সিটি কর্পোরেশন **(১)**
ঢাকা	ঢাকা	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন তেজগাঁও

৫. বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ তৈল, গ্যাস ও মিনারেল কর্পোরেশন (পেট্রোবাংলা) / **(বাপেক্স)**

৬. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় / জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (বৈঃমুঃ)	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (বৈঃমুঃ)	সর্বশেষ সংশোধিত (বৈঃমুঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩২,৭৫৭.০০ (২৯,০৬৫.০০)	৮,৭৭৪.০০ (৭,৪৫২.০০)	৮,২৮৮.৪৬ (৭,২৭২.৭২)	জুলাই' ২০১৬ - জুন' ২০১৮	জুলাই' ২০১৬ - ডিসেম্বর' ২০১৮	জুলাই' ২০১৬ - ডিসেম্বর' ২০১৮	প্রযোজ্য নয়	২৫%

৮. অঙ্গভিত্তিক অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

অর্থনৈতিক কোড	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১-১২-২০১৮ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
(ক) রাজস্ব ব্যয়ঃ						
৪৮০০	সরবরাহ ও সেবা					
৪৮১৩	কাস্টম ডিউটি এবং ভ্যাট	থোক	থোক	১৩.০০	থোক	১৩.০০ (১০০%)
৪৮১৪	অন্যান্য ট্যাক্স (এআইটি)	থোক	থোক	৩৯৮.০০	থোক	৩৭৬.০০ (৯৪.৫%)
৪৮২৩	পেট্রোলিয়াম ও অন্যান্য লুব্রিকেন্ট (পিওএল)	থোক	থোক	৩৫.০০	থোক	৩৪.৬৭৭ (৯৯%)

অর্থনৈতিক কোড	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১-১২-২০১৮ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৪৮২৪	ক) ব্যাংক চার্জ	থোক	থোক	৯১.০০	থোক	৮৪.৮৯ (৯৩%)
	খ) বীমা	থোক	থোক	২১৮.০০	থোক	১৫২.৬৩৯ (৭০%)
৪৮২৮	ষ্টেশনারী, সীল, স্ট্যাম্প	থোক	থোক	৩.০০	থোক	২.২৭০৬ (৭৬%)
৪৮৩৩	টেন্ডার নোটিশ পাবলিশিং ইত্যাদি	থোক	থোক	২.০০	থোক	০.৫৩ (২৬.৫%)
৪৮৪০	প্রশিক্ষণ	সংখ্যা	১৯	৬৬.০০ (৬৬.০০)	১৯	৬৫.১২৫ (৯৮.৭%) (৬৫.১২৫)
৪৮৪৫	আপ্যায়ন	থোক	থোক	৩.০০	থোক	২.৬৪৩৪ (৮০%)
৪৮৪৬	রিগ পরিবহন	থোক	থোক	৩৫৪.০০	থোক	২৩০.০০ (৬৫%)
৪৮৫১	অনিয়মিত শ্রমিক	থোক	থোক	১৬.০০	থোক	৫.০৮৫ (৩১.৮%)
৪৮৮৩	সম্মানী	থোক	থোক	২.০০	থোক	০.৯২৬ (৪৬.৩%)
৪৮৯৩	গাড়ী ভাড়া	সংখ্যা	১	২০.০০	১	১৫.২৯০৯১ (৭৬.৫%)
৪৮৯৫	কমিটি মিটিং	থোক	থোক	২.০০	থোক	১.২১৫ (৬০.৭৫%)
৪৮৯৯	অন্যান্য ব্যয়					
	ক) জেটি ব্যয়, সিএন্ডএফ কমিশন ইত্যাদি	থোক	থোক	৭৩.০০	থোক	৪৯.৬৮৪ (৬৮%)
	খ) পিএসআই ও সার্টিফিকেশন	থোক	থোক	১৩০.০০ (৭৮.০০)	থোক	১৫.০০ (১১.৫%) (০.০০)
	গ) রিগ এন্ড রিগ সাপোর্টিং ইক্যুইপমেন্ট ইন্সটলেশন, টেষ্টিং এবং কমিশনিং	থোক	থোক	৮৫.০০ (৫৮.০০)	থোক	৮৩.৪৩ (৯৮%) (৫৬.৭০)
	ঘ) স্থানীয় মালামাল ক্রয়	থোক	থোক	৭.০০	থোক	০.০০ (০%)
	মোট রাজস্ব ব্যয়ঃ			১,৫১৮.০০ (২০২.০০)		১,১৩২.৪০২৯১ (৭৪.৬%) (১২১.৮২৫)
(খ) মুলধন ব্যয়ঃ						
৬৮০০	সম্পদ সংগ্রহ/ক্রয়					
৬৮১৩	মেশিনারী ও অন্যান্য যন্ত্রপাতি					
	ক) ২৫০০-৩০০০ এইচপি ড্রিলিং রিগ ও রিগ সাপোর্টিং যন্ত্রপাতি	-	-	-	-	-
	খ) ৬০০-৬৫০ এইচপি মেকানিক্যাল ওয়ার্কওভার রিগ ও রিগ সাপোর্টিং যন্ত্রপাতি	সংখ্যা	১	৭,২৫০.০০ (৭,২৫০.০০)	১	৭,১৫০.৮৯২ (৯৮.৬%) (৭,১৫০.৮৯২)
৬৮১৫	কম্পিউটার ও এক্সেসরিজ	সেট	২	২.০০	২	১.৯৮৪ (৯৯২%)
৬৮১৯	অফিস ইক্যুইপমেন্ট	লট	১	২.০০	১	১.৮৫৫ (৯২.৭%)
৬৮২১	আসবাবপত্র	লট	১	২.০০	১	১.৩২২ (৬৬.১%)
	মোট মূলধন ব্যয়			৭,২৫৬.০০ (৭,২৫০.০০)		৭,১৫৬.০৫৩ (৯৮.৬%) (৭,১৫০.৮৯২)
সর্বমোট ব্যয় (ক+খ)				৮,৭৭৪.০০ (৭,৪৫২.০০)		৮,২৮৮.৪৬ (৯৪.৪৬%) (৭,২৭২.৭২)

৯. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই

১০. পটভুমি:

দেশে তেল ও গ্যাস চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সে প্রেক্ষিতে তেল এবং গ্যাসের চাহিদা মেটানোর জন্য আবিষ্কৃত কূপসমূহের সংস্কার এবং নতুন নতুন কূপ খননের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। উপরন্তু প্রতিবছর পেট্রোলিয়াম পন্য আমদানি করতে প্রচুর পরিমাণ বৈদেশিক মুদ্রা খরচ হচ্ছে। তেল ও গ্যাস অনুসন্ধান কার্যক্রম নিজস্ব সামর্থ্য দ্বারা ত্বরান্বিত করার জন্য বাংলাদেশ সরকার বাংলাদেশ তেল গ্যাস এবং খনিজ সম্পদ কর্পোরেশন (বিওজিএমসি) এর অনুসন্ধান শাখাকে পুনর্বিন্যাস করে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) গঠন করে এবং বাপেক্স ১৯৮৯ সালের ১লা জুলাই হতে তেল, গ্যাস অনুসন্ধান ও খনন কার্যক্রম শুরু করে। বাপেক্স বর্তমানে দেশের বিভিন্ন স্ট্রাকচার ও গ্যাস ক্ষেত্রে ৫৩ টি অনুসন্ধান কূপ, ৩৫ টি উন্নয়ন কূপ এবং ২০ টি কূপের ওয়ার্কওভার (মোট ১০৮ টি কূপ) করার পরিকল্পনা গ্রহণ করেছে।

বাপেক্সের ০২ টি ভ্রাম্যমান ওয়ার্কওভার রিগ ছিল, যার মধ্যে রোমানিয়ান পি-৮০ রিগটি দীর্ঘদিন ব্যবহারের পর কর্মক্ষমতা হারিয়ে ফেলায় কর্তৃপক্ষ কর্তৃক অকেজো ঘোষণাপূর্বক নিলামে বিক্রি করা হয়। অপর ZJ40DBT (বিজয়-১১) ওয়ার্কওভার রিগটি এখনও সচল আছে। এই একমাত্র রিগ দ্বারা ২০ টি কূপের ওয়ার্কওভার কাজ করা স্বল্প সময়ে সম্ভব নয়। তাই রোমানিয়ান পি-৮০ রিগের স্থলে ০১ টি নতুন ভ্রাম্যমান ওয়ার্কওভার রিগ ক্রয় করার প্রয়োজনীয়তা দেখা দেয়। এ ছাড়া বাপেক্সের ০৪ টি খনন রিগ আছে, যথাঃ- আইডিকো এইচ-১৭০০, আইপিএস কার্ডওয়েল, ZJ70DBS (বিজয়-১০) এবং ZJ50DBS রিগ (বিজয়-১২)। এর মধ্যে অত্যধিক পুরাতন আইডিকো এইচ-১৭০০ রিগটি খনন কাজের উপযোগী নয় এবং আইপিএস কার্ডওয়েল রিগটির পুনর্বাসন প্রয়োজন। বাকি ০২ টি রিগ ZJ70DBS (বিজয়-১০) এবং ZJ50DBS (বিজয়-১২) রিগ দ্বারা ৫৩ টি অনুসন্ধান কূপ এবং ৩৫ টি উন্নয়ন কূপ খনন করা সম্ভব নয়। এ ছাড়া কিছু গভীর কূপ খনন করা দরকার (৬০০০ মিটারের বেশি গভীর)। কিন্তু এরূপ গভীর কূপ খনন কাজের উপযোগী কোন রিগ বাপেক্সের নাই। এমতাবস্থায় প্রয়োজনীয় সরঞ্জামসহ ৬০০-৬৫০ অর্শ্বক্ষমতাসম্পন্ন ০১ টি ওয়ার্কওভার রিগ এবং ২৫০০-৩০০০ অর্শ্বক্ষমতাসম্পন্ন ০১টি গভীর কূপ খননের রিগ ক্রয় করার লক্ষ্যে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রস্তুত করা হয়। গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) হতে ৩২,৭৫৭.০০ (২৯,০৬৫.০০) লক্ষ টাকা প্রাক্কলিত খরচ সম্বলিত প্রকল্পটির ডিপিপি অনুমোদিত হয়।

কিন্তু কিছুদিন পর বাপেক্সের খননতব্য কূপগুলোর গভীরতা সুনির্দিষ্ট করা হয়। একমাত্র সাভার-সিঙ্গাইর ছাড়া বাকি সবগুলো কূপের গভীরতা ৩৫০০ মিটারের মধ্যে। এমতাবস্থায়, গভীর কূপ খনন উপযোগী রিগ ক্রয়ের কোন যুক্তিকতা না থাকায় প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক এই প্রকল্পের আওতায় গভীর কূপ খনন রিগ ক্রয় না করার সিদ্ধান্ত গৃহীত হয়। ফলশ্রুতিতে ৮,৭৭৪.০০ (৭,৪৫২.০০) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে শুধুমাত্র প্রয়োজনীয় সরঞ্জামসহ ৬০০-৬৫০ অর্শ্বক্ষমতাসম্পন্ন ০১ টি ওয়ার্কওভার রিগ ক্রয়ের লক্ষ্যে ডিপিপি সংশোধন করা হয়।

১১. উদ্দেশ্য:

প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী):

প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো বাপেক্সের কার্যক্রমকে আরো গতিশীল করা। যার ফলে ভবিষ্যতে বাপেক্সের ওয়ার্কওভার কাজগুলো আধুনিক প্রযুক্তি এবং দক্ষ মানবসম্পদ দ্বারা সুষ্ঠু, নিরাপদ এবং কর্মদক্ষতার সাথে পরিচালনা করা যায়।

১২. প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

মূল ডিপিপি অনুমোদন : ১৯ সেপ্টেম্বর' ২০১৬ (প্রশাসনিক অনুমোদন)।

সংশোধিত ডিপিপি অনুমোদন : ১৩ আগস্ট' ২০১৮ (প্রশাসনিক অনুমোদন)।

১৩. (ক) ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যা ০১ (এক) টি।

(খ) পণ্য, র্কায ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ (১,২,৩...)	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
৬০০-৬৫০ হর্সপাওয়ার মেকানিক্যাল ওয়ার্কওভার রিগ এবং রিগ সাপোর্টিং ইক্যুইপমেন্ট ক্রয়, প্রশিক্ষণ, ট্রান্সপোর্টেশন, রিগ এন্ড রিগ সাপোর্টিং ইক্যুইপমেন্ট ইন্সটলেশন, টেষ্টিং এবং কমিশনিং	বাপেক্স/এডমিন/আইএনটি/টিইএন-৭৭৯/২০১৬, তারিখঃ ০২-০৮-১৬ প্রাক্কলিত মূল্য-৭,৭৫৫.০০ লক্ষ টাকা	চুক্ত নং- দরপত্র নং-বাপেক্স/এডমিন/১৬১৮, তারিখঃ ২৩-০৪-২০১৭ চুক্তি মূল্য-৭,৫৯৩.০০ লক্ষ টাকা	সেপ্টেম্বর'১৮	সেপ্টেম্বর'১৮	

১৪. **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ**

অর্থবছরভিত্তিক ডিপিপি/ টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

অর্থ বছর	এডিপি/আরএডিপি বরাদ্দ			অর্থ ছাড় (%)	প্রকৃত ব্যয় (%)			অব্যয়িত অর্থ
	মোট (বৈঃমুঃ)	টাকা (বৈঃমুঃ)	পিএ		মোট (বৈঃমুঃ)	টাকা (বৈঃমুঃ)	পিএ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৬-২০১৭	১১০.০০ (০.০০)	১১০.০০ (০.০০)	-	১০১.০০ (০.০০)	৮২.৬১ (০.০০)	৮২.৬১ (০.০০)	-	১৮.৩৯ (০.০০)
২০১৭-২০১৮	৮,৬৬৭.০০ (৭,৪৫২.০০)	৮,৬৬৭.০০ (৭,৪৫২.০০)	-	৮,৬০৫.০০ (৭,৪৫২.০০)	৮,১৯৮.৭ (৭,২৭২.৭)	৮,১৯৮.৭ (৭,২৭২.৭)	-	৪০৬.৩০ (১৭৯.৩০)
২০১৮-২০১৯	২৭.০০ (০.০০)	২৭.০০ (০.০০)	-	১০.০০ (০.০০)	৭.১৫ (০.০০)	৭.১৫ (০.০০)	-	২.৮৫ (০.০০)

- ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ অর্থবছর পর্যন্ত মোট ৮,৭১৬.০০ লক্ষ টাকা জিডিএফ ফান্ড হতে ছাড় করা হয়েছে এবং ৮,২৮৮.৪৬ লক্ষ টাকা খরচ করা হয়েছে। অব্যয়িত ৪২৭.৫৪ লক্ষ টাকা ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ সময়ে পেট্রোবাংলায় ফেরত প্রদান করা হয়েছে।

১৫. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য** (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম, পদবী ও আইডি নং	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
মোঃ আব্দুর রউফ, উপমহাব্যবস্থাপক আইডি নং : ০৪৮১	√	-	০৬-০৩-২০১৭	৩১-১২-২০১৮

১৬. **প্রক**ল্পের **উদ্দেশ্য অর্জনঃ**

উদ্দেশ্য	অর্জিত ফলাফল
৬০০-৬৫০ হর্সপাওয়ার মেকানিক্যাল ওয়ার্কওভার রিগ এবং রিগ সাপোর্টিং ইক্যুইপমেন্ট ক্রয়, প্রশিক্ষণ, রিগ এন্ড রিগ সাপোর্টিং ইক্যুইপমেন্ট ইন্সটলেশন, টেষ্টিং এবং কমিশনিং।	৬০০-৬৫০ হর্সপাওয়ার মেকানিক্যাল ওয়ার্কওভার রিগ এবং রিগ সাপোর্টিং ইক্যুইপমেন্ট এর সরবরাহ প্রাপ্তির পর ইন্সটলেশন, টেষ্টিং এবং কমিশনিং কাজ সম্পন্ন করে কৈলাশটিলা#০১ এবং বাখরাবাদ-০১ কূপ দুইটির ওয়ার্কওভার কাজ সম্পন্ন করা হয়েছে। বর্তমানে তিতাস-১৩ কূপের ওয়ার্কওভার কাজে বর্ণিত রিগ ও রিগ সাপোর্টিং ইক্যুইপমেন্ট ব্যবহৃত হচ্ছে।

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ উদ্দেশ্য পুরোপুর অর্জিত হয়েছে।

১৮. অডিটঃ

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তি	আপত্তি নিষ্পত্তি
২০১৬-১৭	২১-১২-২০১৭	কোন আপত্তি নাই	প্রয়োজ্য নয়
২০১৭-১৮	২৪-০৩-২০১৯	নির্ধারিত সময়ে সরবরাহ কাজ সম্পন্ন না হওয়ায় গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে ২য় ও ৩য় শিপমেন্ট মূল্যের উপর এলডি বাবদ ৭৫,৩৫০.০৮ ইউএস ডলারের সমপরিমাণ=৬৩,১০,৫৬৯/- টাকা মেসার্স এসজে পেট্রোলিয়াম মেশিনারী কোং, চায়না হতে আদায়যোগ্য।	অডিট আপত্তিতে এলডি বাবদ ৭৫,৩৫০.০৮ ইউএস ডলার কর্তনের উল্লেখ থাকলেও চূড়ান্ত হিসাবে এলডি বাবদ ১,৩৬,৯১৭.৬০ ইউএস ডলার কর্তনের জন্য বাপেক্স কর্তৃক নির্ধারিত হয় যা যথা নিয়মে বাপেক্স কর্তৃক আদায় করা হবে।

বিঃ দ্রঃ ২০১৮-১৯ অর্থ বছরের বাণিজ্যিক অডিট এখনও সম্পাদিত হয়নি।

১৯. **প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ** সামগ্রিকভাবে প্রকল্প বাস্তবায়নে বড় রকমের কোন সমস্যা হয়নি।

২০. **প্রকল্প বাস্তবায়নে বিলম্বঃ**

মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদ জুলাই ২০১৬-জুন ২০১৮। গত ১৯-০৯-২০১৬ তারিখে প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন দেয়া হয় এবং ০৬-০৩-২০১৭ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়। ওয়ার্কওভার রিগ ক্রয়ের ক্ষেত্রে দরপত্র নং-বাপেক্স/এডমিন/আইএনটি/টিইএন-৭৭৯/২০১৬, তারিখঃ ০২-০৮-২০১৬ এর প্রেক্ষিতে সর্বনিম্ন দরদাতা SJ Petroleum Machinery Co., China এর দরপ্রস্তাবে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদন, চুক্তি নং-বাপেক্স/অ্যাডমিন/১৬১৮, তারিখঃ ২৩-০৪-২০১৭ সম্পাদন এবং গত ১৫-০৬-২০১৭ তারিখে লেটার অব ক্রেডিট নং-০১৩৯১৭০১০০১২ ইস্যু করা হয়। দরপত্রের শর্তানুযায়ী উক্ত লেটার অব ক্রেডিট ইস্যুর তারিখ হতে ৭ মাসের মধ্যে অর্থাৎ জানুয়ারি' ২০১৮ মাসে রিগ ইকুইপমেন্ট জাহাজীকরণ এবং ১৫ মাসের মধ্যে অর্থাৎ সেপ্টেম্বর' ২০১৮ মাসে বিওপি ও বিওপি কন্ট্রোল ইউনিট জাহাজীকরণ করতে হবে। সে প্রেক্ষিতে প্রকল্পের অনুমোদিত মেয়াদকাল জুন' ২০১৮ এর মধ্যে প্রকল্পের সমুদয় মালামাল সংগ্রহ সহ গৃহীত মালামালের গুণগত মানযাচাই, Wrong/Short Supply কৃত মালামাল

পুনঃপ্রাপ্তি, ইনস্টলেশন, টেষ্টিং ও কমিশনিং ইত্যাদি কাজ সুষ্ঠুভাবে শেষ করে রিগ ও রিগ যন্ত্রপাতি বুঝে নেওয়া সম্ভব হবেনা। উল্লেখিত কারণে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর' ২০১৮ পর্যন্ত (৬ মাস অতিরিক্ত) বৃদ্ধি করার প্রয়োজন হয়।

২১. **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ** প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি।

২২. **চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণঃ** চুক্তি বাস্তবায়নে বিলম্ব হয়নি।

২৩. **পরিদর্শন পর্যবেক্ষণঃ**

২৩.১ ওয়ার্কওভার রিগ ক্রয়ের ক্ষেত্রে দরপত্র নং-বাপেক্স/এডমিন/আইএনটি/ টিইএন-৭৭৯/২০১৬, গত ০২-০৮-২০১৬ তারিখে আহবান করা হয়। উক্ত দরপত্রে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান M/S. SJ Petroleum Machinery Co., China এর সাথে গত ২৩ এপ্রিল'২০১৭ তারিখে USD 8,657,997.00 এবং BDT 31,983,000.00 এ চুক্তি স্বাক্ষর করা হয়। তারপর ১৫ জুন' ২০১৭ তারিখে L/C Opening এবং গত ২২-১২-২০১৭ হতে ৩১-১২-২০১৭ তারিখ পর্যন্ত সরবরাহতব্য মালামালের Physical Inspection সম্পন্ন হয়। ওয়ার্কওভার রিগ মালামালের অধিকাংশ কৈলাশটিলা- ০১ লোকেশনে স্থানান্তরিত করে উক্ত লোকেশনে ওয়ার্কওভার রিগ মালামালের ইরেকশন কাজ এবং ওয়ার্কওভার কাজ করা হয়েছে।

২৩.২ কূপ ওয়ার্কওভারের জন্য BOP অপরিহার্য। কিন্তু BOP সরবরাহে দেরী হওয়ায় কৈলাশটিলায় কূপ ওয়ার্কওভার কার্যক্রম বিলম্বে শুরু হয় মর্মে প্রকল্প পরিচালক জানান।

২৩.৩ আলোচ্য প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত রিগ দ্বারা কৈলাশটিলায় কূপ ওয়ার্কওভার কার্য সম্পাদনকালীন রিগে যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হয় মর্মে জানা যায়। ওয়ারেন্টি পিরিয়ডে রিগে যান্ত্রিক ত্রুটি দেখা দেওয়ায় সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক রিগ এর যান্ত্রিক ত্রুটি সমাধান করা হয়।

২৩.৪ বর্তমানে রিগ এবং রিগ সাপোর্টিং ইক্যুইপমেন্ট প্রায় তিনমাস যাবৎ তিতাস-১৩, ব্রাহ্মণবাড়িয়াতে ওয়ার্কওভারের কাজে ব্যবহৃত হচ্ছে। এই কার্যক্রম সম্পন্নান্তে পরবর্তীতে বাপেক্স এর বোর্ড এর অনুমোদিত সিদ্ধান্তের আলোকে নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ফেঞ্চুগন্জ -৩ ও ফেঞ্চুগন্জ -৪ এ ওয়ার্কওভার কাজে ব্যবহৃত হবে।

২৩.৫ বর্তমানে রিগ এর জন্য ব্যবহৃত ছোট এবং অপরিহার্য নিত্ত ব্যবহার্য মালামালসমূহ বাপেক্স এর রাজস্ব খাত হতে ক্রয় করা হয়ে থাকে। ভবিষ্যতেও একই উপায়ে রিগ এর সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ ব্যয় পরিচালনা করা হবে বলে প্রকল্প পরিচালক জানান।

২৪. **পরিদর্শন কার্যক্রমের স্থিরচিত্র:**



চিত্র -০১: ক্রয়কৃত রিগ এর সম্মুখভাগ।



চিত্র -০২: ক্রয়কৃত রিগ এর পশ্চাদভাগ।



চিত্র -০৩: রিগ প্যানেল বোর্ড।



চিত্র -০৪: রিগ ফ্লোর।



চিত্র -০৫: রিগ এক্সেসরিজ (ক্রেইন)



চিত্র -০৬: সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও আইএমইডি এর প্রতিনিধি

২৫. সুপারিশ/মতামত:

২৫.১ ক্রয়কৃত ওয়ার্কওভার রিগ দ্বারা তিতাস-১৩ লোকেশনের ওয়ার্কওভার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে ;

২৫.২ ভবিষ্যতে BOP সরবরাহে দেরী হওয়ায় যাতে কোন কূপের ওয়ার্কওভার কাজে বিঘ্ন না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট থাকবেন। প্রয়োজনে এ ব্যাপারে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন ;

২৫.৩ কৈলাশটিলায় কূপ ওয়ার্কওভার কার্য সম্পাদনকালীন রিগে যে সকল যান্ত্রিক ত্রুটি পরিলক্ষিত হয়েছে তা ভবিষ্যতে যেন না ঘটে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। নিদিষ্ট সময় অন্তর অন্তর যন্ত্রপাতির ফিটনেস পরিবীক্ষন করতে হবে;

২৫.৪ বাপেক্স এর নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত রিগটি উক্ত প্রতিষ্ঠান তথা দেশের জন্য মূল্যবান একটি সম্পদ। এই মূল্যবান সম্পদটি যথাযথভাবে সংরক্ষণ, প্রয়োজনীয় মেরামত, রক্ষণাবেক্ষণ ও সুষ্ঠুভাবে পরিচালনার নিরিখে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন;

২৫.৫ বাংলাদেশের অভ্যন্তরে দেশীয় প্রতিষ্ঠানকে উন্নীতকরণসহ সরকারী অর্থ সাশ্রয়করণের নিমিত্তে সকল গ্যাসক্ষেত্রের আওতায় ওয়ার্কওভার সংক্রান্ত কাজে যাতে বাপেক্স এর নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত রিগটি ব্যবহার করা হয় সে বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থা তার অধীনস্থ সকল প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

২৬. সুপারিশ ২৫.১ - ২৫.৫ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

রিহ্যাবিলিটিশেন এ্যান্ড এক্সপানশন অব এক্সিসটিং সুপারভাইজরি কন্টোল এন্ড ডাটা একুইজিশন সিস্টেম অব ন্যাশনাল গ্যাস গ্রীড আন্ডার জিটিসিএল শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৮)

১. প্রকল্পের নাম : রিহ্যাবিলিটিশেন এ্যান্ড এক্সপানশন অব এক্সিসটিং সুপারভাইজরি কন্টোল এন্ড ডাটা একুইজিশন সিস্টেম অব ন্যাশনাল গ্যাস গ্রীড আন্ডার জিটিসিএল।

২. পরিদর্শনকারী র্কমর্কতার নাম : সুব্রত ভৌমিক পদবী: পরিচালক-১ সেক্টর: পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১

৩. প্রকল্প পরিদর্শনের তারিখ : ১৯-২০ অক্টোবর ২০১৯

৪। প্রকল্পের অবস্থান:

বিভাগ	জেলা	উপজেলা
০৪	২০	৫২
ঢাকা, ময়মনসিংহ সিলেট ও চট্টগ্রাম	ঢাকা, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ,গাজীপুর, টাঙ্গাইল, নরসিংদী, কিশোরগঞ্জ, জামালপুর, ময়মনসিংহ সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা,ফেনী, নোয়াখালী, খাগড়াছড়ি, কক্সবাজার	ঢাকাঃ সাভার, ডেমরা মুন্সিগঞ্জঃ গজারিয়া নারায়ণগঞ্জঃ সোনারগাও,বন্দর, সিদ্ধিরগঞ্জ গাজীপুরঃ গাজীপুর, শ্রীপুর টাঙ্গাইলঃ কালিহাতি নরসিংদীঃ নরসিংদী, মাধবদী, মনোহরদী, বেলাবো, পলাশ, রায়পুরা কিশোরগঞ্জঃ কিশোরগঞ্জ জামালপুরঃ সরিষাবাড়ী ময়মনসিংহঃ ময়মনসিংহ, ভালুকা সিলেটঃ সিলেট, গোলাপগঞ্জ, বিয়ানীবাজার, জৈন্তাপুর, ফেঞ্চুগঞ্জ হবিগঞ্জঃ হবিগঞ্জ, মাধবপুর, নবীগঞ্জ, বাহুবল, চুনারুঘাট মৌলভীবাজারঃমৌলভীবাজার, শ্রীমঙ্গল চট্টগ্রামঃ চট্টগ্রাম, মিরসরাই, সীতাকুন্ড, আনোয়ারা, রাউজান ব্রাহ্মণবাড়িয়াঃ ব্রাহ্মণবাড়িয়া, আশুগঞ্জ, সরাইল, বাঞ্ছারামপুর,কসবা চাঁদপুরঃ চাঁদপুর কুমিল্লাঃ কুমিল্লা, লাকসাম, মুরাদনগর, দাউদকান্দি ফেনীঃ ফেনী সদর নোয়াখালীঃ মাইজদী, বেগমগঞ্জ খাগড়াছড়িঃ মানিকছড়ি কক্সবাজারঃ মহেশখালী, বাঁশখালী

৫. বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদশে তৈল, গ্যাস ও মিনারেল করপোরশেন (পেট্রোবাংলা) / গ্যাস ট্রান্সমশিন কোম্পানি লিমিটিডে (জিটিসিএিল)

৬. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল :

বিষয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৯৪০০.৪৫	১৭৬৯৮.৫১	১৪৫৭৩.৪৪	০১-০১-১৩ থেকে ৩০-০৬-১৬	০১-০১-১৩ থেকে ৩১-১২-১৮	৩১-১২-১৮	- ৫০.৪০%	৭১.৪০%

৮. অঙ্গভিত্তিক অগ্রগতিঃ

	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১-১২-২০১৮ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব(%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
(ক) রাজস্ব ব্যয়ঃ						
৪৫০০	কর্মকর্তাদের বেতন					
৪৬০০	কর্মচারীদের বেতন					
৪৮০০	সরবরাহ ও সেবা					
৪৮১৩	ক) ট্যাক্সেস			২৩০০.০০		১৫৭২.৫ (৬৮.৩৭%)
৪৮১৫	পোস্টেজ			০.৩৩		০০.০০
৪৮১৬	টেলিফোন, টেলিগ্রাফ, টেলিপ্রিন্টার			২.০		০০.২৫ (১২.৫%)
৪৮১৭	টেলেক্স/ফেক্স			০.৬৬		০০.০০
৪৮১৯	পানি			১.২১		০০.০০
৪৮২১	বিদ্যুৎ			৩.৩১		০০.৮৫(২৫.৬৮%)
৪৮২৪	বীমা / ব্যাংক চার্জেস			৩৪৬.০০		৪৭.৬৪(১৩.৭৭%)
৪৮২৮	ষ্টেশনারী, সীল ও পোষ্ট ষ্ট্যাম্প			৩.০		০০.৩২(১০.৬৭%)
৪৮৩১	বইপত্র ও সাময়িকী			১.১০		০০.০০
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন			২.৬৫		০১.২৭(৪৭.৯২%)

	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১-১২-২০১৮ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব(%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৪৮৪০	প্রশিক্ষন ব্যয় লোকাল			২১.০০		০০.০০
	প্রশিক্ষন ব্যয়/ ফরেন			১৭৩.৩৪		০০.০০
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়			২.২১		০০.৭৪(৩৩.৪৮%)
৪৮৭৪	কনসালটেন্সি			৬২০.০০		৪১০.৭৩(৬৬.২৫%)
৪৮৮২	আইন সংক্রান্ত ব্যয়			২.২১		১.১৬(৫২.৪৯%)
৪৮৮৩	সম্মানীভাতা			১.৫৫		১.৫৫(১০০%)
৪৮৮৬	ই আইএ			৩.০০		০০.০০
৪৮৮৭	কপি/অনুলিপি ব্যয়			৩.০০		০০.৭৮(২৬%)
৪৮৯৯	অনান্য ব্যয়			১২৮.৪০		০০.০০
৪৯০১	অন্যান্য মেরামত			৫.০০		১.৯৭(৩৯.৪০%)
(ক) মোট রাজস্ব ব্যয়ঃ				৩৬১৯.৯৭		২০৩৯.৭৬(৫৬.৩৫%)
(খ) মুলধন ব্যয়ঃ	_					
৬৮০০	সম্পদ সংগ্রহ/ক্রয়					
৬৮০৭	ক) মোটরযান ক্রয় (জিপ)			৭১.২৬		৭১.২৬(১০০%)
৬৮১৩	মালামাল, ইক্যুইপমেন্ট এবং মেশিনারী			৭,৫০০.০০		৬৭৪৩.০৫(৮৯.৯১%)
৬৮১৫	কম্পিউটার এক্সেসরিজ			১.৪৮		১.৪৮(১০০%)
৬৮১৯	স্থানীয় অফিস সরঞ্জাম			২.৪০		০০.০০
৬৮২১	আসবাবপত্র			৩.৪০		১.৯১(৫৬.১৮%)
৭০০০	নির্মাণ ও পুর্তঃ				_	
৭০১৬	অন্যান্য ভবন ও অবকাঠামো			১২০০.০০		১২০০.০০(১০০%)
৭০৮১	অন্যান্যঃ					
	ইনস্টলেশন অফ স্কাডা সিস্টেম -ইন্টারফেসিং অন টার্ন কি বেসিস			৩০০০.০০		২৭০০.০০(৯০%)

	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩১-১২-২০১৮ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব(%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৭৯০১	মূলধনখাতে সিডি/ভ্যাট					
	১) সিডি -ভ্যাট (আমদানীকৃত মালামাল)			২৩০০.০০		১৮১৫.৫১(৭৮.৯৪%)
	২) সিডি -ভ্যাট (স্কাডা মালামাল)			-		
	মোট মূলধন ব্যয়			১৪০৭৮.৫৪		১২,৫৩৩.৬৮(৮৯.০৩ %)
সর্বমোট ব্যয় (ক+খ)				১৭,৬৯৮.৫১		১৪,৫৭৩.৪৪ (৮২.৩৪%)

৯. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই

১০. পটভুমি:

বাংলাদেশের গ্যাস সরবরাহ ও বিতরণ ব্যবস্থা সুষ্ঠু ও সুনিয়ন্ত্রিতভাবে পরিচালনার উদ্দেশ্যে ডিএফআইডির আর্থিক সহায়তায় স্কাডা-টেলিকমিউনিকেশন সিষ্টেম স্থাপন করা হয়। জিটিসিএল এর উপরোক্ত স্কাডা-টেলিকম সিস্টেম প্রকল্পের কাজ ১৯৯৯ সালে শুরু হয় এবং নভেম্বর ২০০৩ সালে সম্পন্ন হয়। জিটিসিএল এর স্কাডা - টেলিকম সিস্টেম প্রকল্পের কাজ চলাকালীন সময় যে সকল গ্যাস ফিল্ড ও বাল্ক কাস্টমার বিদ্যমান ছিল সেগুলোকে অন্তর্ভূক্ত করে স্কাডা সিস্টেম ডিজাইন ও বাস্তবায়ন করা হয়। পরবর্তীতে বিবিয়ানা, মৌলভীবাজার, বাংগুরা গ্যাস ফিল্ড জাতীয় গ্যাস গ্রীডে গ্যাস সরবরাহ শুরু করে। স্কাডা প্রকল্প সমাপ্তির পর রশিদপুর-আশুগঞ্জ, আশুগঞ্জ-মনোহরদী গ্যাস পাইপ লাইন জিটিসিএল এর গ্যাস গ্রীডে যুক্ত হয়। কেন্দ্রীয়ভাবে লোড ব্যালেন্সিং এর জন্য নতুন স্থাপিত গ্যাস ফিল্ড ও গ্যাস পাইপ লাইন সমূহকে স্কাডা সিস্টেমের আওতায় আনয়ন করা প্রয়োজন হয়ে পড়ে।

বিদ্যমান স্কাডা সিস্টেম বেশ কয়েক বছর আগে ডিজাইন করা হয়েছিল যা তার “Life Cycle” সম্পন্ন করেছে। বিদ্যমান স্কাডা সিষ্টেমে ব্যবহৃত যন্ত্রপাতি এক প্রজন্মের পুরনো এবং মেরামত কাজের জন্য “Spare Parts” সংগ্রহ প্রায় অসম্ভব হয়ে পড়েছে। “Spare Parts” এর অভাবে অধিকাংশ মাইক্রোওয়েভ ও টেলিমেট্রি লিংক অকেজো হয়ে যায়। স্থাপনের পর হতে এক দশক অতিক্রান্ত হওয়ায় বিদ্যমান স্কাডা সিস্টেম এর “Rehabilitation and Expansion” এর প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এমতাবস্থায়, গত আগষ্ট ০৫, ২০১০ তারিখে উন্নয়ন সহযোগি JICA ও GOB এর মধ্যে বিদ্যমান স্কাডা সিস্টেম “Rehabilitation and Expansion” এর জন্য একটি MOU স্বাক্ষরিত হয় । এর প্রেক্ষিতে JICA Study Team (JST) স্কাডা Rehabilitation and Expansion Project এর জন্য ডিসেম্বর ২০১০ সালে প্রাথমিক সার্ভে কাজ শুরু করে এবং মার্চ ২০১১ সালে দ্বিতীয় দফা সার্ভে কাজ সম্পাদনকরত: স্কাডা সিস্টেম “Rehabilitation and Expansion Project” এর উপর একটি চুড়ান্ত রিপোর্ট প্রদান করে। সর্বশেষ গত ২২-১২-২০১১ তারিখে JICA এবং GoB এর Detailed Fact Finding Mission এর মধ্যে MOD স্বাক্ষরিত হয়েছে। স্বাক্ষরিত MOD অনুযায়ী JICA অর্থায়নে নির্মাণাধীন “ভেড়ামারা কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট ডেভেলপমেন্ট প্রকল্প” এর Component(B) হিসাবে জিটিসিএল এর “Rehabilitation of Gas Transmission SCADA System” প্রকল্প অর্ন্তভূক্ত করা হয়।

বাংলাদেশ সরকার এবং জাইকার যৌথ অর্থায়নে স্কাডা রিহ্যাবিলিটেশন প্রকল্পটি গত ০৫ মার্চ ২০১৩ তারিখে Executive Committee of National Economic Council (ECNEC) কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ০৯-০৭-২০১৮ তারিখে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ১৭,৬৯৮.৫১ লক্ষ টাকা, তন্মধ্যে জিওবি অংশ ৫,০৫৫.৭৭ লক্ষ এবং প্রকল্প সাহায্য অংশ ১২,৬৪২.৭৪ লক্ষ টাকা। দেশের গ্যাস উৎপাদন, বিতরণ এবং সঞ্চালন পাইপলাইন সমূহকে কেন্দ্রিয়ভাবে মনিটরিং করার সুবিধার্থে জিটিসিএল এর বিদ্যমান স্কাডা সিস্টেমকে Rehabilitation ও Expansion এর জন্য বিষয়ে বর্ণিত প্রকল্পটি গ্রহণ করা হয়।

১১. উদ্দেশ্য: প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী):
জিটিসিএলের গ্যাস সঞ্চালন ব্যবস্থাকে কেন্দ্রীয় স্কাডা সিস্টেমের আওতায় আনয়ন করার মাধ্যমে গ্যাসের উৎপাদন ও বিতরণ সর্বোত্তম করা এবং সুষ্ঠুভাবে লোড ব্যালান্স কার্যক্রম পরিচালনা করা।

১২. প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

মূল ডিপিপি অনুমোদন : ০৫ মে ২০১৩ (প্রশাসনিক অনুমোদন)

ব্যায়বৃদ্ধি ব্যাতিরেকে মেয়াদ বৃদ্ধি: পরিকল্পনা কমিশনের পত্র নং-২০.০৫.০০০০.৪৯৪.১৪.০৮২.১২ (অংশ)/৩৬; তারিখ: ০১.০৬.১৬

সংশোধিত ডিপিপি অনুমোদন : ২১ জুন ২০১৮ (প্রশাসনিক অনুমোদন মন্ত্রণালয় কর্তৃক)

১৩. (ক) ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যা ১৩ (তের) টি।

(খ) পণ্য, র্কায ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	পণ্য:					
GD 1	স্কাডা সিস্টেমের প্রকৌশল, যন্ত্রপাতি ও অবকাঠামো ক্রয়	২৫-০৫-২০১৫ ও ১২৫১৯.১২	০৪-০২-২০১৬ ও ১০৯,৪৬.১০	০৬-০৭-২০১৮	০৫-০৭-২০১৮	
GD 2	জীপ (২০০০-২৬০০ সি.সি.)	২৫-০৬-২০১৫ ও ৭১.২৬	৩০-০৬-২০১৫ ও ৭১.২৬	৩০-০৬-২০১৫	৩০-০৬-২০১৫	
	পিক-আপ (২০০০-২৭০০ সি.সি.)	ক্রয় করা হয়নি	ক্রয় করা হয়নি			
GD 3	কম্পিউটার এবং প্রিন্টার সহ লেপটপ সরবরাহ ও ইন্সটলেশন	২১-০৬-২০১৪ ও ১.৪৮	২৯-০৬-২০১৪ ও ১.৪৮	৩০-০৬-২০১৪	৩০-০৬-২০১৪	
GD 4	ফ্যাক্স মেশিন সরবরাহ ও ইন্সটলেশন	ক্রয় করা হয়নি	ক্রয় করা হয়নি			
GD 5	টেলিফোন সরবরাহ ও ইন্সটলেশন	ক্রয় করা হয়নি	ক্রয় করা হয়নি			
GD 6	ফটোকপি মেশিন সরবরাহ ও ইন্সটলেশন	ক্রয় করা হয়নি	ক্রয় করা হয়নি			

GD 7	স্টীল ও কাঠের ফার্নিচার সরবরাহ এবং ক্রোকারিজ	০৮-০৬-২০১৫ ও ২.৬০	২৮-০৬-২০১৫ ও ১.৯১	০৪-০৭-২০১৫	২৮-০৬-২০১৫	
GD 8	এয়ার কন্ডিশনার	ক্রয় করা হয়নি	ক্রয় করা হয়নি			
	কার্য:					
WD 1 WD 2 WD 3 WD 4	ইপিসি ঠিকাদারের মাধ্যমে GD 1 এর সাথে সম্পন্ন করা হয়েছে।					
	সেবা:					
SD 1	পরামর্শক সেবা	১৫-০৪-২০১২ ও ৬২০.০০	১১-০২-২০১৪ ও ৫৬৪.০০	৩০-১২-২০১৮	৩০-১২-২০১৮	

১৪. প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

অর্থবছরভিত্তিক ডিপিপি/ টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকা)

অর্থবছর	এডিপি বরাদ্দ			জিওবি অর্থছাড়	ব্যয়		
	মোট	টাকা	পিএ		মোট	টাকা	পিএ
১	২	৩	৪	৬	৭	৮	৯
২০১৩-১৪	২৯০.০০	৪০.০০	২৫০.০০	২৭.০০	১১০.৭৭	২৭.০০	৮৩.৭৭
২০১৪-১৫	৩৪০.০০	১৬০.০০	১৮০.০০	১১০.০০	২০৬.৪৩	৯৮.৩২	১০৮.১১
২০১৫-১৬	১৩০০.০০	১০০.০০	১২০০.০০.০০	১০০.০০	১২৫৮.১৯	১০০.০০	১১৫৮.১৯
২০১৬-১৭	৪১৫০.০০	১১৫০.০০	৩০০০.০০	১১৫০.০০	৪৬৮১.২৯	১১৫০.০০	৩৫৩১.২৯
২০১৭-১৮	৫১০০.০০	১৯০০.০০	৩২০০.০০	১২৫৬.০০	৪৩৪৬.৫৩	৯৯৮.৩৬	৩৩৪৮.১৭
২০১৮-১৯	৪৩০০.০০	১৩০০.০০	৩০০০.০০	১৩০০.০০	৩৯৭০.২৩	১১৪৫.৫১	২৮২৪.৭২
মোট	১৫৪৮০.০০	৪৬৫০.০০	১০৮৩০.০০	৩৯৪৩.০০	১৪৫৭৩.৪৪	৩৫১৯.১৯	১১০৫৪.২৫

- ২০১৩-১৪ হতে ২০১৮-১৯ অর্থবছর পর্যন্ত মোট ৩,৯৪৩.০০ লক্ষ টাকা জিওবি ফান্ড হতে ছাড় করা হয়েছে এবং ৩,৫১৯.১৯ লক্ষ টাকা খরচ করা হয়েছে। অব্যয়িত ৪২৩.৮১ লক্ষ টাকা ২০১৪-১৫ হতে ২০১৮-১৯ সময়ে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম ও পদবী আইডি নং	পূর্ণকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
মোঃ শরিফুল ইসলাম উপ-মহাব্যবস্থাপক আইডি নং- ০০০৮৪	প্রকল্প পরিচালক	১০-০৩-২০১৪ হতে শেষ পর্যন্ত	প্রয়োজন হয়নি

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

উদ্দেশ্য	অর্জিত ফলাফল
জিটিসিএলের গ্যাস সঞ্চালন ব্যবস্থাকে কেন্দ্রীয় স্কাডা সিস্টেমের আওতায় আনয়ন করার মাধ্যমে গ্যাসের উৎপাদন ও বিতরণ সর্বোত্তম করা এবং সুষ্ঠুভাবে লোড ব্যালান্স কার্যক্রম পরিচালনা করা।	• দেশের বিদ্যমান গ্যাস নেটওয়ার্ককে আগাঁরগাও এবং আশুগঞ্জ কন্ট্রোল সেন্টার হতে কেন্দ্রিয়ভাবে রিয়েল টাইম মনিটরিং ও সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব হচ্ছে। • গ্যাসের রিয়েল টাইম সঞ্চালন উপাত্ত (প্রেসার, ফ্লো ও টোটালাইজড ফ্লো) মনিটর করা , সঠিক লোড ম্যানেজমেন্ট ও আঞ্চলিক লোড ব্যালান্স এর মাধ্যমে মোট গ্যাস উৎপাদন প্রয়োজন অনুযায়ী হ্রাস-বৃদ্ধি করা হচ্ছে। • কেন্দ্রীয় স্কাডা সিস্টেমের মাধ্যমে প্রাপ্ত তথ্য-উপাত্ত ব্যবহার করে জাতীয় গ্যাস গ্রীড ব্যবস্থাপনাকে দক্ষতার সাথে ব্যবহারের মাধ্যমে সুষ্ঠু ও নিরাপদ গ্যাস সঞ্চালন দ্বারা বাংলাদেশের সার্বিক গ্যাসের চাহিদা , উৎপাদন ও বিতরণ সম্ভাব্য সর্বোত্তম ভাবে করা যাচ্ছে মর্মে প্রতীয়মান হয়। (গ্যাস নেটওয়ার্কের SCADA থেকে প্রাপ্ত রিয়েল টাইম মনিটরিং এর কয়েকটি প্রিন্ট কপি সংযুক্ত)।

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ স্থাপিত SCADA পদ্ধতিটি কার্যকর আছে, তবে সর্বোত্তম ব্যবহারের জন্য প্রশিক্ষিত কর্মকর্তা পদায়ন করা প্রয়োজন।

১৮. অডিটঃ

FAPAD কর্তৃক ২০১২-২০১৩ হতে ২০১৭-১৮ অর্থবছরের অডিট সম্পন্ন করা হয়েছে। ২০১৮-১৯ বছরের অডিট এখনও সম্পন্ন হয়নি।

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তি	আপত্তি নিষ্পত্তি
২০১২-২০১৩ হতে ২০১৬-২০১৭	১২-০৮-১৮	iii) CCGP এর অনুমোদন ব্যতিত চুক্তি সম্পাদন করা। iv) অতিরিক্ত LC খোলার চার্জ বাবদ প্রকল্পের আর্থিক ক্ষতি। v) আর্থিক ব্যয় বিবরণি বাড়িয়ে প্রদর্শণ করা। vi) ভ্যাট এবং আয়কর কম কর্তণ করা । vii) কর্তণকৃত ভ্যাট এবং আয়কর সরকারি কোষাগারে জমা	iii) ব্রডশিট জবাবে প্রমানক উপস্থাপন করায় আপত্তিটি নিস্পত্তি করা হয়। iv) ব্রডশিট জবাবের উপর মন্তব্য করায় LC কমিশনের বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য Letter of Credit (LC) র কপি এবং ব্যাংক কর্তৃক LC বাবদ যে চার্জ প্রদান করা হয়েছে তার ভাউচার সহ পুনঃ জবাব পেট্রোবাংলার মাধ্যমে FAPAD-এ প্রেরণ করা হয়ছে। আপত্তিটি নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। v) ব্রডশিট জবাবের উপর মন্তব্য করায় PD কর্তৃক Advice কৃত খরচের এবং জাইকা কর্তৃক প্রেরিত Advice এর Schedule ও Bangladesh Bank এর সাথে Reconciliation Statement সহ পুনঃ জবাব পট্রোবাংলার মাধ্যম FAPAD এ প্রেরণ করা হয়ছে। আপত্তিটি নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। vi) ব্রডশিট জবাবের উপর মন্তব্য করায় Project Memorandum সহ পুনঃ জবাব পট্রোবাংলার মাধ্যমে FAPAD-এ প্রেরণ করা হয়ছে। আপত্তিটি

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তি	আপত্তি নিষ্পত্তি
		প্রদান না করা। viii) অফিস ভাড়া হতে আয়কর কর্তণ না করা। ix) চুক্তি ছাড়াই ৫,৪৩০,০০০.০০ বিল প্রদান। x) অর্জিত ব্যাংক সুদ সরকারি কোষাগারে জমা প্রদান না করা। xi) উন্মুক্ত দরপত্র ছাড়াই যানবাহন ক্রয় সংক্রান্ত ব্যয়। xii) অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান না করা। xiii) DPP সংস্থানের অতিরিক্ত খরচ করা।|	নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। vii) ব্রডশিট জবাবের উপর মন্তব্য করায় আপত্তিকৃত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করে চালানের অনলাইন ভেরিফাইড কপিসহ পুনরায় বি/এস জবাব সহ পুনঃ জবাব পত্রোবাংলার মাধ্যমে FAPAD-এ প্রেরণ করা হয়ছে। আপত্তিটি নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। viii) ব্রডশিট জবাবের উপর মন্তব্য করায় এ সংক্রান্ত Schedule তৈরী করে চালানের অনলাইন ভেরিফাইড কপিসহ পুনরায় বি/এস সহ পুনঃ জবাব পত্রোবাংলার মাধ্যমে FAPAD-এ প্রেরণ করা হয়ছে।আপত্তিটি নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। ix) ব্রডশিট জবাবে বাড়ি ভাড়ার ও গাড়িভাড়ার চুক্তি পত্রের ফটোকপি প্রেরণ করায় আপত্তিটি নিস্পত্তি করা হয়। x) ব্রডশিট জবাবের উপর মন্তব্য করায় Accrued Bank Interest বাবদ ২,৭৫,৯৫১.৪৭ টাকা সরকারী কোষাগারে জমা করে চালানের অনলাইন ভেরিফাইড কপিসহ পুনঃ জবাব পত্রোবাংলার মাধ্যমে FAPAD-এ প্রেরণ করা হয়ছে। আপত্তিটি নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। xi) ব্রডশিট জবাবে ডিপিপি অনুযায়ী Restricted Tender Method (RTM) পদ্ধতি অনুসরণ করা হয়েছে এবং ডিপিপির কপি সংযুক্ত করায় আপত্তিটি নিস্পত্তি করা হয়। xii) ব্রডশিট জবাবের উপর মন্তব্য করায় আপত্তিকৃত অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করে চালানের অনলাইন ভেরিফাইড কপিসহ বি/এস জবাব সহ পুনঃ জবাব পত্রোবাংলার মাধ্যমে FAPAD-এ প্রেরণ করা হয়ছে।আপত্তিটি নিস্পত্তির অপেক্ষায় রয়েছে। xiii) ব্রডশিট জবাবে RDPP র টেক্স খাতে বরাদ্দ বৃদ্ধি করে RDPP সংশোধিত কপি প্রেরণ করায় আপত্তিটি নিস্পত্তি করা হয়।
২০১৭-১৮	৩০-০৯-১৯	i) আর্থিক ব্যয় বিবরণি বাড়িয়ে প্রদর্শণ করা। ii) ইপিসি ঠিকাদারকে এলডি হিসেবে ইউএসডি ১১,৩১,৬৩৭.১০ এবং বিডিটি ২,০৪,০১,১৬৭.২০ টাকা আরোপ না করা। iii) পরামর্শক পরিবর্তন করার ক্ষেত্রে CCGP এর অনুমোদন না নেয়া। iv) অডিটরকে অডিটেবল ডকুমেন্ট সরবরাহ না করা। v) সরকারি কোষাগারে ভ্যাট এবং আয়কর বিলম্বে জমা প্রদানের বিপরীতে পেনাল ইন্টারেস্ট হিসেবে টাকা ৫২,২০,৪৪৬.০০ জমা প্রদান না করা। vi) iBAS++ report এ ডিপিএ খরচ প্রদর্শন না করা।	ব্রডশিট জবাব প্রস্তুত করা হচ্ছে।

২০১২-১৩ অর্থবছর হতে ২০১৬-১৭ অর্থবছর সময়ের অডিটে ১১টি আপত্তি উত্থাপন করা হয়েছিল। এর মধ্যে ৪টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে, ৭টি নিষ্পত্তি হয়নি। ২০১৭-১৮ অর্থবছরের ৬টি আপত্তি উত্থাপিত হয়েছে। এখন পর্যন্ত ১টিও নিষ্পত্তি হয়নি।

১৯. প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ সামগ্রিকভাবে প্রকল্প বাস্তবায়নে বড় রকমের কোন সমস্যা হয়নি।

২০. প্রকল্প বাস্তবায়নে বিলম্বঃ

প্রকল্পের অনুমোদিত ডিপিপির মূল মেয়াদ জানুয়ারী'২০১৩ হতে জুন'২০১৬ পর্যন্ত নির্ধারিত ছিল। ঠিকাদার প্রতিষ্ঠান Yokogawa India Limited এর সাথে ০৪-০২-২০১৬ তারিখে জিটিসিএল এর চুক্তি স্বাক্ষরিত হয়। পরামর্শক নিয়োগ, সাইট সার্ভে ও কসসেপচুয়াল ডিজাইন তৈরি এবং বিড ডকুমেন্ট তৈরিতে বিলম্ব হওয়ার কারণে ঠিকাদার নিয়োগে বিলম্ব হয়। ইপিসি ঠিকাদার কর্তৃক স্কাডা ইনস্টলেশন কাজের বাস্তবায়ন কাল ছিল চুক্তি কার্যকর হওয়ার পর ২২ (বাইশ) মাস। পরিকল্পনা কমিশনের পত্র নং-২০.০৫.০০০০.৪৯৪.১৪.০৮২.১২ (অংশ)/৩৬; তারিখ: ০১.০৬.১৬ মূলে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০১৬ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে ২১ জুন ২০১৮ তারিখে প্রশাসনিক অনুমোদন মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের ডিপিপি আরেকবার সংশোধন করা হয়েছে।

২১. ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি।

২২. চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণঃ

Design ও Detailed Engineering Approval, Civil Design Approval, সাইট হস্তান্তর Factory Acceptance Test (FAT) এবং BTCL Site হস্তান্তর না হওয়ায় চুক্তি বাস্তবায়নে বিলম্ব হয়।

২৩. পরিদর্শন পর্যবেক্ষণঃ

প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম সরজমিনে অবলোকন ও পরিদর্শনের জন্য জিটিসিএল এর সদর কার্যালয়ে স্থাপিত মেশিনারিজ, ডেমরা ও সিদ্ধিরগঞ্জ কেন্দ্রে স্থাপিত সরঞ্জামাদি পর্যবেক্ষণ করা হয়েছে।

- প্রকল্পের স্কাডা সার্ভার, ওয়েভ সার্ভার , হিস্ট্রি সার্ভার, ওয়ার্ক স্টেশন, নেটওয়ার্ক ম্যানেজমেন্ট সিস্টেম, আইপি রেডিও, ভিডিও কনফারেন্সিং সিস্টেম আমদানি করা হয়েছে এবং উক্ত যন্ত্রপাতি আগারগাঁও প্রধান কার্যালয়ে এমসিসি, ডেমরা কন্ট্রোল সেন্টার এবং এসিসি আশুগঞ্জে স্থাপন করা হয়েছে। টেলিমেট্রি স্টেশনে আইপি রেডিও, টেলিমেট্রি রেডিও, রাউটার, সুইচ, ও অন্যান্য টেলিকম কমিউনিকেশন যন্ত্রপাতি ইন্সটলশেন এবং টেলিকম টাওয়ার রিফারবিশমেন্ট কাজ সম্পন্ন হয়ছে। আরটিইউ সাইট সমূহে ট্রান্সমিটার, ফিল্ড ইকুইপমেন্ট, আরটিইউ প্রসেসর, জিপিআরএস মডেম,ব্যাটারী, সোলার প্যানেল, ইউপিএস এবং ফ্লো-কম্পিউটার স্থাপন করা হয়েছে। স্কাডা র্সাভারের সাথে আরটিইউ এর লিংক কমিশনিং কাজ সম্পন্ন হয়েছে। স্কাডা কন্ট্রোল সেন্টারসমূহ হতে গ্যাসের অন-লাইন ডাটা মনিটরিং করা যাচ্ছে। স্কাডা সিস্টেমের অপারেশনাল কার্যক্রম শুরু হয়েছে।
- প্রকল্পের আওতায় একটি জীপগাড়ি ক্রয় করা হয়েছিল। উন্নয়ন প্রকল্প সমাপ্ত হওয়ার পর প্রকল্পের আওতায় ক্রয়কৃদ যানবাহন সরকারি পরিবহন পুলে জমা প্রদানের নির্দেশনা আছে কিন্তু এ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ১টি জীপগাড়ি সরকারি পরিবহন পুলে জমা প্রদান করা হয়নি।
- প্রকল্পের আওতায় স্থাপিত SCADA পদ্ধতিটি সর্বোচ্চ কার্যকর করার জন্য জিটিসিএল এর উপযুক্ত প্রকৌশলী ও অন্যান্য পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষিত করে এ পদ্ধতিটি ব্যবহার করলে বাংলাদেশের সার্বিক গ্যাসের চাহিদা , উৎপাদন ও বিতরণ সম্ভাব্য সর্বোত্তম ভাবে সমন্বয় করা যাবে মর্মে প্রতীয়মান হয়।

২৪. পরিদর্শন কার্যক্রমের স্থিরচিত্র:






২৫. সুপারিশ/মতামত:

২৫.১ SCADA পদ্ধতির আওতায় স্থাপিত যাবতীয় যন্ত্রপাতি দক্ষতার সাথে ব্যবহার করে গ্যাসের রিয়েল টাইম সঞ্চালন উপাত্ত (প্রেসার, ফ্লো ও টোটালাইজড ফ্লো) মনিটর করা, সঠিক লোড ম্যানেজমেন্ট ও আঞ্চলিক লোড ব্যালান্স এর মাধ্যমে মোট গ্যাস উৎপাদন ও বিতরণ প্রয়োজন অনুযায়ী হ্রাস-বৃদ্ধি করার ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।

২৫.২ SCADA পদ্ধতির সর্বোত্তম ব্যবহারের জন্য জিটিসিএল এর বিদ্যমান জনবল হতে কর্মকর্তা/কর্মচারি বাছাই করে প্রশিক্ষিত করে তুলতে হবে। এ বিষয়ে জিটিসিএল প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে।

২৫.৩ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন সরকারি নির্দেশনা অনুসারে পরিবহন পুলে জমা প্রদান করতে হবে।

২৫.৪ অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করার জন্য জিটিসিএল যথাযথ উদোগ গ্রহণ করবে।

সিলেট গ্যাস ফিল্ড লিঃ এর সিলেট (হরিপুর), কৈলাশটিলা ও রশিদপুর ষ্ট্রাকচারের ৩-ডি সাইসমিক জরিপ ডাটা ও রিপোর্ট রিভিউকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: সেপ্টেম্বর ২০১৮)

১. প্রকল্পের নাম: "সিলেট গ্যাস ফিল্ড লিঃ এর সিলেট (হরিপুর), কৈলাশটিলা ও রশিদপুর ষ্ট্রাকচারের ৩-ডি সাইসমিক জরিপ ডাটা ও রিপোর্ট রিভিউকরণ (১ম সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্প

২. পরিদর্শনকারী র্কমর্কতার নাম : সালেহীন তানভীর গাজী, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ (শিল্প ও শক্তি)

৩. প্রকল্প পরিদর্শনের তারিখ : ০১-১১-২০২০

৪। প্রকল্পের অবস্থান:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা	সমগ্র বাংলাদেশ
সিলেট	সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার	জৈন্তাপুর, গোলাপগঞ্জ, বাহুবল, শ্রীমঙ্গল	গোলাপগঞ্জ	-

৫. বাস্তবায়নকারী সংস্থা: পেট্রোবাংলা/ সিলেট গ্যাস ফিল্ডস কোম্পানি লিঃ

৬. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল:

বিষয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৩১৮.৭৭	১২৬২.০০	১২২০.৯৫৪	ডিসেম্বর ২০১৬-সেপ্টেম্বর ২০১৭	ডিসেম্বর ২০১৬-সেপ্টেম্বর ২০১৮	ডিসেম্বর ২০১৬-সেপ্টেম্বর ২০১৮	-৭.৪২%	১২০%

৮. অঙ্গভিত্তিক অগ্রগতিঃ (লক্ষ টাকা)

ইকোনমিক কোড	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিএপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব(%)	আর্থিক (%)
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
(ক) রাজস্ব ব্যয়ঃ						
৪৮১৩	ভ্যাট	-	থোক	১৫২.৯০		১৫০.৪৯৭ (৯৮.৪৩%)
৪৮১৪	এআইটি	-	থোক	৫৩.৫২		৫২.৬৭৪ (৯৮.৪২%)
৪৮২৮	অফিস স্টেশনারী, সীল এবং ষ্ট্যাম্প	-	থোক	০.৩০		০.৩০ (১০০%)
৪৮৪৫	আপ্যায়ন	-	থোক	১.৯০		১.৪০৩ (৭৩.৮৪%)
৪৮৭৪	কন্সালটেন্সি সার্ভিসেস	-	থোক	১০৪৫.০০		১০০৮.৭৭১ (৯৬.৫৩%)
৪৮৮৩	সম্মানী	-	থোক	০.৪৫		০.২২ (৪৮.৮৯%)
৪৮৮৭	ফটোকপি	-	থোক	১.২৯		০.৪৮ (৩৭.২১%)
৪৮৯৩	ভাড়ায় মাইক্রোবাস সংগ্রহ	সংখ্যা	১	৬.৬৪	১	৬.৬০৯ (৯৯.৫৩%)
(ক) মোট রাজস্ব ব্যয়ঃ				১২৬২.০০		১২২০.৯৫৪ (৯৬.৭৫%)
(খ) মুলধন ব্যয়ঃ						
খ) মোট মূলধন ব্যয়				০০		০০
মোট (ক+খ)				১২৬২.০০		**১২২০.৯৫৪**
প্রাইস কন্টিনজেন্সি				০০		০০
ফিজিক্যাল কন্টিনজেন্সি				০০		০০
সর্বমোট ব্যয় (ক+খ +কন্টিনজেন্সি)				১২৬২.০০		**১২২০.৯৫৪**

৯. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই

১০. প্রকল্প গ্রহণের পটভূমি:

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল) এর নিয়ন্ত্রণাধীন সিলেট (হরিপুর), কৈলাশটিলা ও রশিদপুর গ্যাস ক্ষেত্রে ২০১২-২০১৩ সালে "এপ্র্যাইজাল অব গ্যাস ফিল্ডস (৩-ডি সাইসমিক)" নামের একটি প্রকল্পের আওতায় রশিদপুর ফিল্ডে ৩২৫ বর্গ কিলোমিটার, কৈলাশটিলা ফিল্ডে ১৯০ বর্গ কিলোমিটার এবং সিলেট (হরিপুর) ফিল্ডে ১৯০ বর্গ কিলোমিটার স্থানে (সর্বমোট ৭০৫ বর্গকিলোমিটার) ৩-ডি সাইসমিক জরিপ পরিচালনা করা হয়।

এই ৩-ডি সাইসমিক জরিপে প্রাপ্ত ফলাফল অনুযায়ী রশিদপুর, কৈলাশটিলা ও সিলেট (হরিপুর) ফিল্ডে মোট ১৭টি কূপ খননের প্রস্তাব করা হয়। কিন্তু, প্রস্তাব অনুযায়ী রশিদপুর-৮ নং কূপ এবং কৈলাশটিলা-৭ নং কূপ খনন শেষে ৩-ডি

সাইসমিক জরিপ রিপোর্টের প্রেডিকশন অনুযায়ী সন্তোষজনক ফলাফল বাস্তবে পাওয়া যায়নি। এমতাবস্থায়, অনুসন্ধানের ঝুকি হ্রাস, নতুন স্যান্ড পুনঃনির্ধারণ, বিদ্যমান স্যান্ডের প্রকৃত এরিয়াল ডিস্ট্রিবিউশন নির্ণয়, নতুন রিজার্ভয়ার স্যান্ড মূল্যায়ন করা, আরো অনুসন্ধান, মূল্যায়ন ও উন্নয়ন কূপ খননের সঠিক স্থান খুঁজে বের করা এবং ভবিষ্যতে উন্নয়ন পরিকল্পনার জন্য রিজার্ভ ও রিসোর্স সংক্রান্ত স্বচ্ছ ধারণা পাওয়ার লক্ষ্যে বাপেক্স কর্তৃক সম্পাদিত ৩-ডি সাইসমিক জরিপ সংশিষ্ট সব ড্যাটা ও ইন্টারপ্রিটেশন রিপোর্ট আন্তর্জাতিক পরামর্শক সেবা প্রতিষ্ঠানের মাধ্যমে রিভিউ করানোর জন্য বিবেচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

১১. প্রকল্পের উদ্দেশ্য : - ভূতাত্ত্বিক, অবকাঠামোগত এবং স্তরবিজ্ঞান সংক্রান্ত মানচিত্রের সুনির্দিষ্ট ধারণা লাভ করা:

- নতুন স্যান্ড পুনঃনির্ধারণ, বিদ্যমান স্যান্ডের প্রকৃত এরিয়াল ডিস্ট্রিবিউশন নির্ণয় করা:
- অনুসন্ধানের ঝুঁকি হ্রাসের জন্য প্রাসঙ্গিক এট্রিবিউটস বিশ্লেষণ এবং ভবিষ্যতে উন্নয়ন পরিকল্পনার জন্য রিজার্ভ এবং রিসোর্স সংক্রান্ত স্বচ্ছ ধারণা পাওয়া:
- নতুন রিজার্ভয়ার স্যান্ড মূল্যায়ন করা:
- আরো অনুসন্ধান, মূল্যায়ন এবং উন্নয়ন কূপ খননের সঠিক স্থান খুঁজে বের করা:
- রিজার্ভয়ার মডেলিং ও সিমুলেশনের জন্য সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করা।

১২. প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

মূল ডিপিপি অনুমোদন তারিখ : ১০ জানুয়ারি ২০১৭

সংশোধিত ডিপিপি অনুমোদন তারিখ : ১৩ সেপ্টেম্বর ২০১৮

১৩. (ক) ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যাঃ ২টি

(খ) পণ্য,কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং	প্যাকেজ বিবরণ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
	পণ্য: প্রযোজ্য নয়					
	কার্য: প্রযোজ্য নয়					
	সেবা:					
SD-1	Consultancy service for Reviewing of 3D Seismic survey data and reports of Sylhet (Haripur), Kailashtila & Rashidpur structures of Sylhet Gas Fields Limited	০৩-০৪-২০১৬ ২৭৪৭.০০	১৪-০২-২০১৭ ১০৪৫.০০	১৫-০৩-২০১৮	১৫-০৩-২০১৮	-
SD-2	ভাড়ায় মাইক্রোবাস সংগ্রহ ১৮০ দিনের জন্য @৪৩০০.০০ টাকা/দিন	০১-১২-২০১৬ ৭.৭৪	০৯-০৭-২০১৭ ৩৬৭৭.০০ টাকা/দিন মোট ১৮০ দিন	০৫-০১-২০১৮	০৫-০১-২০১৮	-

১৪. প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

অর্থবছর ভিত্তিক ডিপিপি/ টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা ; সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(লক্ষ টাকা)

অর্থবছর	এডিপি/ আরএডিপি বরাদ্দ			জিওবি অর্থছাড়	ব্যয়		
	মোট	টাকা	পিএ		মোট	টাকা	পিএ
১	২	৩	৪	৬	৭	৮	৯
২০১৬-২০১৭	০.০০	০.০০			০.০০	০.০০ *	
২০১৭-২০১৮	১৩০০.০০	১৩০০.০০		-	৩০৬.৯৬	৩০৬.৯৬	
২০১৮-২০১৯		৯১৫.০০		-			
মোট	২২১৫.০			-	১২২০.৯৫৪	১২২০.৯৫৪	

** প্রকল্প অনুমোদিত না হওয়ায় ব্যয় করা সম্ভব হয় নাই।*

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম ও পদবী আইডি নং	পূর্ণকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
প্রকৌঃ মোহাম্মদ সুলতানুল বাহার ব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড আইডি নং- ০০০৭৩ মোবাইলঃ ০১৭১৩৩০১০১২	প্রকল্প পরিচালক	১২-০৪-২০১৭	প্রয়োজন হয়নি।

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রমিক	উদ্দেশ্য	অর্জিত ফলাফল ও প্রমাণক/যুক্তি
১।	ভূতাত্ত্বিক, অবকাঠামোগত এবং স্তরবিজ্ঞান সংক্রান্ত মানচিত্রের সুনির্দিষ্ট ধারণা লাভ করা	সম্পূর্ণ ভূতাত্ত্বিক, অবকাঠামোগত এবং স্তরবিজ্ঞান সংক্রান্ত মানচিত্রের সুনির্দিষ্ট ধারণা লাভের বিষয়টি সফলভাবে সম্পন্ন হয়েছে। এ সংক্রান্ত সিলেট(হরিপুর), কৈলাশটিলা এবং রশিদপুর স্ট্রাকচারসমূহের বিভিন্ন তেল/গ্যাস সমৃদ্ধ স্তরসমূহের রঙ্গিন ত্রিমাত্রিক মানচিত্র বই আকারে এবং সিডি/হার্ড ড্রাইভে সরবরাহ করেছে।
২।	নতুন স্যান্ড পুনঃনির্ধারণ, বিদ্যমান স্যান্ডের প্রকৃত এরিয়াল ডিস্ট্রিবিউশন নির্ণয় করা.	নতুন স্যান্ড পুনঃনির্ধারণ, বিদ্যমান স্যান্ডের প্রকৃত এরিয়াল ডিস্ট্রিবিউশন নির্ণয় করা হয়েছে। এ সংক্রান্ত সিলেট(হরিপুর), কৈলাশটিলা এবং রশিদপুর স্ট্রাকচারসমূহের বিভিন্ন তেল/গ্যাস সমৃদ্ধ নতুন স্যান্ড পুনঃনির্ধারণ, বিদ্যমান স্যান্ডের প্রকৃত এরিয়াল ডিস্ট্রিবিউশন নির্ণয় করার ত্রিমাত্রিক মানচিত্র বই আকারে এবং সিডি/হার্ড ড্রাইভে সরবরাহ করা হয়েছে।

<table>
<tr><th>ক্রমিক</th><th>উদ্দেশ্য</th><th>অর্জিত ফলাফল ও প্রমাণক/যুক্তি</th></tr>
<tr><td>৩।</td><td>অনুসন্ধানের ঝুঁকি হ্রাসের জন্য প্রাসঙ্গিক এট্রিবিউটস বিশ্লেষণ এবং ভবিষ্যতে উন্নয়ন পরিকল্পনার জন্য রিজার্ভ এবং রিসোর্স সংক্রান্ত স্বচ্ছ ধারণা পাওয়া</td><td>অনুসন্ধানের ঝুঁকি হ্রাসের জন্য সম্পূর্ণ প্রাসঙ্গিক এট্রিবিউটস বিশ্লেষণ করা হয়েছে। AAPG(American Association of Petroleum Geologists) and SPE(Socity of Petroleum Engineering) এর professional certificate ধারী এক্সপার্ট দ্বারা হাইড্রোকার্বন রিজার্ভ ও রিসোর্স estimate করা হয়েছে। উক্ত estimation অনুযায়ী সিলেট (হরিপুর), কৈলাশটিলা এবং রশিদপুর স্ট্রাকচারসমূহের হাইড্রোকার্বন রিজার্ভ ও রিসোর্স নিম্নরূপ:
<table>
<tr><th>স্ট্রাকচার</th><th>রিজার্ভ (বিসিএফ)</th><th>রিসোর্স (বিসিএফ)</th></tr>
<tr><td>সিলেট(হরিপুর)</td><td>গ্যাস: ৫৫৪.৯
তেল: ১৬.৫ মিলিয়ন ব্যরেল</td><td>গ্যাস: ১৬৪
তেল: ১০ মিলিয়ন ব্যরেল</td></tr>
<tr><td>কৈলাশটিলা</td><td>গ্যাস: ১২৫৩.৭</td><td>গ্যাস: ৪৫২</td></tr>
<tr><td>রশিদপুর</td><td>গ্যাস: ১৮৬৯</td><td>গ্যাস: ৫৮৯</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৪।</td><td>নতুন রিজার্ভয়ার স্যান্ড মূল্যায়ন করা</td><td>নতুন রিজার্ভয়ার স্যান্ড মূল্যায়ন করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান মেসার্স Schlumberger Seaco Inc. Panama কর্তৃক নতুন রিজার্ভয়ার স্যান্ড মূল্যায়ন করে ভবিষ্যতে উন্নয়ন করার জন্য কৈলাশটিলা স্ট্রাকচারে ৩টি এবং রশিদপুর স্ট্রাকচারে ৩টি নতুন লিড প্রস্তাব করা হয়েছে।</td></tr>
<tr><td>৫।</td><td>রিজার্ভয়ার মডেলিং ও সিমুলেশনের জন্য সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করা।</td><td>পরামর্শক প্রতিষ্ঠান মেসার্স Schlumberger Seaco Inc. Panama কর্তৃক ২০১৭-২০১৮ সময়ের সর্বাধুনিক প্রযুক্তি Streamline technology ব্যবহার করে রিজার্ভয়ার মডেলিং ও সিমুলেশন করা হয়েছে।</td></tr>
<tr><td>৬।</td><td>আরো অনুসন্ধান, মূল্যায়ন এবং উন্নয়ন কূপ খননের সঠিক স্থান খুঁজে বের করা</td><td>ভবিষ্যতে উন্নয়ন করার জন্য ১০টি [সিলেট(হরিপুর) স্ট্রাকচারে ৩টি, কৈলাশটিলা স্ট্রাকচারে ৪টি এবং রশিদপুর স্ট্রাকচারে ৩টি)] নতুন অনুসন্ধান, মূল্যায়ন ও উন্নয়ন কূপ খননের প্রস্তাব করা হয়েছে।</td></tr>
</table>

১৭. লক্ষ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ প্রযোজ্য নয়।

১৮. **অডিটঃ**

১। আলোচ্য প্রকল্প বাণিজ্যিক অডিট অধিদপ্তর হতে অডিট করা হয়েছে। কোন আপত্তি উত্থাপিত হয়নি। প্রমাণক হিসেবে সিলেট গ্যাস ফিল্ডসের প্রকল্প কার্যালয় হতে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক এবং ম্যানেজার (অডিট) এর স্বাক্ষরে এক প্রত্যয়নপত্রে জানানো হয় যে সিলেট গ্যাস ফিল্ডস লিঃ এর ২০১৬-১৭,২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছর পর্যন্ত কোম্পানীর চূড়ান্ত হিসাব বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তর নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করেছে এবং আলোচ্য "সিলেট গ্যাস ফিল্ড লিঃ এর সিলেট (হরিপুর), কৈলাশটিলা ও রশিদপুর স্ট্রাকচারের ৩-ডি সাইসমিক জরিপ ডাটা ও রিপোর্ট রিভিউকরণ" প্রকল্পের বিপরীতে বর্ণিত বছর সমূহে কোন প্রকার আপত্তি উত্থাপিত হয়নি বলে প্রকল্প পরিচালক জানান।

২। বর্ণিত প্রত্যয়ন পত্রের সাথে ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ অর্থবছরসমূহের বাণিজ্যিক অডিট অধিদপ্তর হতে পেট্রোবাংলার বিভিন্ন কোম্পানির সামগ্রিক অডিট আপত্তির বছরওয়ারী বিবরণ (সিলেট গ্যাস ফিল্ডস এর অংশ চিহ্নিত করা হয়েছে) প্রমাণক হিসেবে প্রেরণ করা হয়েছে (পতাকায়িত) যাতে দেখা যায় "সিলেট গ্যাস ফিল্ড লিঃ এর সিলেট (হরিপুর), কৈলাশটিলা ও রশিদপুর ষ্ট্রাকচারের ৩-ডি সাইসমিক জরিপ ডাটা ও রিপোর্ট রিভিউকরণ" প্রকল্পের বিপরীতে কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি।

১৯. প্রকল্প বাস্তবায়ন সমস্যা ও কিভাবে উত্তরণ হয়েছেঃ প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা হয়নি বলে জানানো হয়।

২০. প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণঃ

বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠানের কার্যসম্পাদনের মেয়াদ (চুক্তি অনুযায়ী) ১৪-০২-২০১৭ হতে ১৩-০২-২০১৮ পর্যন্ত এবং পরবর্তীতে ৩০ দিন বৃদ্ধি করতঃ ১৫-০৩-২০১৮ পর্যন্ত । কিন্তু, মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল ছিল ডিসেম্বর ২০১৬ হতে

সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত । সে কারণে, পরামর্শক প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদকাল প্রকল্পের মেয়াদকালের সাথে সামঞ্জস্যপূর্ণ করার জন্য ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্প এর মেয়াদ বৃদ্ধি করা হয়।

এছাড়া ডিপিপি প্রস্তুতকালে বৈদেশিক মুদ্রা ১ মার্কিন ডলার এর বিনিময় মূল্য ছিল ৭৯ টাকা যা পরবর্তীতে ৮৫.৫০ টাকা হয়। বাংলাদেশী মুদ্রা টাকার বিপরীতে মার্কিন ডলারের মূল্য বৃদ্ধি পাওয়ায় পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তিমূল্য (মার্কিন ডলার) অপরিবর্তীত থাকলেও তা পরিশোধ করতে বেশী টাকা ব্যয় হয়। একইভাবে ভ্যাট ও এআইটির পরিমানও পরিবর্তন হয়। এজন্য, বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠানের বিল পরিশোধ করতে ১ম সংশোধিত ডিপিপির মেয়াদ এপ্রিল ২০১৮ হতে বৃদ্ধি করে সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত করা হয়।

২১. ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ প্রকল্প পরিচালক পরিবর্তন হয়নি।

২২. চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণঃ প্রযোজ্য নয়।

২৩. **পরিদর্শন পর্যবেক্ষণঃ**

প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য সিলেট (হরিপুর) , কৈলাশটিলা ও রশিদপুর গ্যাস ফিল্ড এরিয়া , এসজিএফএল প্রধান কার্যালয় পরিদর্শন করা হয়। ডিপিপিতে উল্লিখিত প্রধান অঙ্গসমূহের মধ্যে রাজস্ব খাতের ৪৮৭৪ কোডে বর্ণিত সিলেট (হরিপুর), কৈলাশটিলা ও রশিদপুর গ্যাস ক্ষেত্রে ২০১২-২০১৩ সালে গৃহীত ৩ডি সাইসমিক ড্যাটা ও রিপোর্ট বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান Schlumberger Seaco Inc., Panama কর্তৃক রিভিউকরণ শেষে প্রদত্ত রিপোর্টসমূহ (প্রতিটি গ্যাস ক্ষেত্রের জন্য ১৩-১৪ টি বই) দেখা হয়। রিপোর্টসমূহ গুরুত্ব সহকারে সংরক্ষণ করা হয়েছে কিনা এবং প্রকল্প চলাকালীন আইএমইডি'র পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল এবং অডিট আপত্তি আছে কিনা তা দেখা হয়।

ক) প্রকল্পের আওতায় প্রাপ্ত রিপোর্টসমূহ (প্রতিটি গ্যাস ক্ষেত্রের জন্য ১৩-১৪টি বই) কোম্পানির প্রধান কার্যালয়ে স্থাপিত লাইব্রেরী-তে ১ সেট সংরক্ষণ করা হয়েছে। এছাড়া ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করার জন্য সংশ্লিষ্ট ফিল্ড কার্যালয়ে ১ সেট, কোম্পানির রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট-এ ১ সেট ও পরিকল্পনা ডিপার্টমেন্ট-এ ১ সেট প্রদান করা হয়েছে বলে জানা যায়।

খ) এই প্রকল্পের ফলাফল হিসেবে সিলেট (হরিপুর), কৈলাশটিলা ও রশিদপুর গ্যাস ক্ষেত্রের ৩ডি সাইসমিক জরিপ ডাটা ও রিপোর্টসমূহ রিভিউকরণ শেষে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সিলেট (হরিপুর) স্ট্রাকচারে ৩টি, কৈলাশটিলা স্ট্রাকচারে ৪টি এবং রশিদপুর স্ট্রাকচারে ৩টি সহ মোট ১০টি অনুসন্ধান বা উন্নয়ন কূপ খনন করার প্রস্তাব করা হয়েছে। এই রিপোর্ট এর উপর ভিত্তি করে ইতোমধ্যে এসজিএফএল কর্তৃক সিলেট-৯ নং তেল/গ্যাস উন্নয়ন কূপ প্রকল্প গ্রহণের মাধ্যমে সিলেট-৯ নং কূপ খনন করা হচ্ছে। এছাড়া সিলেট-১০ এবং কৈলাশটিলা-৮ গ্যাস কূপ খনন কার্যক্রম প্রস্তাবের ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও উক্ত রিপোর্ট এর প্রস্তাব মোতাবেক কৈলাশটিলা-৭ ও সিলেট-৮ নং কূপের ওয়ার্ক ওভার কার্যক্রম প্রকল্প এসজিএফএল কর্তৃক গ্রহণ করা হয়েছে যার ডিপিপি মন্ত্রণালয়ে অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে।।

গ) প্রকল্পের অডিট আপত্তি নাই বলে প্রকল্প পরিচালক জানান (বিস্তারিত অনুঃ১৮)।
ঘ) প্রকল্পে পূর্ত কাজ ছিল না।
ঙ) প্রকল্পটি আইএমইডি হতে গত ২৫/৩/২০১৮ তারিখে পরিদর্শনপূর্বক ০৬/৬/২০১৮ তারিখ প্রতিবেদন জারি করা হয়। আইএমইডি'র সুপারিশের উপর গৃহীত ব্যবস্থা ০৪/৯/২০১৮ তারিখের ২৪৬ নং পত্র স্মারকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে অবহিত করা হয়েছে।

চ) প্রকল্পের সংশোধিত ডিপিপি-তে অনুসন্ধানের ঝুকি হ্রাস, নতুন স্যান্ড পূনঃনির্ধারণ, বিদ্যমান স্যান্ডের প্রকৃত এরিয়াল ডিস্ট্রিবিউশন নির্ণয়, নতুন রিজার্ভয়ার স্যান্ড মূল্যায়ন করা, আরো অনুসন্ধান, মূল্যায়ন ও উন্নয়ন কূপ খননের সঠিক স্থান খুঁজে বের করা এবং ভবিষ্যতে উন্নয়ন পরিকল্পনার জন্য রিজার্ভ এবং রিসোর্স সংক্রান্ত স্বচ্ছ ধারণা পাওয়ার লক্ষ্যে ৩ডি সাইসমিক জরিপ ড্যাটা ও রিপোর্ট রিভিউকরণ প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় সিলেট (হরিপুর), কৈলাশটিলা ও রশিদপুর গ্যাস ক্ষেত্রের ৩ডি সাইসমিক জরিপ ডাটা ও রিপোর্টসমূহ রিভিউকরণ শেষে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সিলেট (হরিপুর) স্ট্রাকচারে ৩টি, কৈলাশটিলা স্ট্রাকচারে ৪টি এবং রশিদপুর স্ট্রাকচারে ৩টি সহ মোট ১০টি অনুসন্ধান বা উন্নয়ন কূপ খনন করার প্রস্তাব করা হয়েছে। নতুন রিজার্ভয়ার স্যান্ড মূল্যায়ন করে ভবিষ্যতে উন্নয়ন করার জন্য কৈলাশটিলা স্ট্রাকচারে ৩টি এবং রশিদপুর স্ট্রাকচারে ৩টি নতুন লিড প্রস্তাব করা হয়েছে। রিজার্ভয়ারসমূহের গ্যাস মজুদের পরিমান পুনঃনির্ণয় করা হয়েছে (অনুচ্ছেদ-১৬ তে বর্ণিত)।

ছ) গ্যাস/তেল স্তরসমূহের মডেলিং ও সিমুলেশন সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ পূরণ হয়েছে বলে বাস্তবায়নকারী সংস্থা জানিয়েছে। প্রকল্পটিতে প্রাপ্ত ফলাফল/পরামর্শক প্রতিষ্ঠানের প্রস্তাব মোতাবেক এসজিএফএল কর্তৃক গৃহীত প্রকল্পসমূহ সফলভাবে বাস্তবায়ন হলে প্রাপ্ত গ্যাস/তেল দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদার আংশিক পূরণ করতে সক্ষম হবে এবং উক্ত গ্যাস নতুন শিল্পকারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে সরবরাহের মাধ্যমে মানুষের কর্মসংস্থানসহ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখবে বলে বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্টগণ মনে করেন।

জ) বাস্তবায়নকারী সংস্থা পেট্রোবাংলার চেয়ারম্যান পিসিআর এর পৃষ্ঠা-১৫ এ মন্তব্যে বলেছেন, “After successfully completing the project,10 new exploration and/or development wells were recommended” এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পক্ষে বলা হয়েছে “ 10 new exploration and/or development wells were recommended by the review study”.

২৪. পরিদর্শন কার্যক্রম পরিদর্শনের স্থিরচিত্র:

<table>
<tr>
<td> 
চিত্র-১- প্রকল্পের রিপোর্টসমূহ</td>
<td> 

চিত্র-২- কৈলাশটিলা ও রশিদপুর ফিল্ডসের ফিল্ড ডেভেলাপমেন্ট প্ল্যান</td>
</tr>
<tr>
<td> 
চিত্রঃ৩- রিপোর্টের অভ্যন্তরীন চিত্র।</td>
<td> 
চিত্রঃ৪- কৈলাশটিলা গ্যাস ফিল্ডের প্রকল্প সাইটে প্রকল্প পরিচালক সহ</td>
</tr>
</table>

২৫. সুপারিশ/মতামত:

২৫.১ প্রকল্প শুরু হওয়ার পর দেখা যায়, পরামর্শক প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ প্রকল্পের অনুমোদিত নির্ধারিত মেয়াদসীমাকে উত্তীর্ণ করে ফেলেছে, ফলশ্রুতিতে প্রকল্প সংশোধনের প্রয়োজন হওয়ায় বাস্তবায়নে কিছুটা অধিক সময় লাগে (বিস্তারিত অনুচ্ছেদ ২০.০)। পরবর্তীতে অন্য কোন প্রকল্পে এই বিষয়টির পুনরাবৃত্তি রোধে বাস্তবায়নকারী সংস্থা পেট্রোবাংলা/সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর সংশ্লিষ্টগণের নজর রাখতে হবে।

বাংলাদেশের নদীবক্ষের বালিতে মূল্যবান খনিজের উপস্থিতি নির্ণয় ও অর্থনৈতিক মূল্যায়ন
সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন, ২০১৯)

১. প্রকল্পের নাম : "বাংলাদেশের নদীবক্ষের বালিতে মূল্যবান খনিজের উপস্থিতি নির্ণয় ও অর্থনৈতিক মূল্যায়ন"

২. পরিদর্শনকারী র্কমর্কতার নাম : সালেহীন তানভীর গাজী, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১

৩. প্রকল্প পরিদর্শনের তারিখ : ০৯ সেপ্টেম্বর ২০২০

৪। প্রকল্পের অবস্থান:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা	সমগ্র বাংলাদেশ
০৪	১২	৩৫		
ময়মনসিংহ, ঢাকা, চট্রগ্রাম, বরিশাল বিভাগ	বৃহত্তর ময়মনসিংহ, নরসিংদী, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, মানিকগঞ্জ, চাঁদপুর, বৃহত্তর নোয়াখালী, চট্রগ্রাম এবং ভোলা জেলা।	বৃহত্তর ময়মনসিংহ, নরসিংদী, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, মানিকগঞ্জ, চাঁদপুর, বৃহত্তর নোয়াখালী, চট্রগ্রাম এবং ভোলা জেলার মোহনা এলাকা, নদীবক্ষের বালি ও উপকূলীয় দ্বীপ এলাকার বালিসমূহের স্থান।	-	-

৫. বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) ।

৬. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৭. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল:

বিষয়		প্রকৃত ব্যয়	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৫৬২.৭০ (১৬৪১.৫০)	২৪৯৮.৭৭ (১১২১.৪৪)	২৪৯২.৩৬ (১১১৯.৪৪)	০১-১২-২০১৫ থেকে ৩০-০৬-২০১৮	০১-১২-২০১৫ থেকে ৩০-০৬-২০১৯	০১-১২-২০১৫ থেকে ৩০-০৬-২০১৯	- ২৯.৮৬%	৩৮.৭১%

৮. অঙ্গভিত্তিক অগ্রগতিঃ (লক্ষ টাকা)

ক্র:নং	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩০-০৬-২০১৯ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(ক) রাজস্ব ব্যয়ঃ						
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
১।	টেলিফোন/ টেলিগ্রাম/টেলিপ্রিন্টার (ইন্টারনেট, ফ্যাক্স এবং মোবাইল	থোক	-	০.৭৮	-	০.৭৮
২।	গ্যাস এবং জ্বালানি (গবেষণাগারের জন্য)	ধরণের	৬	১০.০০	৬	৯.৯০
৩।	পেট্রোল, তৈল ও লুব্রিকেন্ট	থোক	-	৯.০০	-	৯.০০
৪।	স্টেশনারি সামগ্রী	থোক	-	১০.০০	-	১০.০০
৫।	প্রচার ও বিজ্ঞাপন	টি	৩৬	১১.৮৫	৩৬	১১.৮৫
৬।	প্রশিক্ষণ (স্থানীয় ও বৈদেশিক)	জন মাস	০.০০	০.০০	০.০০	০.০০
৭।	সেমিনার, কনফারেন্স	টি	১	২.৩০	১	২.৩০
৮।	আপ্যায়ন (পিডি, টিইসি এবং টিওসি সভা)	থোক	-	২.০০	-	২.০০
৯।	অনিয়মিত শ্রমিক	থোক	-	২১.৫০	-	২১.৫০
১০।	রাসায়নিক দ্রব্যাদি (কেমিকেল ও রি-এজেন্ট)	ধরণের	০৬	৩০.০০	০৬	৩০.০০
১১।	পরামর্শক সেবা	জন মাস	০১	১৪.৭৫	০১	১৪.৭৫
১২।	নমুনা পরীক্ষা ব্যয় (দেশে ও বিদেশে)	টি	৩৫৩	৫১.৯১	৩৫৩	৫১.৯১
১৩।	সার্ভে (কূপ খনন ও অবিকৃত পলল সংগ্রহ)	থোক	-	১২৯.৬৬	-	১২৯.৬৬
১৪।	কম্পিউটার সামগ্রী	থোক	-	৭.২০	-	৭.২০
১৫।	হায়ারিং চার্জ (গাড়ী, লঞ্চ ও নৌকা)	থোক	-	৭৫.৫১	-	৭২.২২
১৬।	মিটিং/সভা ভাতা	থোক	-	৫.৬৬	-	৫.৬৬
১৭।	বিবিধ ব্যয়	থোক	-	৭.৯৭	-	৭.৯৭
১৮।	কমিশন (সিএন্ডএফ কমিশন)	থোক	-	১০.৩৬	-	৯.৪৫
১৯।	লাইসেন্স ফি (TL/OSL এ ব্যবহৃত রেডিওএকটিভ ম্যাটেরিয়াল ব্যবহারের জন্য বিএইআরসি হতে প্রদত্ত লাইসেন্স)	থোক	-	২.০০	-	১.৮৯
২০।	বন্দর চার্জ (আন্তর্জাতিক পদ্ধতিতে সংগৃহীত যন্ত্রসমূহ খালাসের জন্য বন্দর চার্জ	থোক	-	১৯.২০	-	১৯.২০
২১।	মেরামত, রক্ষনাবেক্ষণ (যন্ত্রপাতি ও যন্ত্রাংশ)	থোক	-	০.৫০	-	০.৫০
(ক) মোট রাজস্ব ব্যয়ঃ				৪২২.১৫		৪১৭.৭৪
(খ) মূলধন ব্যয়ঃ						
ক্র:নং	অঙ্গের নাম	একক	বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
১।	ক্যামেরা	টি	০৬	২.৯৮	০৬	২.৯৮
২।	যন্ত্রপাতি ও যন্ত্রাংশ	ধরণের	৩৬	১৮৯৬.৩৬ (১১২১.৪৪)	৩৬	১৮৯৪.৩৬ (১১১৯.৪৪)
৩।	কম্পিউটার ও যন্ত্রাংশ (ডেস্কটপ ৫ টি, ল্যাপটপ -৩ টি ও প্রিন্টার ৩ টি)	টি	১১	৯.৪৮	১১	৯.৪৮
৪।	কম্পিউটার সফটওয়ার	টি	০৪	৪৬.০০	০৪	৪৬.০০

ক্র:নং	অঙ্গের নাম	একক	আরডিপিপি/ টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (৩০-০৬-২০১৯ পর্যন্ত)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(ক) রাজস্ব ব্যয়ঃ						
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
৫।	অফিস সামগ্রী	থোক	-	৩.৫০	-	৩.৫০
৬।	আসবাবপত্র	থোক	-	৪৩.৯৯	-	৪৩.৯৯
৭।	বৈদ্যুতিক সামগ্রী	থোক	-	৩.০০	-	৩.০০
৮।	অন্যান্য ব্যয় (ইমেজারী ও অন্যান্য দ্রব্যাদি)	থোক	-	৪০.০০	-	৪০.০০
৯।	এয়ারকুলার	টি	৭	১৬.৪৭	৭	১৬.৪৭
১০।	সিডি/ভ্যাট	থোক	-	১৪.৮৪	-	১৪.৮৪
(খ) মোট মূলধন ব্যয়				২০৭৬.৬২		২০৭৪.৬২
সর্বমোট (ক+খ)				২৪৯৮.৭৭ (১১২১.৪৪)		২৪৯২.৩৬ (১১১৯.৪৪)

৯. কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: অসমাপ্ত নাই

১০. প্রকল্প গ্রহণের পটভুমি:

পদ্মা (গঙ্গা)- ব্রহ্মপুত্র-মেঘনা নদী ও তাদের শাখা-প্রশাখা প্রতিবছর ১ বিলিয়ন টনেরও বেশি পলি বাংলাদেশে বয়ে আনে। প্রায়শঃই এসব পলির সাথে অতি মূল্যবান খনিজ পদার্থ থাকে। এরূপ ধারণা থেকে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) ১৯৮৯ সালে সর্বপ্রথম যমুনা-ব্রহ্মপুত্র নদীর বালি গবেষণাগারে বিশ্লেষণ করে সম্ভাবনাময় অতি মূল্যবান কিছু ভারি ধাতুর উপস্থিতি নিশ্চিত করে। এই ফলাফলের আলোকে পরবর্তীতে বিভিন্ন সংস্থা বিক্ষিপ্তভাবে কিছু গবেষণা কাজ পরিচালনা করে একই ধরনের ফল লাভ করে। এসব ফলাফল বিভিন্ন দেশী-বিদেশী কোম্পানিকে এই নদীসমূহের বালি হতে মূল্যবান খনিজ আহরণে আগ্রহী করে তোলে। এমনকি বেশ কিছু দেশ এই বালি আমদানির ইচ্ছা ব্যক্ত করে। এ প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় আয়োজিত একটি আন্ত:মন্ত্রণালয় সভায় জিএসবি কর্তৃক এই বালির বিস্তারিত উপাদান নির্ণয়ের পূর্বে বালি রপ্তানি না করার বিষয়ে সিদ্ধান্ত হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে এজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়। এ সিদ্ধান্তের আলোকে অধিক তথ্য আহরণের জন্য জিএসবি ২০১২-২০১৩ অর্থবছরে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলা হতে সিরাজগঞ্জ জেলায় অবস্থিত বঙ্গবন্ধু ব্রীজ পর্যন্ত নদীবক্ষের বালিতে খনিজ পদার্থের উপস্থিতি সম্পর্কে জরিপ কাজ পরিচালনা করে। কুড়িগ্রাম, গাইবান্ধা ও সিরাজগঞ্জ জেলার বিভিন্ন স্থান হতে সংগৃহিত ৮টি নমুনা বিশ্লেষণে আশাব্যঞ্জক ফলাফল পাওয়া যায়। এই প্রেক্ষিতে জিএসবি যমুনা নদীসহ সকল নদ-নদীর বালি পরীক্ষণের সিদ্ধান্ত গ্রহণ করে। সর্বাপেক্ষা সম্ভাবনাময় এলাকাসমূহ চিহ্নিত করে জরিপ কাজ পরিচালনার জন্য বর্তমান প্রকল্পটি গ্রহণ করা হয়।

১১. প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী):

- প্রকল্প এলাকার নদীবক্ষের বালিতে উপস্থিত অর্থনৈতিকভাবে মূল্যবান ও কৌশলগত উপাদান ও ভারি ধাতুসমূহ শনাক্তকরণ ও তথ্যভান্ডার প্রস্তুতকরণ।

- শনাক্তকৃত মণিক/ধাতুসমূহের উৎস, উৎপত্তি, পরিমাণ, বিস্তৃতি ও অর্থনৈতিক গুরুত্ব পরিমাপ করা।
- দুষ্প্রাপ্য মৌল যেমন Rare earths, Transition Metals, Metals, Lanthanide-Actinide ইত্যাদি শনাক্তকরণে জিএসবি'র গবেষণাগার ও জিএসবি'র কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা বৃদ্ধি করা।
- পলল ও মণিকের উৎস, বিস্তরণ (Transportation), পললজনিত (Sedimentological) ক্ষয় (Erosion) এবং অবনমন (Subsidence) সংক্রান্ত তথ্যভান্ডার তৈরী করা।

১২. প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

মূল ডিপিপি অনুমোদন : ১৯ জানুয়ারি,২০১৬

সংশোধিত ডিপিপি অনুমোদন : ১৮ এপ্রিল, ২০১৯

১৩. (ক) ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: আরডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় মোট প্যাকেজের সংখ্যা ২৯ (উনত্রিশ) টি।

(খ) পণ্য,কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

১৪. প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ
অর্থবছর ভিত্তিক ডিপিপি/ টিএপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা

(লক্ষ টাকা)

অর্থবছর	এডিপি/ আরএডিপি বরাদ্দ			জিওবি অর্থছাড়	ব্যয়		
	মোট	টাকা	পিএ		মোট	টাকা	পিএ
১	২	৩	৪	৬	৭	৮	৯
২০১৫-১৬	৫.০০	৫.০০	-	প্রকল্প অনুমোদিত না হওয়ায় কোন অর্থ ছাড় হয়নি।	*০.০০	*০.০০	-
২০১৬-১৭	৩৩১.০০ (৪৫.০০)	৩৩১.০০ (৪৫.০০)	-	২৮৬.০০	১৯৯.০৩	১৯৯.০৩	-
২০১৭-১৮	২৮০০.০০	২৮০০.০০	-	২৬০৭.২৭ (১২২৩.০২)	১৯১৫.	১৯১৫.৩১ (১১১৯.৪৪)	-
২০১৮-১৯	৩৮৪.৪৩ (২.০০)	৩৮৪.৪৩ (২.০০)	-	৩৭৮.০৩	৩৭৮.০২	৩৭৮.০২	-

** প্রকল্প অনুমোদিত না হওয়ায় ব্যয় করা সম্ভব হয় নাই।*

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (প্রকল্প শুরু হতে শেষ সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম ও পদবী আইডি নং	পূর্ণকালীন	যোগদানের তারিখ	দায়িত্ব হস্তান্তরের তারিখ
জনাব মাহমুদ হাসান পরিচালক বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর	পূর্ণকালীন	২৯-০৯-২০১৬	২৬-০৯-২০১৮
জনাব সালমা আক্তার পরিচালক বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর ০১৭২৬৭০৬৭৫৫	পূর্ণকালীন	২৭-০৯-২০১৮	-

১৬. প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ (বাস্তবায়নকারী সংস্থা হতে প্রাপ্ত)

ক্রমিক	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	প্রকল্প এলাকার নদীবক্ষের বালিতে উপস্থিত অর্থনৈতিকভাবে মূল্যবান ও কৌশলগত উপাদান ও ভারী ধাতুসমূহ শনাক্তকরণ ও তথ্যভান্ডার প্রস্তুতকরণ।	১। প্রকল্প এলাকার নদীবক্ষ হতে সংগৃহীত বালির নমুনা জিএসবি, বিসিএসআইআর ও বিএইসি'র গবেষণাগারে বিশ্লেষণ করা হয়েছে। অর্থনৈতিকভাবে মূল্যবান ও কৌশলগত উপাদান ও ভারি ধাতুসমূহ শনাক্তকরণপূর্বক তথ্যভান্ডার প্রস্তুত করা হয়েছে। (সংক্ষিপ্ত বর্ণনা অনুঃ২৩)
২।	শনাক্তকৃত মণিকসমূহের উৎস, উৎপত্তি, পরিমাণ, বিস্তৃতি ও অর্থনৈতিক গুরুত্ব পরিমাপ করা।	২। শনাক্তকৃত মণিক/ভারি ধাতুসমূহের উৎস, উৎপত্তি, পরিমাণ, বিস্তৃতি ও অর্থনৈতিক গুরুত্ব পরিমাপ করা হয়েছে। (সংক্ষিপ্ত বর্ণনা অনুঃ২৩)
৩।	দুষ্প্রাপ্য মৌল যেমন Rare earths, Transition Metals, Metals, Lanthanide-Actinide ইত্যাদি শণাক্তকরণে জিএসবি'র গবেষণাগার ও জিএসবি'র কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা বৃদ্ধি করা।	৩। জিএসবি'র গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। প্রকল্পে ক্রয়কৃত যন্ত্রপাতি ব্যবহারের উপর প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদের উন্নয়ন হয়েছে (পরিসংখ্যান অনুঃ ২৩ ক)।
৪।	পলল ও মণিকের উৎস, বিস্তরণ (Transportation), পললজনিত (Sedimentological), ক্ষয় (Erosion) এবং অধোগমণ (Subsidence) সংক্রান্ত তথ্যভান্ডার তৈরি করা।	৪। পলল ও মণিকের উৎস, বিস্তরণ (Transportation), পললজনিত(Sedimentological), ক্ষয় (Erosion) এবং অধোগমণ (Subsidence) সংক্রান্ত তথ্যভান্ডার তৈরি করা হয়েছে (বর্ণনা অনুঃ ২৩-ঘ)

১৭. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ অর্জিত হয়েছে।

১৮. **অডিটঃ**

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তির সর্বশেষ পর্যায়
২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-১৮	২৯/০১/২০১৯	সিএন্ডএফ এজেন্ট এর কমিশন বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন না করায় ২,৫৬,৪৪৪/-টাকা সরকারী রাজস্ব ক্ষতি এবং বিলম্ব জনিত সুদ বাবদ ৩৫,৯০২/- টাকা আদায়যোগ্য।	আপত্তি নিষ্পত্তি হয়েছে
		মজুদ ভূক্তি ব্যতীত নক্সার হার্ডকপি, অর্থোফটো বাবদ ৩৫,০০,০০০/- টাকা বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরকে পরিশোধ ।	আপত্তি নিষ্পত্তি হয়েছে
		01(one) set Auomatic grain size analyzer ক্রয়ের ক্ষেত্রে যথাযথ দর বিশ্লেষণ না করা দাপ্তরিক প্রাক্কলন না থাকা, আমদানির প্রমাণক ছাড়া এবং সময় বৃদ্ধি ব্যতিত জয় এন্ড থ্রি স্টারকে বিল পরিশোধ করায় ৯৯,৪২,০০০/- টাকা অনিয়মিত ব্যয় হয়েছে।	আপত্তি নিষ্পত্তি হয়েছে
		বিধি বর্হিভূতভাবে এসি ক্রয় করায় ১৬,৪৭,০০০/- টাকা অনিয়মিত ব্যয় ।	আপত্তি নিষ্পত্তি হয়েছে
		৩৫টি বালির নমুনা বিশ্লেষণ বাবদ অনিয়মিতভাবে ২১,৯৩,৬২৫/- টাকা ইনস্টিটিউট অব মাইনিং, মিনারোলজি এন্ড মিটিরিওলজি, বিসিএসআইআর, জয়পুরহাটকে পরিশোধ ।	আপত্তি নিষ্পত্তি হয়েছে
		সরকারি চেক ঠিকাদার নির্ধারিত সময়ে ব্যাংক হতে ক্যাশ না করায় বাতিল জনিত অনিয়ম।	আপত্তি নিষ্পত্তি হয়েছে

অডিট সময়	রিপোর্ট প্রদান	আপত্তিসমূহ	আপত্তি নিষ্পত্তির সর্বশেষ পর্যায়
২০১৫-২০১৬, ২০১৬-২০১৭	২৯/০১/২০১৯	প্রাধিকার ব্যতিরেকে অনিয়মভাবে আসবাবপত্র ক্রয় করার ব্যয়: ১৯,৯৯,৩০১/-	আপত্তি নিষ্পত্তি হয়েছে
		বার্ষিক ইনভেন্টরি প্রস্তুত না করা জনিত অনিয়ম।	আপত্তি নিষ্পত্তি হয়েছে
২০১৮-১৯	০৯/০১/২০২০	সিএন্ডএফ এজেন্ট এর কমিশন বিল হতে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি ২,৯৯,৪৭২/- টাকা	আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়াধীন। ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে।
		পিপিআর ২০০৮ এর বিধি ৭৩(৭) অনুসরণ না করায় গাড়ী ভাড়া বাবদ ১,৬৫,০০০/- টাকা অনিয়মিত ব্যয় ।	আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়াধীন। ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে।
		সরবরাহের শর্ত মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ না করায় ২২,৯৯৬/- টাকা আর্থিক ক্ষতি	আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়াধীন। ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে।
		গ্যাস ও জ্বালানী সরবরাহকারী প্রতিষ্ঠান লিনডা বাংলাদেশ লিঃ কে গ্যাস ও জ্বালানি বিলের সাথে ১৫% ভ্যাট যোগ করে বিল পরিশোধ করায় ১,২৯,০৭০/- আর্থিক ক্ষতি ।	আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়াধীন। ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে।

১৯. প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ সামগ্রিকভাবে প্রকল্প বাস্তবায়নে বড় রকমের কোন সমস্যা হয়নি।

২০. প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণঃ

প্রকল্পটি গত ১৯-০১-২০১৬ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে একনেক সভার সিদ্ধান্ত মোতাবেক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বিসিএসআইআর(বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ) ও বিএইসি (বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন)কে সম্পৃক্ত করে আলোচ্য ডিপিপিটি পুনর্গঠন করার বিষয়ে ২০/০৩/২০১৬ তারিখে আন্তমন্ত্রণালয়ের সভা অনুষ্ঠিত হয় এবং ০৬/০৪/২০১৬ তারিখে জিএসবি, বিসিএসআইআর এবং বিএইসি'র সমন্বয়ে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহের সিদ্ধান্ত মোতাবেক তিনটি সংস্থাকে একত্রে কাজ করার সুযোগ রেখে ডিপিপি পুনর্গঠন করা হয়। পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে ০৬ জুন, ২০১৬ তারিখে প্রেরণ করা হয় পুনর্গঠিত যা পরবর্তীতে ০৭/০৮/২০১৬ তারিখে একনেক শাখা হতে চূড়ান্তভাবে অনুমোদন প্রাপ্ত হলে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে ২২/০৮/২০১৬ তারিখে প্রশাসনিক আদেশ জারি হয়। এতে প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করতে ০৯ (নয়) মাস বিলম্ব হয়। এর ফলে ২০১৫-২০১৬ অর্থ বছরে কার্যক্রম শুরু করা যায়নি এবং বিলম্বে প্রকল্পের কাজ শুরু হওয়ায় ২০১৬-২০১৭ অর্থ বছরে আর্থিক ও বাস্তব অগ্রগতি ডিপিপি অনুযায়ী হয়নি।

এ প্রেক্ষিতে জুন ২০১৮ সময়ের মধ্যে নমুনা বিশ্লেষণ পূর্বক প্রতিবেদন প্রস্তুত করা এবং চলমান ক্রয় প্রক্রিয়াসমূহ সম্পন্ন করা অত্যন্ত দুরূহ হয়ে পড়ে। প্রকল্পের আওতায় আন্তর্জাতিক পদ্ধতিতে সংগৃহীত যন্ত্রসমূহের ক্রয় প্রক্রিয়া সম্পন্ন, সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট কমিশন, বন্দর চার্জ, বকেয়া বিজ্ঞাপন বিল, সম্মানী ও আপ্যায়ন ভাতা পরিশোধ এবং সরবরাহকৃত স্যান্ড সেপারেটর যন্ত্রসমূহের বিল প্রদান করার জন্য আরডিপিপি সংশোধনক্রমে প্রকল্পের মেয়াদ (০১ বছর বৃদ্ধি) ৩০/০৬/২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়। উল্লেখ্য, আরডিপিপি প্রণয়নের ক্ষেত্রে বেশ কয়েকবার সংশোধনের প্রয়োজন হয়েছে বিধায় আরডিপিপি প্রণয়নে বিলম্ব হয়েছে। বিশেষ করে আন্তর্জাতিক পদ্ধতিতে সংগৃহীত যন্ত্র সমূহের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রার বিনিময় মূল্য বৃদ্ধি পাওয়ায় এবং ক্রয় প্রক্রিয়া সম্পন্ন শেষে আমদানি, স্থাপন ও প্রশিক্ষণ সম্পন্নে বিলম্ব হওয়ায় এলসির অবশিষ্ট অর্থ পরিশোধের ক্ষেত্রে যন্ত্রসমূহের প্রকৃত মূল্য সম্বন্ধে নিশ্চিত হতে সময়রে প্রয়োজন হয়েছে ।

২১. ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তনঃ বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর পরিচালক জনাব মাহমুদ হাসান সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করায় জনাব সালমা আক্তার, পরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর প্রকল্প পরিচালক পদে যোগদান করেন।

২২. চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণঃ প্রযোজ্য নয়।

২৩. **পরিদর্শন পর্যবেক্ষণঃ**

প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম সম্পর্কে তথ্য সংগ্রহ করার জন্য জিএসবি'র মিরপুরস্থ অফিস ও সেগুনবাগিচাস্থ সদর কার্যালয়ের বিভিন্ন ফ্লোরে অবস্থিত গবেষণাগারসমূহে স্থাপিত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সরেজমিন পরিদর্শন করা হয়। ক্রয়কৃত যন্ত্রপাতি সমূহের বর্তমান অবস্থান, তত্ত্বাবধান ব্যবস্থা নিয়ে তথ্য নেয়া হয়। এছাড়া এ প্রকল্প চলাকালীন সময়ে বিগত ২২/৯/২০১৮ তারিখে আইএমইডি'র পরিবীক্ষণ প্রতিবেদনের দুটি সুপারিশ ফলো-আপ করা হয় (২৩ক ও ২৩গ)। প্রতিবেদনের সুপারিশ দুটি ছিলঃ

১) প্রকল্পটির মাধ্যমে বেশ কিছু প্রয়োজনীয় equipment ক্রয় করা হয়েছে। কিন্তু যন্ত্রপাতিগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বিশেষজ্ঞ কর্মকর্তাগণের জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

২) নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী নমুনা সংগ্রহপূর্বক সকল নমুনার analysis সম্পন্ন করতে হবে।

ক) প্রকল্পের ডিপিপি'র আওতায় ক্রয়কৃত FESEM, TL/OSL, ICP-MS যন্ত্রসমূহ জিএসবি'র সেগুনবাগিচাস্থ সদর কার্যালয়ে স্থাপন করা হয়েছে। ক্রয়কৃত যন্ত্রপাতির তালিকা এবং দৈবচয়নে একটি কার্যাদেশ (নং২৯৯ তারিখ- ০৯/১১/২০১৭) এর জিএসবি'র কর্মকর্তা এবং কার্যাদেশ প্রদানকৃত একটি পণ্যের প্যাকেজের আন্তর্জাতিক সাপ্লায়ার জার্মান প্রতিষ্ঠান Freiberg Instruments GmbH এর যৌথ স্বাক্ষরে পণ্যের Acceptance Certificate দেখা হয়। প্রকল্পের অন্যতম প্রধান অঙ্গ,এই যন্ত্রপাতি ব্যবহারের উপর প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে জিএসবি'র কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে বলে প্রকল্প সংশ্লিষ্টরা মনে করেন। প্রশিক্ষণের সংক্ষিপ্ত তথ্য নিম্নরুপঃ

বৈজ্ঞানিক যন্ত্রের নাম	প্রশিক্ষণের স্থান ও সংখ্যা		কর্মকর্তার সংখ্যা
	দেশে	বিদেশে	
১. Sand separator	৪টি	১টি	দেশে- ০৮ জন, বিদেশে- ০২ জন
২. FE-SEM	৪টি	-	দেশে- ১২ জন
৩.Automated TL/OSL Dating	২টি	১টি	দেশে- ০৩ জন, বিদেশে- ০২ জন
৪. ICP-MS	১টি	১টি	দেশে-০৬ জন, বিদেশে-০২ জন
৫. Automatic Grain size Analyzer	১টি	-	দেশে- ০৬ জন
৬. Ultra-pure Water distillation plant	১টি	-	দেশে-০২ জন
৭. ENVI and GIS Software	২টি	-	দেশে- ২০ জন

খ) জিএসবি'র মিরপুরস্থ অফিসে Sand Separator গবেষণাগারে স্থাপিত যন্ত্রপাতিসমূহ পর্যবেক্ষণ করা হয়েছে। আন্তর্জাতিক টেন্ডারের মাধ্যমে মানসম্পন্ন যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে জিএসবি'র গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে বলে প্রকল্প সংশ্লষ্টগণ মনে করেন।

গ) প্রকল্প পরিচালক পরিদর্শনকালে জানান যে, প্রকল্পের আওতায় যমুনা নদীবক্ষ ও এর পাশ্ববর্তী এলাকা, ব্রহ্মপুত্র নদী, মেঘনা মোহনা, বরিশাল, ভোলা ও পটুয়াখালীর উপকূলীয় দ্বীপ হতে বৈজ্ঞানিক পদ্ধতিতে সর্বোচ্চ ৩০ মিটার গভীরতা হতে মিশ্রিত ও অমিশ্রিত বালির নমুনা সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত নমুনা সমূহ জিএসবি, বিসিএসআইআর ও বিএইসি'র বিভিন্ন পরীক্ষাগারে রাসায়নিক ও মণিকতাত্ত্বিক বিশ্লেষণের মাধ্যমে দূর্লভ, অর্থনৈতিকভাবে মূল্যবান ও কৌশলগত উপাদান ও ভারি ধাতু/ মণিকসমূহ শনাক্ত করা সম্ভব হয়েছে। শনাক্তকৃত মৌল ও ভারিধাতু সমূহের উৎস, উৎপত্তি,পরিমাণ, মজুদ ও বিস্তৃতি ইত্যাদি নির্ণয়ের প্রাথমিক ডাটা বেইজ সম্বলিত সম্বলিত চূড়ান্ত প্রতিবেদন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এ ০২ (দুই)কপি [জিএসবি'র Data Center এ সংরক্ষিত আছে] এবং ০১ (এক) কপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে দাখিল করা হয়েছে।

Data Center (তথ্যভান্ডার) টি জিএসবি'র প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার তত্ত্বাবধানে পরিচালিত হয়। এ তথ্যভান্ডার হতে শনাক্তকৃত মৌল ও মণিক সমূহের উৎস, উৎপত্তি, মজুদ ও বিস্তৃতি সম্পর্কিত তথ্য সহ এর বাণিজ্যিক/অর্থনৈতিক মূল্য সম্বন্ধে ধারণা পাওয়া যাবে। এ তথ্যসমূহ ব্যবহার করে সরকার প্রকল্প এলাকার নদীবক্ষের বালি উত্তোলন বা লিজ প্রদান ইত্যাদি বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নিতে পারবে।

ঘ) ০৫ আগস্ট ২০১৯ তারিখে এ প্রকল্প হতে Identification and Economic assessment of the valuable minerals in the river sands of Bangladesh (IRSM-BD) শীর্ষক একটি জাতীয় সেমিনার করে প্রাপ্ত উপাত্তসমূহের অর্থনৈতিক সম্ভাবনা তুলে ধরা হয়। অর্থনৈতিকভাবে প্রাপ্ত ভারী ধাতুসমূহের (heavy metal) মধ্যে Rutile, Ilmenite, Leucoxene, Zircon, Monazite, Magnetite, Kyanite, Sillimanite, Garnet প্রভৃতির অর্থনৈতিক/বাণিজ্যিক সম্ভাবনা সেমিনারের পাম্পলেটে সংক্ষিপ্তভাবে তুলে ধরা হয়েছে।

ঙ) প্রকল্প কর্তৃপক্ষের সাথে আলাপচারিতায় জানা যায় ভবিষ্যতে ময়মনসিংহ ও সিলেট এর পাদদেশীয় এলাকা, সোমেশ্বরী সুরমা-কুশিয়ারা নদী ও পদ্মা নদীবক্ষের বালিতে ব্যাপক অনুসন্ধান কার্যক্রম গ্রহণের মাধ্যমে অর্থনৈতিকভাবে মূল্যবান মৌল ও মণিক/ভারি ধাতুসমূহের উৎস, উৎপত্তি, পরিমাণ,মজুদ ও বিস্তৃতি ইত্যাদি নির্ণয়পূর্বক অর্থনৈতিক/বাণিজ্যিক সম্ভাবনার বিকাশে জিএসবি'র আরো বিস্তৃত পরিসরে উদ্যোগ গ্রহণ করার সুযোগ রয়েছে।

২৪. পরিদর্শন কার্যক্রমের স্থিরচিত্র:



চিত্রঃ১- মিরপুরস্থ জিএসবি কার্যালয়ে; সংগৃহীত খনিজবালু ও তার বৈজ্ঞানিক সংশ্লেষণ পর্যবেক্ষণ।



চিত্রঃ২- সেগুনবাগিচাস্থ জিএসবি অফিসে স্থাপিত ল্যাব পরিদর্শন।

২৫. সুপারিশ/মতামত:

২৫.১ প্রকল্পের ২০১৮-১৯ অর্থবছরের অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ বিধি মোতাবেক নিষ্পত্তির কার্যক্রম গ্রহণপূর্বক নিষ্পত্তির প্রমাণক আইএমইডিতে প্রেরণ করতে হবে।

২৫.২ শনাক্তকৃত মৌল ও মণিক/ভারি ধাতুসমূহের উৎস, উৎপত্তি, পরিমাণ, মজুদ ও বিস্তৃতি ইত্যাদি নির্ণয়ের প্রাথমিক ডাটা বেইজ সম্বলিত সম্বলিত চূড়ান্ত প্রতিবেদনের আলোকে বিশেষজ্ঞ মতামত নিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

(সংযুক্তি- ১)

১৩ (খ) **পণ্য,কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:**

প্যাকেজ নং	**প্যাকেজ বিবরণ** **পণ্য**	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
				চুক্তি অনুযায়ী	প্রকৃত	
বছর-০১ (২০১৫-২০১৬)						
-	-	-	-	-	-	-
বছর-০২ (২০১৬-২০১৭)						
জিডি-১৮/১৬ (ক)	অফিস আইটেম (পর্দা, কার্পেট, ভ্যাকুয়াম ক্লিনার, কফি/টি মেকার)	২৬/০১/১৭ ০.৯৭	০৯/০৩/১৭ ০.৯৭	১৬/০৩/১৭	১৬/০৩/১৭	-
জিডি-০৩/১৬ (ক)	হ্যান্ড জিপিএস	২৭/১২/১৬ ১১.৭৯৮	০৬/০২/১৭ ১১.৭৯৮	১৩/০২/১৭	১৩/০২/১৭	-
জিডি-৭/১৬ (ক)	প্লেইন পেপার ফটোকপিয়ার (সাদাকালো)	২৪/০১/১৭ ৩.০০	০৯/০২/১৭ ৩.০০	১৬/০২/১৭	১৬/০২/১৭	-
জিডি-১৩/১৬ (ক)	আসবাবপত্র (গবেষণাগার ও অফিসের জন্য)	২৬/০১/১৭ ১০.০০	২৩/০৩/১৭ ১০.০০	২৬/০৩/১৭	২৬/০৩/১৭	-
জিডি-১২/১৬ (ক)	বৈদ্যুতিক সরঞ্জাম (এক্সটেনশন কেবল, সুইচ, সকেট, জেনারেল লাইন সংযোজন ইত্যাদি)	০৯/০২/১৭ ১.৫২	১৩/০৪/১৭ ১.৫২	২০/০৪/১৭	২০/০৪/১৭	-
জিডি-১৭/১৬	ক্যামেরা (ডিজিটাল ও ডিএসএলআর)	০৯/০২/১৭ ২.৯৮	১৬/০৪/১৭ ২.৯৮	২৩/০৪/১৭	২৩/০৪/১৭	-
জিডি-৯/১৬ (ক)	সফটওয়্যার (এন্টিভাইরাস)	০৯/০২/১৭ ০.৪৬	২৪/০৪/১৭ ০.৪৬	০৪/০৫/১৭	০৪/০৫/১৭	-
জিডি-১১/১৬	এয়ার কন্ডিশনার (১.৫-২ টন ৪ টি এবং ৪-৫ টন ৩টি, স্প্লিট টাইপ)	১৫/০৩/১৭ ১৬.৪৭	০৪/০৬/১৭ ১৬.৪৭	০৬/০৬/১৭	০৬/০৬/১৭	-
জিডি-১৩/১৬ (খ)	আসবাবপত্র (গবেষণাগার ও অফিসের জন্য)	০৪/০৫/১৭ ১০.০০	১২/০৬/১৭ ১০.০০	১৫/০৬/১৭	১৫/০৬/১৭	-
জিডি-১৪/১৬	স্টেশনারী সামগ্রী ও স্যাম্পল ব্যাগ	০৯/০৫/১৭ ৫.০০	১৮/০৫/১৭ ৫.০০	২০/০৫/১৭	২০/০৫/১৭	-

জিডি-৭/১৬ (খ)	বিবিধ গবেষণাগার যন্ত্র ও যন্ত্রাংশ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, রিমোর্ট কন্ট্রোল মাল্টিমিডিয়া প্রজেক্টর স্ক্রিন	১৭/০৫/১৭ ৮.৫০	১৫/০৬/১৭ ৮.৫০	১৬/০৬/১৭	১৬/০৬/১৭	
জিডি-১৬/১৬ (ক)	বিভিন্ন বহিরঙ্গন সামগ্রী (লাইফ জ্যাকেট-১৫টি, ফিল্ড চেয়ার-১০টি, ফিল্ড টেবিল-১০টি, ত্রিপল-৫টি, ধারী-১০টি, প্লাষ্টিক বাকেট-২০টি, রেইন কোট	১৮/০৫/১৭ ৩.০০	২৯/০৫/১৭ ৩.০০	৩১/০৫/১৭	৩১/০৫/১৭	
জিডি-০৮/১৬	ডেস্কটপ (Core i7 অথবা সমমানের, ব্রান্ড) কম্পিউটার	০৭/০৫/১৭ ৯.৪৮	১২/০৬/১৭ ৯.৪৮		১৪/০৬/১৭	
	ল্যাপটপ (Core i7 অথবা সমমানের, ব্রান্ড)					
	লেজার জেট সাদাকালো প্রিন্টার					
	লেজার জেট কালার প্রিন্টার					
জিডি-১৮/১৬ (খ)	অফিস আইটেম (পর্দা, তালা, পাপোষ, ঝুড়ি, স্ট্যাম্প সীল ইত্যাদি)	১৮/০৫/১৭ ১.০৩	২৮/০৫/১৭ ১.০৩	৩১/০৫/১৭	৩১/০৫/১৭	
জিডি-৯/১৬ (খ)	সফটওয়্যার (এপ্লিকেশন সফটওয়্যার-মাইক্রোসফ্ট অফিস, অপারেটিং সিস্টেম)	০৫/০৬/১৭ ০.৫৪	০৮/০৬/১৭ ০.৫৪	১১/০৬/১৭	১১/০৬/১৭	
জিডি-৫/১৬ (ক)	প্রিসিসান এ'নালাইটিক্যাল ব্যালান্স (চার দশমাংশ ক্ষমতা সম্পন্ন)	১৮/০৬/১৭ ৪.৯৭২	১৮/০৬/১৭ ৪.৯৭২	১৯/০৬/১৭	১৯/০৬/১৭	
জিডি-১০/১৬	কম্পিউটার সামগ্রী(টোনার, কার্টিজ, রিবন, পেনড্রাইভ, মোবাইল হার্ডডিস্ক, প্লটার কাগজ ইত্যাদি)	১৮/০৫/১৭ ২.২০	২৯/০৫/১৭ ২.২০	৩১/০৫/১৭	৩১/০৫/১৭	
জিডি-০৫/১৬ (খ)	ল্যাবরেটরী গ্লাস ওয়্যার – (১) ল্যাবরেটরী গ্লাস ওয়্যার – (২)	০২/০৫/১৭ ১৫.৯৩৭	১৪/০৬/১৭ ১৫.৯৩৭	১৬/০৬/১৭	১৬/০৬/১৭	

	ল্যাবরেটরী হ্যান্ড গ্লোবস, আই প্রোটেকটর, এপ্রোন, ফাস্ট এইড বক্স, মাস্ক, টেস্টটিউব হোল্ডার, বোতল টপ ডিস্পেন্সার ইত্যাদি					
জিডি-০৫/১৬ (গ)	ল্যাবরেটরী গ্লাস ওয়্যার – (৩)	১৮/০৬/১৭ ৪.৯৮	১৮/০৬/১৭ ৪.৯৮	১৯/০৬/১৭	১৯/০৬/১৭	
মোট পণ্যের মূল্য			১১২.৮৪			
বছর-০৩ (২০১৭-২০১৮)						
জিডি-১/১৬	FESEM: BSD, WDS, CL	০৬/১২/১৬ ৪৬৭.৯৫ (৪৬৭.৯৫)	১৬/১০/১৭ ৪৬৭.৯৫ (৪৬৭.৯৫)	১৪/০৯/১৮	১৪/০৯/১৮	
জিডি-২/১৬	Automated TL/OSL Dating System with Accessories	১৫/১২/১৬ ৪৬৪.০০ (৪৬৪.০০)	৯/১১/১৭ ৪৬৪.০০ (৪৬৪.০০)	১৫/০৯/১৮	১৫/০৯/১৮	
জিডি-৩/১৬ (খ)	ফিল্ড ডিজিটাল মাইক্রোস্কোপ	২৬/০১/১৭ ২৪.৯৫	২৮/০৩/১৭ ২৪.৯৫	০৭/১০/১৭	০৭/১০/১৭	
	কোরবক্স	২৬/০১/১৭ ৫৮.৫০	৩০/০৩/১৭ ৫৮.৫০	১২/১১/১৭	১২/১১/১৭	
জিডি-৪/১৬ (ক)	অটোমেটিক গ্রেইন সাইজ এনালাইজার	২৯/০৮/১৭ ৯৯.৪২	১৩/১১/১৭ ৯৯.৪২	২৪/০৫/১৮	২৪/০৫/১৮	
জিডি ৫/১৬ (ঘ)	ওয়াটারবাথ	০৮/০৯/১৭ ১৩.৩৫	০৬/১২/১৭ ১৩.৩৫	২৫/০৩/১৮	২৫/০৩/১৮	
	অটোপিপেট	০৮/০৯/১৭ ৬.৯৬	০৬/১২/১৭ ৬.৯৬	১০/০৪/১৮	১০/০৪/১৮	
	প্ল্যাটিনাম ক্রোসিবল	০৮/০৯/১৭ ৬.৬০	০৬/১২/১৭ ৬.৬০	২৫/০৪/১৮	২৫/০৪/১৮	
	হলো ক্যাথোড ল্যাম্প	০৮/০৯/১৭ ১০.০০	০৬/১২/১৭ ১০.০০	২৫/০৩/১৮	২৫/০৩/১৮	
	আল্ট্রাপিওর ওয়াটার ডিস্ট্রিলেশান প্ল্যান্ট (ডিস্টিল ওয়াটার প্ল্যান্ট)	০৮/০৯/১৭ ৪০.০০	০৬/১২/১৭ ৪০.০০	২৫/০৩/১৮	২৫/০৩/১৮	
জিডি-৫/১৭	আসবাবপত্র (গবেষণাগার ও অফিসের জন্য)	১৯/০৯/১৭ ৯.৯৯	০৫/১১/১৭ ৯.৯৯	০৫/১২/১৭	০৫/১২/১৭	
জিডি-৯/১৭	অফিস আইটেম (পর্দা, কার্পেট, ভ্যাকুয়াম ক্লিনার, কফি/টি মেকার)	০৫/১০/১৭ ১.৫০	১৫/১০/১৭ ১.৫০	২২/১০/১৭	২২/১০/১৭	
জিডি-১/১৭	ICP-Mass Spectrometer (ICP-MS)	০৭/১০/১৭ ১৮৯.৪৯ (১৮৯.৪৯)	২২/০১/১৭ ১৮৯.৪৯ (১৮৯.৪৯)	২০/১০/১৮	২০/১০/১৮	

জিডি-৪/১৬ (খ)	স্যাম্পল গ্রাইন্ডিং মেশিন	১৩/১১/১৭ ১৯.৯৫	২১/১২/১৭ ১৯.৯৫	০৯/০৫/১৮	০৯/০৫/১৮	
জিডি- ৫/১৬ (ঙ)	হট প্লেট	৩০/১১/১৭ ১৫.০০	১০/০১/১৮ ১৫.০০	১০/০৪/১৮	১০/০৪/১৮	
জিডি-৪/১৬ (গ)	গাইগারকাউন্টার /Scintillationমিটার	১২/১২/১৭ ৩১.৮৪	১৫/০১/১৮ ৩১.৮৪	২৫/০৪/১৮	২৫/০৪/১৮	
জিডি-২/১৭ (ক)	মালাজিপিআর যন্ত্রের জন্য এন্টিনা (বিভিন্ন ফ্রিকোয়েন্সির) এবং অন্যান্য যন্ত্রাংশ, ব্রান্টন কম্পাস / ক্লাইনোমিটার, জিওলজিক্যাল হ্যামার	১৯/০৯/১৭ ৩৯.৪৫	১১/১২/১৭ ৩৯.৪৫	২০/০৪/১৮	২০/০৪/১৮	
জিডি-২/১৭ (খ)	Carl Zeiss অণুবীক্ষণ যন্ত্রের জন্য ফ্লোরোসেন্স এটাচমেন্ট	১৬/১১/১৭ ১৯.৯০	১৫/০১/১৮ ১৯.৯০	১০/০৬/১৮	১০/০৬/১৮	
জিডি-১৫/১৬	রাসায়নিক দ্রব্যাদি, রিএজেন্ট ইত্যাদি	১৫/০১/১৮ ২৪.০০	৩০/০১/১৮ ২৪.০০	৩০/০৩/১৮	৩০/০৩/১৮	
জিডি-১৬/১৬ (খ)	প্রকল্প এলাকার হাই রেজুলেশন সফ্ট এবং হার্ড কপি ইমেজারি	১৫/০৪/১৮ ৩৫.০০	২২/০৫/১৮ ৩৫.০০	১০/০৬/১৮	১০/০৬/১৮	
জিডি-৮/১৭	বিভিন্ন বহিরঙ্গন সামগ্রী	০২/০২/১৮ ২.০০	১৫/০২/১৮ ২.০০	২৭/০২/১৮	২৭/০২/১৮	
জিডি-৬/১৭	স্টেশনারী সামগ্রী ও স্যাম্পল ব্যাগ	০৯/০৩/১৮ ৫.০০	২৪/০৩/১৮ ৫.০০	২৫/০৪/২০১৮	২৫/০৪/২০১৮	
জিডি-৯/১৬ (গ)	কম্পিউটার সফটওয়্যার (ইমেজ প্রসেসিং -ENVI)	১৫/০২/১৮ ৪৪.৮৯	২৫/০৪/১৮ ৪৪.৮৯	১০/০৬/১৮	১০/০৬/১৮	
জিডি-৪/১৭	কম্পিউটার সামগ্রী	০২/০৫/১৮ ৫.০০	২২/০৫/১৮ ৫.০০	১০/০৬/১৮	১০/০৬/১৮	
জিডি-১৩/১৬ (গ)	আসবাবপত্র (গবেষণাগার ও অফিসের জন্য)	১৯/০৪/১৮ ১৪.০০	০৫/০৫/১৮ ১৪.০০	০৫/০৬/১৮	০৫/০৬/১৮	
জিডি-৭/১৬ (খ)	বিবিধ গবেষণাগারের যন্ত্র/যন্ত্রপাতি	২০/০৫/১৮ ২৪.০০	১০/০৬/১৮ ২৪.০০	১৫/০৬/১৮	১৫/০৬/১৮	
জিডি-১২/১৬ (খ)	বৈদ্যুতিক সরঞ্জাম	১০/০৫/১৮ ১.০০	২৮/০৫/১৮ ১.০০	১০/০৬/১৮	১০/০৬/১৮	
পণ্যের মোট মূল্য		১৬৭৩.৭৪ (১১১৯.৪৪)				
বছর-০৪ (২০১৮-২০১৯)						
	গবেষণাগারে ব্যবহারযোগ্য ইলেক্ট্রোস্ট্যাটিক সেপারেটর	২৯/০৯/১৭ ৫৩.৩৫	১৫/০২/১৮ ৫৩.৩৫	১০/১২/১৮	১০/১২/১৮	

জিডি-৬/১৬	গবেষণাগারে ব্যবহারযোগ্য রেয়ার আর্থ রোল সেপারেটর	২৯/০৯/১৭ ২৬.৫৯	১৫/০২/১৮ ২৬.৫৯	১০/১২/১৮	১০/১২/১৮	
	গবেষণাগারে ব্যবহারযোগ্য ওয়েট হাই ইন্টেনসিটি ম্যাগনেটিক সেপারেটর	২৯/০৯/১৭ ৬৬.০০	১৫/০২/১৮ ৬৬.০০	১০/১২/১৮	১০/১২/১৮	
	গবেষণাগারে ব্যবহারযোগ্য ওয়েটলো ইন্টেনসিটি ম্যাগনেটিক সেপারেটর	২৯/০৯/১৭ ২৪.৪৭	১৫/০২/১৮ ২৪.৪৭	১০/১২/১৮	১০/১২/১৮	
	গবেষণাগারে ব্যবহারযোগ্য স্যাকিং টেবিল	২৯/০৯/১৭ ১০.০০	১৫/০২/১৮ ১০.০০	১০/১২/১৮	১০/১২/১৮	
	গবেষণাগারে ব্যবহারযোগ্য ভাইব্রেটিং স্ক্রিন	২৯/০৯/১৭ ৩৫.৫০	১৫/০২/১৮ ৩৫.৫০	১০/১২/১৮	১০/১২/১৮	
	গবেষণাগারে ব্যবহারযোগ্য ইনডিউজড রোল ম্যাগনেটিক সেপারেটর	২৯/০৯/১৭ ৯৯.৯০	১৫/০২/১৮ ৯৯.৯০	১০/১২/১৮	১০/১২/১৮	
জিডি-৩/১৯	রাসায়নিক দ্রব্যাদি, রিএজেন্ট ইত্যাদি	১১/০৬/১৮ ৬.০০	২৫/০৭/১৮ ৬.০০	২৫/১০/১৮	২৫/১০/১৮	
জিডি-১৩/১৭	গবেষণাগারের জন্য গ্যাস ও জ্বালানি	২০/১০/১৮ ১০.০০	১৪/১১/১৮ ৯.৯০	১৪/১২/১৮	১৪/১২/১৮	
জিডি-৫/১৮	বৈদ্যুতিক সরঞ্জাম	২৫/১০/১৮ ০.৪৮	১২/১১/১৮ ০.৪৮	১২/১২/১৮	১২/১২/১৮	
জিডি-৬/১৮	কম্পিউটার সফটওয়্যার (এন্টিভাইরাস)	২৫/১১/১৮ ০.১১	১২/১২/১৮ ০.১১	১২/০১/১৯	১২/০১/১৯	
পণ্যের মোট মূল্য		৩৩২.৪০				
বছর-০১ (২০১৫-২০১৬)						
-	-	-	-	-	-	-
বছর-০২ (২০১৬-২০১৭)						
সেবা-২/১৬ (ক)	*প্রকল্প কার্যালয়ের জন্য ১৮ মাসের জন্য ০১ টি কার ভাড়া (জ্বালানি সহ)	০৯/১২/১৬ ১৪.৮৫	০১/০১/১৭ ১৪.৮৫	৩০/০৬/১৮	৩০/০৬/১৮	
	*প্রকল্প কার্যালয়ের জন্য ১৮ মাসের জন্য ০১ টি মাইক্রোবাস ভাড়া (জ্বালানি সহ)	০৯/১২/১৬ ১৬.২০	০১/০১/১৭ ১৬.২০	৩০/০৬/১৮	৩০/০৬/১৮	
সেবা-২/১৬ (খ)	২য় ও ৩য় বছর ০৩ মাসের জন্য ০৫ (পাঁচ) টি বহিরঙ্গান যানবাহন ভাড়া (জ্বালানি ব্যতীত)	২৪/০১/১৭ ২৯.৬১	২০/০৩/১৭ ২৯.৬১	৩০/০৬/১৮	৩০/০৬/১৮	

সেবা-৪/১৬	৩০ মিটার গভীরতা পর্যন্ত অবিকৃত পলল নমুনা সংগ্রহের জন্য দেশীয় পদ্ধতিতে ২য় ও ৩য় বছর ১০০ টি করে মোট ২০০ টি কূপ খনন	২০/০১/১৭ ১১৯.৭০	২৭/০৩/১৭ ১১৯.৭০	৩০/০৬/১৮	৩০/০৬/১৮	
সেবা-৭/১৬	বহিরঙ্গনে ব্যবহারের লক্ষ্যে ০১ মাসের জন্য ৫ টি নৌকা ভাড়া	২৭/০১/১৭ ৪.৯৫	১৯/০৪/১৭ ৪.৯৫	২৬/০৫/১৭	২৬/০৫/১৭	
সেবা-৮/১৬	নমুনা সংগ্রহের জন্য চপিং পদ্ধতিতে ২৫০ টি কূপ খনন	২৭/০১/১৭ ৪.৯৮	১৯/০৪/১৭ ৪.৯৮	২৬/০৫/১৭	২৬/০৫/১৭	
সেবার মোট মূল্য		১৯০.২৯				
বছর-০৩ (২০১৭-২০১৮)						
সেবা-১/১৬	১ জন আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ	০৩/০৪/১৭ ১৪.৭৫	২১/০৬/১৭ ১৪.৭৫	৩০/০৬/১৮	৩০/০৬/১৮	
সেবা-৫/১৭	বহিরঙ্গনে ব্যবহারের লক্ষ্যে ১ মাসের জন্য ৫ টি নৌকা ভাড়া	০৫/০২/১৮ ৪.৯৫	১৯/০২/১৮ ৪.৯৫	৩০/০৪/১৮	৩০/০৪/১৮	
সেবা-৬/১৭	নমুনা সংগ্রহের জন্য চপিং পদ্ধতিতে ২৫০ টি কূপ খনন	২৪/০১/১৮ ৪.৯৮	৩০/০১/১৮ ৪.৯৮	৩০/০৪/১৮	৩০/০৪/১৮	
সেবা-৪/১৭	দেশীয় গবেষণাগারে নমুনা বিশ্লেষণ (বিসিএসআইআর ও বিএইসি এর গবেষণাগারে)		২৫/০৭/১৭ ২৪.৬৮	১৭/১২/১৭	১৭/১২/১৭	
সেবা-০৬/১৬	দেশীয় গবেষণাগারে নমুনা বিশ্লেষণ (বিসিএসআইআর ও বিএইসি এর গবেষণাগারে)		২০/০৪/১৮ ২৭.২৩	১০/০৬/১৮	১০/০৬/১৮	
সেবার মোট মূল্য			৭৬.৫৯			
বছর-০৪ (**২০১৮-২০১৯**)						
সেবা-১/১৯	প্রকল্প কার্যালয়ের জন্য ৬ মাসের জন্য ০১ টি কার ভাড়া (জ্বালানি সহ)	০২/০৫/১৯ ৪.৯৪	০৭/০৫/১৯ ১.৬৫	৩০/০৬/১৯	৩০/০৬/১৯	
সেবার মোট			১.৬৫			

কক্সবাজারের মহেশখালী ও কুতুবদিয়ায় এবং পটুয়াখালীর পায়রায় ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে কারিগরীও অর্থনৈতিক সম্ভাব্যতা সমীক্ষা এবং ইঞ্জিনিয়ারিং সেবা কাজ সম্পাদন (১ম সংশোধিত) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : অক্টোবর ২০১৮)

১।	**প্রকল্পের নাম**	:	কক্সবাজারের মহেশখালী ও কুতুবদিয়ায় এবং পটুয়াখালীর পায়রায় ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে কারিগরী ও অর্থনৈতিক সম্ভাব্যতা সমীক্ষা এবং ইঞ্জিনিয়ারিং সেবা কাজ সম্পাদন (১ম সংশোধিত) প্রকল্প। (Techno-Economic Feasibility Study and Engineering Services for Construction of Land Based Liquefied Natural Gas (LNG) Terminal at Moheshkhali and Kutubdia, Cox's Bazar and Payra, Patuakhali (1st Revised) Project.)
২।	**প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তার নাম**	:	ড. খান মোঃ মনিরুজ্জামান, পরিচালক (উপসচিব)
৩।	**প্রকল্প পরিদর্শনের তারিখ**	:	১৫ নভেম্বর ২০২১
৪।	**প্রকল্পের অবস্থান**	:	(১) কুতুবদিয়া, কক্সবাজার এবং (২) কলাপাড়া, পটুয়াখালী **(যে ভাবে কুতুবদিয়া (কক্সবাজার) এবং কলাপাড়া (পটুয়াখালী) সমীক্ষাস্থান হিসেবে নির্বাচিত হয়:-** বিগত ১৭-১০-২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের উপস্থিতিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে পেট্রোবাংলার সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পরামর্শক প্রতিষ্ঠানের প্রাথমিক স্টাডি অনুযায়ী নির্বাচিত ৬ (ছয়) টি স্থান হতে সামগ্রিক বিবেচনায় কুতুবদিয়া (উত্তর) এবং পায়রা (কলাপাড়া) স্থান দুটিতে পুর্ণাঙ্গ সম্ভাব্যতা সমীক্ষার জন্য নির্বাচন করা হয়। সমীক্ষায় দুইটি স্থানই উপযুক্ত হিসেবে বিবেচিত হয়। পরামর্শক প্রতিষ্ঠানের সমীক্ষা অনুযায়ী, পায়রা এলাকায় অনেক ড্রেজিং প্রয়োজন হবে, যা অত্যন্ত ব্যয়বহুল। অপরদিকে, কুতুবদিয়া এলাকায় বছরের ১৪.৮৭% সময় সমুদ্রের ঢেউ ১.২ মিটারের উপরে থাকে, সুতরাং এলএনজি জাহাজ বার্থিং, আন-লোডিং এবং ডি-বার্থিং এর সময় জেটি এলাকায় সমুদ্রের ঢেউ শান্ত রাখতে Breakwater (তরঙ্গ প্রতিরোধকারী বাঁধ) প্রয়োজন হবে, যার নির্মাণকাজ অনেক ব্যয়বহুল। এছাড়া কুতুবদিয়ার মত ছোট দ্বীপে জমি অধিগ্রহণ ও ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন অনেক ব্যয়বহুল এবং সময় সাপেক্ষ। অধিকন্তু সশস্ত্র বাহিনী বিভাগ হতে জানা যায় যে, কুতুবদিয়ায় নৌ চলাচলের জন্য পাইপলাইনসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ বিপজ্জনক হবে। জ্বালানি নিরাপত্তা ও FSRU-এর অপ্রতুলতার বিষয়টি বিবেচনা করে পরামর্শক প্রতিষ্ঠান এবং JICA মাতারবাড়ি এলাকায় স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের পরামর্শ প্রদান করে।
৫।	**বাস্তবায়নকারী সংস্থা**	:	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৬।	**প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ**	:	বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় / জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৭। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল: (লক্ষ টাকা)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (অক্টোবর ২০১৮ পর্যন্ত)	বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয়ের (%)	অতিক্রান্ত সময় মূল বাস্তবায়নকালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৭৬০২.২১৫	৮২৩২.৯৬	৭৫৪০.৯৫	জানুয়ারি ২০১৭ থেকে জুলাই ২০১৮	জানুয়ারি ২০১৭ থেকে অক্টোবর ২০১৮	জানুয়ারি ২০১৭ হতে অক্টোবর ২০১৮	প্রযোজ্য নয়	১৬%

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: (লক্ষ টাকা)

কোড	অঙ্গের বিবরণ	একক	পিএফএস অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন (অক্টোবর ২০১৮ পর্যন্ত)	
			আর্থিক (বৈ.মুদ্রা)	ভৌত	আর্থিক (বৈ.মুদ্রা)	ভৌত
১	২	৩	৪	৫	৬	৭
ক) রাজস্ব						
৪৮০১	এয়ার ফেয়ার, পারডিয়াম, মিসসিলেনিয়াস ট্রাভেল এক্সপেনসেস এন্ড লোকাল ট্রাভেল ফর কনসালটেন্ট	থোক	৪৬০.৬৩ (৪৪৯.০২)	থোক	৩৩৩.৬০ (৩২৯.২৫)	থোক (১০০%)
	টিএ/ডিএ, কনভেন্স ফর কাউন্টারপার্ট পারসোনেল	থোক	৩৫.০০	থোক	৩.৫৬ *	থোক (১০০%)
৪৮১৩	ভ্যাট	থোক	৭৮৯.৪০	থোক	৭০৫.০০	থোক (১০০%)
৪৮১৪	এআইটি	থোক	১৩২৬.২৬	থোক	১১৯৩.০০	থোক (১০০%)
৪৮১৫	শিপিং অব দ্যা ডকুমেন্ট (পোষ্টেজ/কুরিয়ার)	থোক	৯.২৫ (৪.২৫)	থোক	৬.৫৩ (৪.১২)	থোক (১০০%)
৪৮১৭	ইন্টারনেট ওয়াই ফাই এন্ড স্যাটেলাইট ফোন ফর কনসালটেন্ট	থোক	২৩.৯১ (১৮.৮১)	থোক	১৯.৫৪ (১৬.৯৮)	থোক (১০০%)
	ইন্টারনেট ওয়াই ফাই ফর কাউন্টারপার্ট পারসোনেল	থোক	১.০০	থোক	- *	থোক (১০০%)
৪৮২৭	রিপোর্টস এন্ড কমিউনিকেশন ফর কনসালটেন্ট	থোক	১৯.৭৬ (১৫.২৬)	থোক	১১.৪৯ (১০.৩০)	থোক (১০০%)
৪৮২৮	কাগজ, স্টেশনারী, সিল এন্ড স্ট্যাম্প ফর কাউন্টারপার্ট পারসোনেল	থোক	০.৫০	থোক	০.৪২	থোক (১০০%)

৪৮৪০	ক্যাপাসিটি বিল্ডিং ট্রেনিং	থোক	৫৯০.৪৮ (৫৪০.৪৮)	থোক	৫৮১.৫১ (৫৩১.৫১)	থোক (১০০%)
৪৮৪৫	আপ্যায়ন	থোক	৫.০০	থোক	০.৬৭	থোক (১০০%)
৪৮৭৪	কন্সালটেন্সি সার্ভিসেস					
	ক) স্থানীয় পরামর্শক	থোক	৪৫২.৮২৪	থোক	৪২০.৮১	থোক (১০০%)
	খ) বৈদেশিক পরামর্শক	থোক	৩৩১৯.৪০ (৩৩১৯.৪০)	থোক	৩১৬৬.৩০ (৩১৬৬.৩০)	থোক (১০০%)
৪৮৮১	সিকিউরিটি ফর কনসালটেন্ট	থোক	১০.০০	থোক	১০.০০	থোক (১০০%)
৪৮৮৩	সম্মানী / ফিস / পারিতোষিক	থোক	৩.০০	থোক	০.৫৭	থোক (১০০%)
৪৮৮৬	সার্ভে এন্ড স্টাডি ফর কনসালটেন্ট	থোক	৯৪৫.২৫ (৬৯২.২৫)	থোক	৯৩২.৮১ (৬৮১.৩৮)	থোক (১০০%)
৪৮৮৮	কম্পিউটার সফটওয়ার, এক্সেসরিজ এন্ড কনসুমেবল ফর কনসালটেন্ট	থোক	১৩.২৪	থোক	১৩.২৪	থোক (১০০%)
	কম্পিউটার এক্সেসরিজ এন্ড কনসুমেবল ফর কাউন্টারপার্ট পারসোনেল	থোক	১.০০	থোক	০.৯১	থোক (১০০%)
৪৮৯৩	ইক্যুইপমেন্ট অফ কনসালটেন্ট ফর সার্ভে, ইনভেস্টিগেশন এন্ড ডাটা কালেকশন ফর কনসালটেন্ট	থোক	৪.১৭ (৪.১৭)	থোক	৪.০৩ (৪.০৩)	থোক (১০০%)
	গাড়ী ভাড়া (এসইউভি, কার, মাইক্রোবাস, স্পীড বোট, লাইফ জ্যাকেট)	থোক	১১৭.২৩৪	থোক	৭৪.০০	থোক (১০০%)
		মোট রাজস্ব	**৮১২৭.৩১ (৫০৪৩.৬৪)**	**-**	**৭৪৭৭.৯৯ (৪৭৪৩.৮৭)**	**-**
খ) মূলধন						
৬৮১৯	অফিস ইক্যুইপমেন্ট ফর কনসালটিং ফার্ম	থোক	৮৪.৮৪	থোক	৪২.১৯	থোক (১০০%)
		মোট মূলধনঃ	**১০৫.৬৫**	**-**	**৬২.৯৬**	**-**
		সর্বমোট (ক+খ)	**৮২৩২.৯৬ (৫০৪৩.৬৪)**	থোক	**৭৫৪০.৯৫ (৪৭৪৩.৮৭)**	১০০%

* পিএফএস (১ম সংশোধিত) অনুযায়ী অনুমোদিত জনবলের সংখ্যা ২১ জন হলেও ১০ জন জনবল প্রকল্পের কাজে নিয়োজিত ছিল। পরামর্শক প্রতিষ্ঠানের স্থানীয় অফিস পেট্রোসেন্টারে থাকায় অধিকাংশ কাজ পেট্রোসেন্টারে সম্পাদিত হয় এবং সাইটে প্রয়োজনমাফিক যাওয়া হয়। তৎপ্রেক্ষিতে অনুমোদিত টিএ/ডিএ ব্যয় হতে অপেক্ষাকৃত কম ব্যয় হয়েছে।

** পেট্রোসেন্টারের এলএনজি সেল প্রকল্প অফিস হিসেবে ব্যবহৃত হওয়ায় এবং পেট্রোসেন্টারে ইন্টারনেট, ওয়াই-ফাই সুবিধা থাকায় এ খাতে কোন ব্যয় হয়নি।

৯। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** কোন কাজ অসমাপ্ত নেই।

১০। **পটভূমিঃ**

গ্যাস সংকট নিরসনের চ্যালেঞ্জ মোকাবেলা, দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ক্রমবর্ধমান অর্থনৈতিক প্রবৃদ্ধি অব্যাহত রাখার লক্ষ্যে সরকার তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (LNG) আমদানীর সিদ্ধান্ত গ্রহণ করে। গ্যাস সেক্টর মাস্টার প্ল্যান অনুযায়ী, ২০২৪-২৫ সাল নাগাদ গ্যাসের চাহিদা হবে আনুমানিক দৈনিক ৫,০৭৮ মিলিয়ন ঘনফুট, দেশীয় উৎস হতে উৎপাদন হবে আনুমানিক দৈনিক ২,৭৫৮ মিলিয়ন ঘনফুট এবং ঘাটতি থাকবে আনুমানিক দৈনিক ২,৩২০ মিলিয়ন ঘনফুট। সরকার সারা দেশব্যাপী অর্থনৈতিক অঞ্চল স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে। উক্ত অর্থনৈতিক অঞ্চলসমূহের শিল্প কারখানায় প্রচুর পরিমাণে গ্যাসের প্রয়োজন হবে। এছাড়া, শিল্প ও বিদ্যুৎ খাতে গ্যাসের চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় সরকার এলএনজি আমদানির সিদ্ধান্ত গ্রহণ করে। জ্বালানির ঘাটতি পূরণে বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে সরকার বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ প্রণয়ন করেছে। উক্ত বিশেষ বিধানের আওতায় কক্সবাজারের মহেশখালীতে দৈনিক ৫০০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন দুইটি ভাসমান এলএনজি টার্মিনাল (FSRU) এর মাধ্যমে জাতীয় গ্যাস গ্রীডে গ্যাস/RLNG সরবরাহ করা হচ্ছে। সামুদ্রিক বিরুপ আবহাওয়ায় ভাসমান এলএনজি টার্মিনাল (FSRU) হতে গ্যাস সরবরাহ বিঘ্নিত হওয়ার সম্ভাবনা থাকায় সুষ্ঠ সুন্দরভাবে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ অব্যাহত রাখা এবং ভবিষ্যত গ্যাসের ঘাটতি নিরসনে একটি স্থায়ী সমাধানের উদ্দেশ্যে সরকার দৈনিক ১০০০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল (Land Based LNG Terminal) নির্মাণের পরিকল্পনা গ্রহণ করে। এমতাবস্থায় প্রকল্পটির যৌক্তিকতা নিরূপণে সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) করা আবশ্যক বিধায় আলোচ্য প্রকল্পটি গৃহিত হয়েছে।

১১। উদ্দেশ্য ও বিবেচ্য বিষয়াবলী:

ক্র: নং	উদ্দেশ্য	বিবেচ্য বিষয়াবলী
১।	গ্যাস সংকট নিরসনের চ্যালেঞ্জ মোকাবেলা, দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ক্রমবর্ধমান অর্থনৈতিক প্রবৃদ্ধি অব্যাহত রাখার লক্ষ্যে BOOT (Built Own Operate and Transfer) ভিত্তিতে স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে উপযুক্ত স্থান নির্ধারণ	- দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা মেটানো - নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিতকরণ - দেশের সুষম উন্নয়নের স্বার্থে দেশের দুই প্রান্তে স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের জন্য মহেশখালি, কুতুবদিয়া ও পায়রায় দুইটি উপযুক্ত স্থান নির্বাচন
২।	কারিগরী ও অর্থনৈতিক সম্ভাব্যতা সমীক্ষা	- Techno-economic Feasibility Study সম্পাদন - পরিবেশগত সমীক্ষা (EIA) সম্পাদন - Relocation and Resettlement Study সম্পাদন - Project Cost Estimate with Financial & Economic Analysis সম্পাদন
৩।	ইঞ্জিনিয়ারিং সেবা কাজ সম্পাদন।	- Pre-Front End Engineering

ক্র: নং	উদ্দেশ্য	বিবেচ্য বিষয়াবলী
		Design (Pre-FEED) সম্পাদন - RFP Document for Selecting Terminal Developer on BOOT basis প্রস্তুতকরণ

১২। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

ক) প্রকল্প অনুমোদনের তারিখ : ০৪-০৫-২০১৭ খ্রি:

খ) ১ম সংশোধিত প্রকল্প অনুমোদনের তারিখ: ১২-০৮-২০১৮ খ্রি:
(মার্কিন ডলারের বিনিময় হার বৃদ্ধি বিবেচনায় ব্যয় বৃদ্ধি ও পরামর্শক প্রতিষ্ঠানের সর্বশেষ বিল প্রক্রিয়াকরণের জন্য মেয়াদ বৃদ্ধি করা হয়)।

১৩। প্রকল্পের আর্থিক অগ্রগতি:

লক্ষ টাকায়

অর্থবছর	এডিপি বরাদ্দ			অবমুক্তি	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	প্র: সা:		মোট	টাকা	প্র: সা:	
১	২	৩	৪	৬	৭	৮	৯	১০
২০১৭-১৮	৪৫৭২.০০	৪৫৭২.০০	-	-	৪২৬৯.৪৪	৪২৬৯.৪৪	-	৩০২.৫৬
২০১৮-১৯	৩২৭২.০০	৩২৭২.০০	-	-	৩২৭১.৫১	৩২৭১.৫১	-	০.৪৯
মোট	৭৮৪৪.০০	৭৮৪৪.০০	-	-	৭৫৪০.৯৫	৭৫৪০.৯৫		৩০৩.০৫

১৪। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণঃ

বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ তৈল, গ্যাস এবং খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) কর্তৃক বাস্তবায়িত "কক্সবাজারের মহেশখালী ও কুতুবদিয়ায় এবং পটুয়াখালীর পায়রায় ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে কারিগরী ও অর্থনৈতিক সম্ভাব্যতা সমীক্ষা এবং ইঞ্জিনিয়ারিং সেবা কাজ সম্পাদন (১ম সংশোধিত)" প্রকল্পটির সমাপ্ত প্রতিবেদন মূল্যায়নের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমইডি'র সেক্টর-১ এর পরিচালক (উপসচিব) জনাব ড. খান মোঃ মনিরুজ্জামান ১৫/১১/২০২১ তারিখে পেট্রোবাংলায় অবস্থিত প্রকল্প অফিস পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিস্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে প্রকল্পের মূল কার্যক্রম নিয়ে আলোচনা-পর্যালোচনা করা হয়।

<u>প্রকল্পের মূল কার্যক্রম</u>

1. Techno-economic Feasibility Study
2. Field Data Collection
3. Environmental Impact Analysis (EIA) Study
4. Relocation and Resettlement Study
5. Pre-Front End Engineering Design (Pre-FEED)
6. RFP Document for Selecting Terminal Developer on BOOT basis
7. Project Cost Estimate with Financial & Economic Analysis
8. Client Team LNG Capacity Building

1) **Techno-economics Feasibility Study :**

High availability of gas send-out I National Energy Security বিবেচনায় বিশ্বে প্রচলিত স্থলভিত্তিক এলএনজি টার্মিনালের আদলে Reliable storage and Regasification Terminal পরিকল্পনা করা হয়েছে| কুতুবদিয়া ও পায়রার প্রস্তবিত স্থানে সাগরের পানিতে Suspended Solid এর পরিমাণ ৮০ পিপিএম এর অধিক হওয়ায় বিশ্বে অধিক প্রচলিত ORV (Open Rack Vaporizer) ব্যবহার করা সম্ভব হবে না। এজন্য পরামর্শক প্রতিষ্ঠান কুতুবদিয়া ও পায়রায় প্রস্তাবতি স্থানের জন্য IFV (Intermediate Fluid Vaporizer) নির্বাচন করেছেন। সাধারণত এলএনজি সরবরাহকারী জাহাজ Berthing, LNG Unloading I de-berthing এর নিমিত্ত বছরের ৯৮% সময় জুড়ে জেটি এলাকায় কার্যক্রম পরিচালনার জন্য তরঙ্গ উচ্চতা ১.২ মিটার এর নিচে থাকা আবশ্যক। কিন্তু কুতুবদিয়ায় Site Data Collection I Marine Studies- এর পর দেখা যায় যে, কুতুবদিয়ার প্রস্তাবতি স্থানে বছরের ১৪.৮৭% সময় জুড়ে তরঙ্গ উচ্চতা ১.২ মিটারের বেশি থাকে। ফলে এলএনজি সরবরাহকারী জাহাজ Berthing, LNG Unloading I de-berthing এর জন্য উক্ত জেটি এলাকা শান্ত রাখার নিমিত্তে Breakwater প্রয়োজন হবে। এছাড়া, কুতুবদিয়ার প্রস্তাবতি স্থানে অল্প পরিমাণে Initial Dredging প্রয়োজন হবে। পায়রার প্রস্তাবতি স্থানে Breakwater প্রয়োজন হবে না, কিন্তু Approach Channel সহ প্রচুর পরিমাণে Dredging এর প্রয়োজন হবে মর্মে জানা যায়।

2) **Field Data Collection :**

ন্যাশনাল হাইড্রোগ্রাফিক কমিটি, নৌ সদর দপ্তর, বনানী, ঢাকা হতে অনাপত্তি গ্রহণের পর কুতুবদিয়া ও পায়রার প্রস্তাবিত স্থানে ডাটা সংগ্রহ ও জরিপ কার্যক্রম সম্পাদন করা হয়েছে| পরামর্শক প্রতিষ্ঠানের নির্দেশনা ও নিয়ন্ত্রণে তাদের নিয়োজিত Sub-contractor (Institute of Water Modeling, Bangladesh-IWM, Ground Instrumentation & Engineering Pte. Ltd. GIE, Development Design Consultants, Bangladesh-DDC) এর মাধ্যমে কুতুবদিয়া ও পায়রার প্রস্তাবতি স্থানের ডাটা সংগ্রহ ও জরিপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে| ডাটা সংগ্রহ ও জরিপ কার্যক্রমের অংশ হিসাবে Seabed Sampling, Bathymetric Survey, Tides, Waves and Current Observation, SS survey, Deep Water well Survey, Storm Surge Analysis ইত্যাদি সম্পাদন করা হয়েছে প্রকল্প পরিচালক জানান|

3 & 4) **Environmental Impact Analysis (EIA) Study and Relocation and Resettlement Study :**

পরিবেশ অধিদপ্তর হতে TOR for Environmental Impact Assessment (EIA) অনুমোদনের পর EIA কার্যক্রম সম্পাদন করা হয়। পরামর্শক প্রতিষ্ঠানের নির্দেশনা ও নিয়ন্ত্রণে তাদের নিয়োজিত Sub-contractor (Integrated Risk, Environment & Safety Consultants, Hongkong-IRESC), Adroit Environment Consultants Ltd, Bangladesh) এর Sr. Ecologist/Environmental list I Sr. Environmental Engineer কর্তৃক কুতুবদিয়া ও পায়রার প্রস্তাবতি স্থানে ডাটা সংগ্রহ ও জরিপ কার্যক্রম সম্পাদন করা হয়। এছাড়া, কুতুবদিয়া ও পায়রার প্রস্তাবতি স্থানের স্থানীয় জনসাধারণ, জনপ্রতিনিধি, সংশ্লিষ্ট সকল সরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে পরিবেশ ও সামাজিক সচেতনতা বিষয়ক মত বিনিময় সভা আয়োজন করা হয়ছেলি। সংগৃহীত ডাটা ও মত বিনিময় সভার আলোকে পরামর্শক প্রতিষ্ঠান RPF (Resettlement Policy Framework), EIA (Environmental Impact Assessment) প্রতিবেদন দাখিল করেছেন। পরামর্শক প্রতিষ্ঠান পরিবেশ অধিদপ্তর, বাংলাদেশ এর চাহিদা/নির্দেশনা মোতাবেক EIA Study সম্পাদন করেছে এবং তারা জানান যে, International Funding/Financing Agency থেকে প্রকল্পের জন্য আর্থিক সহযোগিতা

প্রয়োজন হলে তাদের চাহিদা/নির্দেশনা মোতাবেক BOOT developer কর্তৃক EIA update করতে হবে।

5) **Pre-Front End Engineering Design (Pre-FEED) :**

পরামর্শক প্রতিষ্ঠান Pre-FEED যে সব কার্যক্রম সম্পদন করেছে: Determination of design basis and design philosophy (such as, Terminal Capacity, Overall design and operating philosophy, Future expansion philosophy, Layout philosophy etc.). Applicable Codes and Standards. LNG receiving terminal design (Process design, LNG tank capacity study, layout study, Marine facility design, Connecting Pipeline study).

6) **RFP Document for Selecting Terminal Developer on BOOT basis:**

পরামর্শক প্রতিষ্ঠান কুতুবদিয়া ও পায়রার RFP Document for Selecting Terminal Developer on BOOT basis সংশ্লিষ্ট বিভিন্ন ডকুমেন্ট যেমন-TUA (Terminal Use Agreement), IA (Implementation Agreement), LLA (Land Lease Agreement) এর খসড়া এবং সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি সম্বলিত প্রতিবেদন দাখিল করছে এবং RFP Document এর বিভিন্ন বিষয়াদি নিয়ে পেট্রোবাংলা, আরপিজিসিএল ও আরপিজিসিএল পরামর্শক Monenco, Iran- এর সাথে অনুষ্ঠিত সভায় আলোচনা-পর্যালোচনা করা হয়। উক্ত আলোচনা মোতাবেক পরামর্শক প্রতিষ্ঠান প্রয়োজনীয় সংশোধনপূর্বক সংশোধিত ডকুমেন্ট দাখিল করেছে।

7) **Project Cost Estimate with Financial & Economic Analysis :**

Project Cost Estimate:

পরামর্শক প্রতিষ্ঠানের Inhouse Data ও সম্প্রতি এশিয়ায় নির্মিত সক্ষমতার এলএনজি টার্মিনালের নির্মাণ ব্যয় বিবেচনা করে পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্পের Capital Expenditure (CAPEX) হিসাব করছে।

	Kutubdia	Payra
CAPEX (MMUSD)	1,300	1,255
OPEX (MMUSD)/year	39.8	50.1

উল্লখেযোগ্য যে, পায়রায় স্থানে ড্রেজিং এর পরিমাণ অনেক বেশি হওয়ায় পায়রা বন্দর র্কতৃপক্ষরে মাস্টার প্ল্যান উল্লেখিত ১০ টি প্রকল্প কর্তৃক ড্রেজিং এর খরচ Share বিবেচনায় পরামর্শক প্রতিষ্ঠান পায়রা প্রকল্পের খরচ হিসাব করেছে এবং পায়রা প্রকল্পের জন্য গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ ব্যয় ব্যতিরেকে প্রকল্পের খরচ হিসাব করেছে।

8. Client Team LNG Capacity Building:

বাংলাদেশে এলএনজি টার্মিনাল নির্মাণ ও পরিচালনায় প্রয়োজনীয় জ্ঞানসম্পন্ন এবং দক্ষ জনবল না থাকায় আলোচ্য প্রকল্পের আওতায় এলএনজি টার্মিনাল পরিচালনা এবং রক্ষণাবেক্ষেণ বিষয়ে Capacity Building তথা মানবসম্পদ উন্নয়ন করার উদ্দেশ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, আইএমইডি, পরিকল্পনা কমিশন, অর্থ বিভাগের মনিটরিং সেল, পেট্রোবাংলা এবং পেট্রোবাংলার সংশ্লষ্টি কোম্পানীসমূহ হতে মনোনীত প্রশক্ষিার্নাথীদের নিয়ে পরামর্শক প্রতিষ্ঠান TGES এর তত্ত্বাবধানে দুইটি গ্রুপে মোট ৪১ (একচল্লশি) জন কর্মকর্তাকে প্রাথমিক জ্ঞান আহরণের জন্য প্রথমে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়। স্থানীয় প্রশিক্ষণ সমাপ্তির পর চারটি গ্রুপে মোট ৩৯ (উনচল্লিশ) জন কর্মকর্তাকে উচ্চতর জ্ঞান আহরণ ও বিদ্যমান এলএনজি টার্মিনাল পরিদর্শনের জন্য বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়ছে।

১৫। ক্রয় কার্যক্রম সংক্রান্ত:

প্রকল্পটি "বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০" এর আওতায় গ্রহণ করা হয়। উক্ত আইনের আওতায় প্রস্তাব প্রক্রিয়াকরণ কমিটি (পিপিসি) এর মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে।

পণ্য, নির্মাণ ও সেবা ক্রয়ের বিবরণ	দরপত্র মূল্য (কোটি টাকা)		টেন্ডার/বিড/প্রপোজাল		কাজ সমাপ্তির তারিখ	
	পিএফএস অনুযায়ী	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
১	২	৩	৪	৫	৬	৭
পরামর্শক সেবা: বৈদেশিক পরামর্শক (৪২ জন, ১২৯ জনমাস),স্থানীয় পরামর্শক (১৭ জন, ১৪৮ জনমাস),এয়ার ফেয়ার (৭২ রাউন্ড ট্রিপ), বিবিধ যাতায়াত, প্রতিবেদন দাখিল, সার্ভে, ডাটা সংগ্রহ, সাব-কন্ট্রাক্ট, ক্যাপাসিটি বিল্ডিং ট্রেনিং ইত্যাদি	৮২.৩২	৬১.২৭	০৫-০৬-২০১৬	১৬-০৭-২০১৭	৩০-১০-২০১৮	৩০-১০-২০১৮

১৬। প্রকল্পের ব্যবহৃত গাড়ি সম্পর্কিত তথ্য: প্রকল্পের আওতায় পরামর্শক প্রতিষ্ঠান Tokyo Gas Engineering Solutions Corporation (TGES), Japan ও Nippon Koei Co. (NK), Japan সমন্বয়ে গঠিত Joint Venture (TGES-NK JV)কর্তৃক ডাটা সংগ্রহের জন্য যাতায়াত এবং প্রকল্প পরিচালক ও প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাদের যাতায়াতের জন্য প্রকল্পের পিএসএস এ ৪ (চার) টি Sport Utility Vehicle (SUV), ২ (দুই) টি কার, ৩ (তিন) টি মাইক্রোবাস ভাড়া করা ও লাইফ জ্যাকেট ক্রয় (পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত) এবং স্পিড বোট ভাড়া করার জন্য ১১৭.২৩৪ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ১ (এক) টি Sport Utility Vehicle (SUV), ২ (দুই) টি কার, ১ (এক) টি মাইক্রোবাস ভাড়া করা ও লাইফ জ্যাকেট ক্রয় (পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত) এবং স্পিড বোট ভাড়া বাবদ ব্যয় হয়েছে ৭৪.০০ লক্ষ টাকা। উল্লেখ্য, গাড়ি এবং স্পিড বোড পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক শুধু প্রকল্প চলাকালীন সময়ের জন্য ভাড়া করা হয়, যা পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক বিল দাখিল সাপেক্ষে পরিশোধ করা হয়।

১৭। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
মো: শাহ আলম উপ-মহাব্যবস্থাপক	✓	-	২৫-০৭-২০১৭	-	-

১৮। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রযোজ্য নয়।

১৯। অডিট: ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থ বছরে এজি অডিট অফিস অত্র প্রকল্পের অডিট সম্পন্ন করেছে। কিন্তু এখনও পর্যন্ত চূড়ান্ত প্রতিবেদন পাওয়া যায়নি মর্মে জানা যায়। এমতাবস্থায় অডিট আপত্তি আছে কিনা তা স্পষ্ট নয় যা পিসিআর প্রতিবেদনেও প্রতিফলিত হয়েছে।

মন্তব্য: অডিট সম্পন্ন হওয়ার প্রায় ২/৩ বছর অতিবাহিত হওয়ার পরও চূড়ান্ত প্রতিবেদন পাওয়া যায়নি। কাল বিলম্বের হেতু-কারণ খুবই অস্পষ্ট।

২১। প্রকল্প বাস্তবায়ন সমস্যা :

২১.১ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রকল্পটির মূল মেয়াদকাল জানুয়ারি ২০১৭ হতে জুলাই ২০১৮ পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে মার্কিন ডলারের বিনিময় হার বৃদ্ধি বিবেচনায় ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয় এবং পরামর্শক প্রতিষ্ঠানের সর্বশেষ বিল প্রক্রিয়াকরণের নিমিত্ত মেয়াদ বৃদ্ধির জন্য প্রকল্পটি একবার সংশোধন করা হয় এবং ৩ (তিন) মাস মেয়াদ বৃদ্ধি করে জানুয়ারি ২০১৭ হতে অক্টোবর ২০১৮ পর্যন্ত নির্ধারণ করা হয়। সংশোধিত মেয়াদকাল অক্টোবর ২০১৮ এর মধ্যে প্রকল্পটি সম্পন্ন হয়েছে। সে বিবেচনায় ১৬% টাইম ওভার-রান হয়েছে। তবে ব্যয় বৃদ্ধি হয়নি।

২১.২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতিসমূহ (কম্পিউটার, চেয়ার, টেবিল, এসি ইত্যাদি) পরিদর্শন করা হয়। এগুলোর গায়ে প্রকল্পে নামখঁচিত কোন প্রকার স্টিকার লাগানো হয়নি মর্মে পরিলক্ষিত হয়। এক্ষেত্রে যন্ত্রপাতিসমূহে প্রকল্পের নামখঁচিত স্টিকার লাগানোর জন্য পরামর্শ প্রদান করা হয়।

২১.৩ মৌসুমী বন্যা ও সাইক্লোন হতে সুরক্ষার জন্য কুতুবদিয়া ও পায়রার নির্বাচিত স্থান উঁচু করতে হবে। কুতুবদিয়ার নির্বাচিত স্থান ১০ মিটার উচু করতে হবে, সময় লাগবে প্রায় ২.৫ বছর এবং পায়রার নির্বাচিত স্থান ৮.৫ মিটার উঁচু করতে হবে, সময় লাগবে প্রায় ২.০ বছর। Commercial Operation সময়কাল ২০ বছর। কুতুবদিয়ার প্রস্তাবিত Jetty Area শান্ত রাখা এবং সুষ্ঠভাবে কার্যক্রম সম্পন্নের জন্য Breakwater প্রয়োজন হবে এবং পায়রার প্রস্তাবিত স্থানে Approach Channel সহ প্রচুর পরিমাণে Dredging (Initial and Maintenance Dredging) এর প্রয়োজন হবে র্মমে জানা যায়।

২২. প্রকল্পের অগ্রগতিঃ প্রকল্পের শুরু হতে অক্টোবর ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ৭৫৪০.৯৫ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৯১.৫১% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

২৩. পরামর্শক প্রতিষ্ঠানের Economic ও Financial Analysis অনুযায়ী প্রকল্পের IRR, NPV ও BCR নিম্নরুপ :

	কুতুবদিয়া টার্মিনালের জন্য (Cases : Cost of Equity)			পায়রা টার্মিনালের জন্য (Cases : Cost of Equity)		
	5.0%	10.0%	15.0%	5.0%	10.0%	15.0%
Project Financial Internal Rate of Return (FIRR)	4.8%	7.5 %	10.3%	5.0%	7.9%	10.4%
Equity Internal Rate of Return (EIRR)	5.5%	10.0 %	15.3%	5.1%	10.2%	15.1%
Net Present Value (MMUSD)	127.2	281.3	437.5	132.2	294.7	388.1
Payback Period (Year)	17.08	14.08	12.11	16.06	13.05	11.01
Benefit Cost Ratio	1.16	1.25	1.49	1.11	1.20	1.25

Result of Economic and Financial Analysis

কুতুবদিয়ায় প্রস্তাবিত টার্মিনালের জন্য :

Particular	Cases: Cost of Equity		
	5.0%	10.0%	15.0%
Required Annual Payment for Terminal Use (MMUSD)	145.0	205.0	280.0
Required Payment for Operation Expense (1st year in operation) (MMUSD)	44.8	44.8	44.8
Total Annual Payment (1st year in operation) (MMUSD)	189.8	249.8	324.8
Annual Payment/ Expected Gas Through-put (MMUSD/MMBTU)	0.473	0.622	0.809
Project Financial Internal Rate of Return (FIRR)	4.8%	7.5%	10.3%
Equity Internal Rate of Return (EIRR)	5.5%	10.0%	15.3%
Weighted Average Cost of Capital (WACC)	4.0%	5.5%	7.0%
Cost of Equity	5.0%	10.0%	15.0%
Net Present Value (MMUSD)	127.2	281.3	437.5
Payback Period (Year)	17.08	14.08	12.11
Benefit Cost Ratio (ratio)	1.16	1.25	1.49

পায়রায় প্রস্তাবিত টার্মিনালের জন্য :

Particular	Cases: Cost of Equity		
	5.0%	10.0%	15.0%
Required Annual Payment for Terminal Use (MMUSD)	135.0	190.0	245.0
Required Payment for Operation Expense (1st year in operation) (MMUSD)	55.31	55.31	55.31
Total Annual Payment (1st year in operation) (MMUSD)	190.3	245.3	300.3
Annual Payment/ Expected Gas Through-put (MMUSD/MMBTU)	0.474	0.611	0.748
Project Financial Internal Rate of Return (FIRR)	5.0%	7.9%	10.4%
Equity Internal Rate of Return (EIRR)	5.1%	10.2%	15.1%
Weighted Average Cost of Capital (WACC)	4.0%	5.5%	7.0%
Cost of Equity	5.0%	10.0%	15.0%
Net Presenta Value (MMUSD)	132.2	294.7	388.1
Paybacl Period (Year)	16.06	13.05	11.01
Benefit Cost Ratio (ratio)	1.11	1.20	1.25

মন্তব্য: IRR, NPVও BCR এর প্রাপ্ত তথ্য উপাত্ত হতে এটা স্পষ্ট প্রতীয়মান হয় যে, গ্রহণকৃত প্রকল্পটির বাস্তবায়ন যথোপযুক্ত ও বাস্তব সম্মত।

২৪. **ফলাফল:** পরামর্শক প্রতিষ্ঠান স্বাক্ষরিত চুক্তির TOR অনুযায়ী সকল কার্যক্রম সম্পাদন করে। প্রাথমিক স্টাডি হিসাবে মহেশখালি, কুতুবদিয়া ও পায়রায় ৬ (ছয়) টি স্থান নির্বাচন করে। সামগ্রিক বিবেচনায় ৬ (ছয়) টি স্থান হতে কুতুবদিয়া (উত্তর) এবং পায়রা (দক্ষিণ) স্থান দুটিতে পূর্নাঙ্গ সম্ভাব্যতা সমীক্ষার জন্য নির্বাচন করা হয়। প্রস্তাবিত স্থান দুইটিতে ডাটা সংগ্রহ, জরিপ কার্যক্রম এবং Environmental Impact Assessment (EIA) সম্পাদন করা হয়। এছাড়া, Pre-FEED ডকুমেন্ট তৈরী করে এবং Financial, Economic Risk Analysis সম্পাদন করে। পরামর্শক প্রতিষ্ঠান প্রকল্প সংশ্লিষ্ট ২৩৭ (দুইশত সাইত্রিশ) টি ডকুমেন্ট দাখিল করে। বিস্তারিত স্টাডি করার পর উক্ত দুইটি স্থান স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের জন্য উপযুক্ত (Feasibile) মর্মে পরামর্শক প্রতিষ্ঠান তাদের রিপোর্টে উল্লেখ করে। পরামর্শক প্রতিষ্ঠানের সমীক্ষা অনুযায়ী, পায়রা এলাকায় অনেক ড্রেজিং প্রয়োজন হবে, যা অত্যন্ত ব্যয়বহুল। অপরদিকে, কুতুবদিয়া এলাকায় বছরের ১৪.৮৭% সময় সমুদ্রের ঢেউ ১.২ মিটারের উপরে থাকে, সুতরাং এলএনজি জাহাজ বার্থিং, আন-লোডিং এবং ডি-বার্থিং এর সময় জেটি এলাকায় সমুদ্রের ঢেউ শান্ত রাখতে Breakwater (তরঙ্গ প্রতিরোধকারী বাঁধ) প্রয়োজন হবে, যার নির্মাণকাজ অনেক ব্যয়বহুল। এছাড়া কুতুবদিয়ার মত ছোট দ্বীপে জমি অধিগ্রহণ ও ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন অনেক ব্যয়বহুল এবং সময় সাপেক্ষ হবে। এছাড়া, যেহেতু পায়রার প্রস্তাবিত স্থানে Approach Channel সহ প্রচুর পরিমাণে Dredging (Initial and Maintenance Dredging) এর প্রয়োজন হবে এবং আশা করা যায় যে, পায়রা বন্দর কর্তৃপক্ষ তাদের বন্দর কার্যক্রমের জন্য Dredging এর প্রাথমিক কার্যক্রম গ্রহণ করবে এবং পায়রা বন্দর কর্তৃপক্ষের মাস্টার প্লানে উল্লেখিত ১০ টি প্রকল্প কর্তৃক ড্রেজিং-এর খরচ বহনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ সময়সাপেক্ষ, সেহেতু পরামর্শক প্রতিষ্ঠান প্রথমে কুতুবদিয়ায় স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের পরিকল্পনা গ্রহণের সুপারিশ করে। পরামর্শক প্রতিষ্ঠান প্রস্তাবিত কুতুবদিয়া এলএনজি টার্মিনালে ছোট জাহাজে এলএনজি সরবরাহের সুবিধাদি সংযোজনের সুপারিশ করে, যাতে ৮-১০ মিটার গভীরতা সম্পন্ন চট্রগ্রাম বা মংলা বন্দরে কুতুবদিয়া এলএনজি টার্মিনাল হতে ছোট জাহাজে এলএনজি সরবরাহ করা যায়। এক্ষেত্রে চট্রগ্রাম বা মংলা বন্দরে উক্ত এলএনজি গ্রহণের জন্য টার্মিনাল নির্মাণ করতে হবে। সেক্ষেত্রে কুতুবদিয়া এলএনজি টার্মিনাল শুধুমাত্র LNG receiving terminal হবে না, LNG hub terminal হবে, যেখানে ছোট জাহাজে এলএনজি সরবরাহের জন্যও Loading Facility রাখা যেতে পারে মর্মে পরামর্শক প্রতিষ্ঠান জানায়। পরামর্শক প্রতিষ্ঠান আরও উল্লেখ করে যে, যদি সুনামি বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগে কুতুবদিয়া বা মহেশখালী এলাকা ক্ষতিগ্রস্ত হয়, সেক্ষেত্রে চট্রগ্রাম বা মংলা বন্দর এলাকায় প্রস্তাবিত টার্মিনালে জরুরি বিবেচনায় থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্ডিয়া বা সিঙ্গাপুর হতে ছোট জাহাজে সরবরাহকৃত এলএনজি গ্রহণ করা যেতে পারে।

২৫। **এক নজরে পরিদর্শনের কিছু স্থির চিত্র:**



চিত্র-১: পরামর্শক কর্তৃক প্রণীত সংরক্ষিত স্টাডি রিপোর্ট পর্যালোচনা



চিত্র-২: প্রকল্পের সার্বিক অবস্থা নিয়ে প্রকল্প পরিচালকের সাথে মত বিনিময়

	
চিত্র-৩: প্রকল্প হতে সংগৃহিত কম্পিউটার যন্ত্রাংশ পর্যবেক্ষণ	**চিত্র-৪: প্রকল্প হতে সংগৃহীত এসি পর্যবেক্ষণ**

২৬। সুপারিশসমূহ:

২৬.১ পায়রা বন্দর কর্তৃপক্ষ তাদের বন্দর কার্যক্রমের জন্য Dredging এর প্রাথমিক কার্যক্রম ও কুতুবদিয়ায় স্থলভিত্তিক এলএনজি টার্মিনাল নির্মাণের পরিকল্পনার বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাকে খতিয়ে দেখে ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে;

২৬.২ ৮-১০ মিটার গভীরতা সম্পন্ন চট্রগ্রাম বা মংলা বন্দরে কুতুবদিয়া এলএনজি টার্মিনাল হতে ছোট জাহাজে এলএনজি গ্যাস সরবরাহের জন্য সুবিধাদি সংযোজনের বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

২৬.৩ সুনামী বা অন্য কোন প্রাকৃতিক দুর্যোগে কুতুবদিয়া বা মহেশখালী এলাকা ক্ষতিগ্রস্ত হলে চট্রগ্রাম বা মংলা বন্দর এলাকায় প্রস্তাবিত টার্মিনালে জরুরী বিবেচনায় থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্ডিয়া বা সিঙ্গাপুর হতে ছোট জাহাজে সরবরাহকৃত এলএনজি গ্রহণ করা যেতে পারে।

২৬.৪. মৌসুমী বন্যা ও সাইক্লোন হতে সুরক্ষার জন্য কুতুবদিয়া ও কলাপাড়ার নির্বাচিত স্থান ১০ মিটার উঁচুসহ কুতুবদিয়ার প্রস্তাবিত স্থানের Jetty Area শান্ত রাখা এবং সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্নের জন্য Breakwater এবং কলাপাড়ায় প্রস্তাবিত স্থানে Approach Channel সহ প্রচুর পরিমাণে Dredging এর বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করে ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে;

২৬.৫ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতিসমূহের (কম্পিউটার, চেয়ার, টেবিল, এসি ইত্যাদি) গায়ে প্রকল্পের নামখঁচিত স্টিকার সেঁটে ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আইএমইডি'কে অবহিত করতে হবে;

২৬.৬ অডিট কর্তৃপক্ষ কর্তৃক অডিটের চূড়ান্ত প্রতিবেদন সংগ্রহপূর্বক ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আবশ্যিকভাবে আইএমইডি'তে প্রেরণ করতে হবে।

২৭। উপরোক্ত সুপারিশের আলোকে গৃহিত ব্যবস্থাদির বিষয়ে আগামী ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে আইএমইডি'কে অবহিত করতে হবে।